# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Bhadra 27, 1433 Bangla, September 11, 2026, Friday, No.248, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has assured countrymen of a swift resolution to current gas & electricity situation, announcing that several immediate measures are being taken to tackle the prevailing crisis. [R. Today: 28]

Prime Minister has urged students to show love and care for all animals alongside protecting nature and the environment. [Jago FM: 19]

State Minister for Foreign Affairs has informed that Bangladesh Prime Minister Tarique Rahman or any other representative will not participate in the BRICS Summit to be held in India. [BBC: 07]

Bangladesh has strongly condemned Israel's plan to advance settlement construction in the E1 area of occupied West Bank. [Jago FM: 24]

Health Minister has informed that government will resume nationwide measles vaccination campaign from September 25 as part of efforts to contain ongoing outbreak. [R. Today: 26]

Seven more people have died across country with suspected measles. [BBC: 09]

Six people died of dengue and 1,492 were hospitalised after being infected with dengue in last 24 hours. [R. Today: 34]

A foreign-flagged cargo ship docked for repairs at a port in eastern China caught fire, killing 25 people. [BBC: 35]

At least 5 people have died and 87 are missing after a fire broke out on a ferry in the Philippine province of Palawan. [DW: 12]

United States and Iran are trading attacks targeting vessels around the Strait of Hormuz, fueling concerns that ongoing conflict could further escalate and have even more serious consequences.[NHK: 10]

| Director: 44813046 | Deputy News Controller: 44813048<br>44813179 | Assistant News Controller: 44813047<br>44813178 |
|---|---|---|

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ভাদ্র ২৭, বাংলা ১৪৩৩, সেপ্টেম্বর ১১, ২০২৬, শুক্রবার, নং- ২৪৮, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান দেশে বিদ্যমান গ্যাস ও বিদ্যুৎ সংকট মোকাবিলায় একাধিক তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণের কথা জানিয়ে দ্রুতই এই পরিস্থিতি থেকে উত্তরণে দেশবাসীকে আশ্বস্ত করেছেন। [রে. টুডে: ২৮]

প্রকৃতি ও পরিবেশ রক্ষার পাশাপাশি সব প্রাণীর প্রতি ভালোবাসা প্রদর্শন এবং যত্নশীল হতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী। [জাগো এফএম: ১৯]

ভারতে আসন্ন ব্রিকস সম্মেলনে অংশ নিচ্ছেন না বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান, এমনকি ঢাকার কোনো প্রতিনিধিও অংশ নেবেন না বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। [বিবিসি: ০৭]

ফিলিস্তিনি ভূখণ্ডে অধিকৃত পশ্চিম তীরের ই-১ এলাকায় বসতি স্থাপন সম্প্রসারণে ইসরায়েলের পরিকল্পনার তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ। [জাগো এফএম: ২৪]

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী বলেছেন, হামের সংক্রমণ মোকাবিলায় আগামী ২৫ সেপ্টেম্বর থেকে দেশে আবারও হামের টিকাদান কার্যক্রম শুরু হচ্ছে। [জাগো এফএম: ২৬]

সারাদেশে হামের উপসর্গ নিয়ে আরও সাত জনের মৃত্যু। [বিবিসি: ০৯]

গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে ছয়জনের মৃত্যু হয়েছে। একই সময়ে দেশের বিভিন্ন হাসপাতালে ১ হাজার ৪৯২ জন ভর্তি হয়েছে। [রে. টুডে: ৩৪]

চীনের পূর্বাঞ্চলের একটি বন্দরে নোঙর করা বিদেশি পতাকাবাহী একটি কার্গো জাহাজে অগ্নিকাণ্ডে অন্তত ২৫ জন নিহত হয়েছেন। [বিবিসি: ৩৫]

ফিলিপাইনের পালাওয়ান প্রদেশে একটি নৌকায় আগুন লেগে অন্তত ৫ জন মারা গেছেন এবং ৮৭ জন নিখোঁজ। [ডয়চে ভেলে: ১২]

যুক্তরাষ্ট্র ও ইরান হরমুজ প্রণালির আশেপাশে জাহাজ লক্ষ্য করে পাল্টাপাল্টি হামলা অব্যাহত রেখেছে, যা চলমান সংঘাত আরও তীব্র হয়ে ওঠার এবং আরও গুরুতর পরিণতি বয়ে আনার আশঙ্কাকে বাড়িয়ে তুলছে। [এনএইচকে: ১০]

# বিবিসি

## 'হুথিরা কারো প্রক্সি নয়', মার্কিন পররাষ্ট্রমন্ত্রীর বক্তব্যে ইরানের প্রতিক্রিয়া

ইয়েমেনে হস্তক্ষেপ করার বিষয়ে তেহরানের বিরুদ্ধে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিওর আনা অভিযোগ প্রত্যাখ্যান করেছে ইরান। তাদের দাবি, হুথিরা নিজেদের সিদ্ধান্ত নিজেরাই নেয় এবং তারা কোনো দেশের প্রক্সি বা প্রতিনিধি নয়। বৃহস্পতিবার সামাজিক মাধ্যমে দেওয়া এক বার্তায় ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাকায়ি বলেছেন, "মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিওর মিথ্যাচার কখনও বাস্তবতাকে ঢাকতে পারে না। হুথিরা তাদের নিজস্ব সিদ্ধান্ত নিজেরা নেয়। তারা কারো থেকে কোনো নির্দেশ নেয় না, কিংবা তারা কারও প্রক্সি বা প্রতিনিধিও নয়।„ এর আগে, মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্ক রুবিও সাংবাদিকদের বলেছিলেন, "হুথিরা ইরানের এজেন্ট এবং প্রক্সি। ইয়েমেনের উত্তেজনার পেছনে তারাই (ইরান) রয়েছে।„ উল্লেখ্য, গত কয়েক সপ্তাহ ধরে সৌদি আরব, ইয়েমেনে তাদের সমর্থিত বাহিনী এবং হুথিদের মধ্যে তীব্র সংঘর্ষ চলছে। সৌদি আরব তার বিভিন্ন স্থাপনায় হামলার জবাবে ইয়েমেনের বিভিন্ন এলাকায় বিমান হামলাও চালিয়েছে। এদিকে, এমন খবরও সামনে আসছে যে, ইয়েমেনের মোখা বন্দর এর নিয়ন্ত্রণ নিজেদের হাতে নিয়েছে হুথিরা। এছাড়া, তারা লোহিত সাগরের মূল বন্দরগুলোর নিয়ন্ত্রণ নেওয়ার চেষ্টা চালাচ্ছে। এই পদক্ষেপ, বৈশ্বিক নৌ চলাচলের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে বিবেচিত বাব এল-মান্দেব প্রণালির ওপর তাদের নিয়ন্ত্রণ আরও সুদৃঢ় করতে পারে।(বিবিসি ওয়েব পেজ : ১০.০৯.২০২৬ নারগীস)

## প্রধানমন্ত্রীর দপ্তর থেকে সরানো হলো `মাননীয়, সম্বোধন

প্রধানমন্ত্রীর দপ্তর থেকে, পদবির আগে সম্মানসূচক `মাননীয়, শব্দ ব্যবহার বন্ধের প্রক্রিয়া শুরু হয়েছে বলে জানিয়েছে মন্ত্রিপরিষদ বিভাগ। বৃহস্পতিবার প্রধানমন্ত্রীর কার্যালয়ের সব ধরনের নথি ও দাপ্তরিক কার্যক্রমে পদবির আগে `মাননীয়, শব্দটি বাদ দেওয়ার এই প্রক্রিয়া শুরু হয়। বুধবার মন্ত্রিপরিষদ বিভাগের এক পরিপত্রে জানানো হয় যে, রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীর সঙ্গে দাপ্তরিক যোগাযোগ, নথিপত্র ও সারসংক্ষেপ উপস্থাপনের ক্ষেত্রে তাদের পদবির আগে `মহামান্য,, `মাননীয়, বা অন্য কোনো সম্মানসূচক শব্দ লিখিতভাবে ব্যবহার করা যাবে না।(বিবিসি ওয়েব পেজ : ১০.০৯.২০২৬ নারগীস)

## যে-সব বিদেশি জাহাজের ওপর ১০ শতাংশ পরিবহন শুল্ক স্থগিত করলো ইরান

তেল, গ্যাস ও অন্যান্য পেট্রোলিয়াম পণ্য বহনকারী বিদেশি জাহাজের ওপর আরোপ করা ১০ শতাংশ ফ্রেইট বা পরিবহণ শুল্ক সাময়িক স্থগিত করেছে ইরান। ইরানের ফার্স নিউজ এজেন্সির তথ্য অনুযায়ী, এমন এক সময়ে এই সিদ্ধান্ত নেওয়া হলো যখন মার্কিন নৌবাহিনীর নিষেধাজ্ঞার কারণে সমুদ্রপথে ইরানের তেল রপ্তানি মারাত্মকভাবে প্রভাবিত হয়েছে। ফার্স জানিয়েছে, এই অতিরিক্ত শুল্ক যে সমস্ত পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য হবে, সরকার সেগুলোর একটি তালিকা প্রকাশ না করা পর্যন্ত শুল্ক সংগ্রহ স্থগিত রাখতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলোকে নির্দেশ দিয়েছে ইরানি কর্তৃপক্ষ। প্রতিবেদনটিতে বলা হয়েছে, এই অতিরিক্ত শুল্ক- তেল, গ্যাস ও অন্যান্য তরল পণ্যের পরিবহণ খরচ উল্লেখযোগ্যভাবে বাড়িয়ে দিয়েছিল। শুল্ক স্থগিত করার ফলে পরিবহণ খরচ কমবে এবং বিদেশি শিপিং কোম্পানিগুলোকে ইরানে আসা বা সেখান থেকে পণ্য পরিবহনে আরও বেশি উৎসাহিত করবে বলে মনে করা হচ্ছে।
(বিবিসি ওয়েব পেজ : ১০.০৯.২০২৬ আলী আহমেদ)

## সংযুক্ত আরব আমিরাতের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করল আলজেরিয়া

`উসকানিমূলক ও শত্রুভাবাপন্ন, আচরণের অভিযোগ তুলে সংযুক্ত আরব আমিরাতের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক ছিন্ন করেছে আলজেরিয়া। রয়টার্সের তথ্য অনুযায়ী, এই পদক্ষেপের সুনির্দিষ্ট কোনো বিবরণ দেয়নি দেশটি। আলজেরিয়ার এই ঘোষণার পরপরই আমিরাতের প্রেসিডেন্টের কূটনৈতিক উপদেষ্টা আনোয়ার গারগাস সামাজিক মাধ্যম এক্স-এ লিখেছেন যে, কূটনৈতিক সম্পর্কে এমন কোনো "ধাঁধাঁ কিংবা ইশারা-ইঙ্গিত দেওয়া উচিত নয়, যা বুঝতে ব্যাখ্যার প্রয়োজন হয়,„ বরং তা হওয়া উচিত "যুক্তিসঙ্গত, যোগাযোগ ও স্বচ্ছতার„ ওপর ভিত্তি করে। সাম্প্রতিক বছরগুলোতে দেশ দুটির মধ্যে উত্তেজনা বৃদ্ধি পেয়েছিল। আলজেরিয়ার গণমাধ্যম আমিরাতের তীব্র সমালোচনা করে আসছিল এবং আঞ্চলিক বিভেদ সৃষ্টির চেষ্টার অভিযোগ তুলেছিল দেশটির বিরুদ্ধে। আলজেরিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, আমিরাতের কর্মকাণ্ড এমন এক পর্যায়ে পৌঁছেছে যা আর গ্রহণযোগ্য বা সহ্য করার মতো নয় এবং দ্বিপক্ষীয় সম্পর্ক রক্ষা করার জন্য "সব পথ করে দিয়েছে„। অন্যদিকে, আনোয়ার গারগাস আলজেরিয়ার নাম উল্লেখ না করে বলেন যে, সফল কূটনীতি নির্ভর করে একটি স্পষ্ট অবস্থান এবং স্বার্থ ও মতপার্থক্যগুলোর কার্যকর ব্যবস্থাপনার ওপর। আলজেরিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে যে, আমিরাতের রাষ্ট্রদূতকে মন্ত্রণালয়ে তলব করে এই সিদ্ধান্তের কথা জানিয়ে দেওয়া হয়েছে। উল্লেখ্য, বিভিন্ন আঞ্চলিক ইস্যুতে আলজেরিয়া ও আমিরাতের অবস্থান ভিন্ন। আলজেরিয়া ইসরাইলের সঙ্গে সম্পর্ক স্থাপনের বিরোধী, অথচ মার্কিন মধ্যস্থতায় হওয়া আব্রাহাম অ্যাকর্ডসের আওতায় ২০২০

সালে ইসরাইলের সঙ্গে কূটনৈতিক সম্পর্ক স্থাপন করেছে সংযুক্ত আরব আমিরাত এবং আলজেরিয়ার আঞ্চলিক প্রতিদ্বন্দ্বী মরক্কো।(বিবিসি ওয়েব পেজ : ১০.০৯.২০২৬ আলী আহমেদ)

## অধ্যাপক ইউনূসের গ্রামীণ কল্যাণের ৬৬৬ কোটির আয়কর মামলা ঘিরে এ পর্যন্ত যা যা ঘটেছে

বাংলাদেশের সাবেক অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূসের প্রতিষ্ঠিত গ্রামীণ কল্যাণের কাছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) যে ৬৬৬ কোটি টাকা আয়কর দাবি করে আসছে, সেটির পক্ষে রায় দিয়েছেন আদালত। এনবিআরের দাবির বিরুদ্ধে গ্রামীণ কল্যাণের দায়ের করা রিটের রুল খারিজ করে বৃহস্পতিবার নতুন এই আদেশ দিয়েছেন বিচারপতি মো. মজিবুর রহমান মিয়ার নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চ। ফলে আয়কর বাবদ গ্রামীণ কল্যাণকে এখন ৬৬৬ কোটি টাকার পুরোটা একটি নির্দিষ্ট সময়ের মধ্যে পরিশোধ করতে হবে। "এখন যথাযথভাবে ডিমান্ড নোটিস ইস্যু করে সরকার তার রাজস্ব আদায় করতে পারবে, যে রাজস্বটা গ্রামীণ কল্যাণ ২০১৭ থেকে ফাঁকি দিয়ে আসছে। ডিমান্ড নোটিসটা ইস্যু করবে ডেপুটি কমিশনার অব ট্যাক্সেস। সাধারণত ৩০ দিন সময় দেওয়া হয় ডিমান্ড নোটিসে,„ রায়ের পর সাংবাদিকদের বলেন রাষ্ট্রপক্ষের আইনজীবী আব্দুস সামাদ আজাদ। অন্যদিকে, গ্রামীণ কল্যাণের আইনজীবী আব্দুল্লাহ আল মামুন জানিয়েছেন যে, পূর্ণাঙ্গ রায় হাতে পাওয়ার পর তারা আপিল আবেদন করবেন। "পূর্ণাঙ্গ রায়ের জন্য আমরা অপেক্ষা করছি। রায়ের কপি পেলে আমরা আপিল বিভাগে লিভ টু আপিল ফাইল করবো,„ বৃহস্পতিবার বিকেলে সাংবাদিকদের বলেন মি. মামুন। আয়কর বাবদ এক দশক আগে গ্রামীণ কল্যাণের কাছে ৬৬৬ কোটি টাকা দাবি করেছিল এনবিআর। সেটির বিরুদ্ধে ২০১৭ সালে হাইকোর্টে আলাদা দু'টি রিট করে গ্রামীণ কল্যাণ। এরপর দফায় দফায় শুনানি শেষে বর্তমানে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ আমলের একেবারে শেষদিকে উভয় রিট খারিজ করে রায় ঘোষণা করেন হাইকোর্ট। ২০২৪ সালের ৮ আগস্ট অর্ন্তবর্তী সরকারের প্রধান হিসেবে অধ্যাপক মুহাম্মদ ইউনূস শপথ নেওয়ার পর রিট খারিজ করে দেওয়া আগের রায় প্রত্যাহার করে নেন হাইকোর্ট। এরপর মামলাটি প্রধান বিচারপতির কাছে পাঠানো হলে হাইকোর্টের নতুন বেঞ্চের সামনে ফের শুনানি শুরু হয়। সেই শুনানির পরিপ্রেক্ষিতেই ১০ সেপ্টেম্বর নতুন রায় ঘোষণা করা হয়েছে।

### গ্রামীণ কল্যাণ কী?

অধ্যাপক মুহাম্মদ ইউনূসের হাতে প্রতিষ্ঠিত সাতটি প্রতিষ্ঠানের মধ্যে গ্রামীণ কল্যাণ অন্যতম। এটি অলাভজনক একটি সামাজিক ব্যবসা প্রতিষ্ঠান, যার আনুষ্ঠানিক যাত্রা শুরু হয় ১৯৯৬ সালের ছয়ই নভেম্বর। প্রতিষ্ঠানটি মূলত স্বাস্থ্য সেবা নিশ্চিতের মাধ্যমে দারিদ্র নিরসনের লক্ষ্যে কাজ করে যাচ্ছে বলে এর ওয়েবসাইটে বলা হয়েছে। অধ্যাপক ইউনূসের প্রায় পাঁচ দশকের সহকর্মী ও সাবেক অর্ন্তবর্তী সরকারের স্বাস্থ্য উপদেষ্টা নূর জাহান বেগম ২০২৪ সালের ফেব্রুয়ারিতে বিবিসি বাংলাকে দেওয়া এক সাক্ষাৎকারে বলেন, ১৯৯১ সালের একটি গবেষণায় তারা দেখতে পান, বাংলাদেশে যত মানুষ দারিদ্রসীমার নিচে বসবাস করছেন, সেটার মূলে রয়েছে তাদের স্বাস্থ্যগত সমস্যা। "ড. মুহাম্মদ ইউনূস তখনই এ সমস্যা সমাধানে ১৯৯৩ সালে একটি প্রকল্পের আওতায় পরীক্ষামূলকভাবে আটটি প্রাথমিক স্বাস্থ্যসেবা কেন্দ্র চালু করেন। সেটি সফল হওয়ার পর গ্রামীণ কল্যাণ সৃষ্টি করা হয়,„ বলেন মিজ বেগম। বর্তমানে সারা দেশে প্রতিষ্ঠানটির প্রায় দেড়শ'র মতো স্বাস্থ্যকেন্দ্র রয়েছে। শুরুর দিকে মূলত গ্রামীণ ব্যাংকের সদস্যদের জন্য ওইসব স্বাস্থ্যকেন্দ্রে গড়ে তোলা হলেও এখন সাধারণ মানুষও সেবা নিতে পারেন বলে জানিয়েছেন গ্রামীণ কল্যাণের কর্মকর্তারা। স্বাস্থ্যসেবার পাশাপাশি দরিদ্র ও প্রতিবন্ধী শিশুদের জন্য শিক্ষা ও বৃত্তির ব্যবস্থা করে থাকে গ্রামীণ কল্যাণ। কর্মকর্তারা আরও জানান, প্রথমদিকে দাতাদের অর্থে গঠিত 'সোশ্যাল অ্যাডভান্সমেন্ট ফান্ডে'র টাকায় কার্যক্রম শুরু করলেও বর্তমানে নিজস্ব আয়েই প্রতিষ্ঠানটির কার্যক্রম পরিচালিত হচ্ছে। এর বাইরে, গ্রামীণ টেলিকম থেকেও প্রতিষ্ঠানটি অর্থ পেয়ে থাকে। অধ্যাপক মুহাম্মদ ইউনূস আগে গ্রামীণ কল্যাণের চেয়ারম্যান ছিলেন। তবে ২০২৪ সালে অর্ন্তবর্তী সরকারের প্রধান হিসেবে শপথ নেওয়ার পর তিনি আর ওই প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত নেই বলে জানিয়েছেন গ্রামীণ কল্যাণের আইনজীবী আব্দুল্লাহ আল মামুন।

### বিরোধের সূত্রপাত

ঘটনার সূত্রপাত এখন থেকে বছর দশেক আগে। এনবিআরের পক্ষ থেকে জানানো হয় যে, ২০১২-১৩ থেকে শুরু করে পরবর্তী পাঁচ অর্থবছরের আয়কর বাবদ তারা গ্রামীণ কল্যাণের কাছে ৬৬৬ কোটি টাকা পাবেন। মূলত তহবিলের একটি অংশ বিনিয়োগের উদ্দেশ্যে ২০০৪ সালে গ্রামীণ কল্যাণ অধ্যাপক ইউনূসের হাতে গড়া আরেক প্রতিষ্ঠান গ্রামীণ টেলিকমের সঙ্গে একটি চুক্তি করে। সেই চুক্তির আওতায়, গ্রামীণ কল্যাণ প্রায় ৫৩ কোটি ২৫ লাখ টাকা ঋণ হিসেবে দেয় গ্রামীণ টেলিকমকে। সেই অর্থের লভ্যাংশ হিসেবে গ্রামীণ কল্যাণের তহবিলে যে অর্থ জমা হয়ে থাকে, যা আয়কর যোগ্য বলে দাবি করেন এনবিআর কর্মকর্তারা। কিন্তু গ্রামীণ কল্যাণ সেটি মানতে নারাজ। "গ্রামীণফোন থেকে লভ্যাংশ দেওয়ার সময় উৎসে ১৫ শতাংশ কর কেটে রাখা হয়। সেই কর পরিশোধের পর আবার কেন অতিরিক্ত কর ধার্য করা হবে- এই প্রশ্নেই আমরা আদালতের শরণাপন্ন হয়েছি,„ মামলার বিষয়ে এর আগে সাংবাদিকদের বলেন প্রতিষ্ঠানটির আইনজীবী মি. মামুন। এনবিআরের দাবির বিরুদ্ধে ২০১৭ সালে আলাদা দু'টি রিট করে গ্রামীণ কল্যাণ।

প্রাথমিক শুনানি নিয়ে হাইকোর্ট রুল দেন। চূড়ান্ত শুনানি শেষে ২০২৩ সালের ১৭ অক্টোবর হাইকোর্ট নির্দেশনা ও পর্যবেক্ষণসহ রুল নিষ্পত্তি করে রায় দেন। সেই রায়ে এনবিআর কর কমিশনারের আদেশ বাতিল করা হয়। পরে রায়ের বিরুদ্ধে এনবিআর আপিল আবেদন করলে বিষয়টি নিয়ে ফের শুনানি করার নির্দেশ দেন আদালত। শুনানি শেষে ২০২৪ সালের চৌঠা অগাস্ট গ্রামীণ কল্যাণের দু'টি রিটই খারিজ হয়ে যায়।

**রায় প্রত্যাহার**

জুলাই গণ-অভ্যুত্থানে আওয়ামী লীগ সরকার ক্ষমতাচ্যুত হওয়ার পর ২০২৪ সালের ৮ আগস্ট অর্ন্তবর্তী সরকার গঠিত হয়, যার প্রধান ছিলেন অধ্যাপক মুহাম্মদই ইউনূস। এই সরকার ক্ষমতায় বসার কিছু দিনের মধ্যে গ্রামীণ কল্যাণের রিট খারিজ করে দেওয়া আগের রায় প্রত্যাহার করে নিতে দেখা যায় হাইকোর্টকে। কারণ হিসেবে বলা হয়, হাইকোর্টের যে দ্বৈত বেঞ্চ রায়টি দিয়েছিলেন, সেটির একজন বিচারক একসময় ওই একই মামলায় সরকারপক্ষের ডেপুটি অ্যাটর্নি জেনারেল হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন। ”যেহেতু উনি প্রতিদ্বন্দ্বিতা করেছেন, সুতরাং রায়টি ডিফেকটিভ (ত্রুটিপূর্ণ) হবে। তাই রায় প্রত্যাহার করেছেন বলে আদেশ দিয়েছেন। পুনরায় কোর্ট নির্ধারণের জন্য মামলাটি প্রধান বিচারপতির কাছে পাঠিয়েছেন। এখন প্রধান বিচারপতি বেঞ্চ নির্ধারণ করে দিলে সেখানে রুলের ওপর নতুন করে শুনানি হবে,„ তখন সাংবাদিকদের বলেছিলেন গ্রামীণ কল্যাণের আইনজীবী আবদুল্লাহ আল মামুন। পরে প্রধান বিচারপতি বিষয়টি নিষ্পত্তির জন্য বিচারপতি মো. মজিবুর রহমান মিয়ার নেতৃত্বাধীন দ্বৈত বেঞ্চে পাঠান। সেখানে দফায় দফায় শুনানি শেষে ১০ সেপ্টেম্বর নতুন করে রায় ঘোষণা করে, যেখানে গ্রামীণ কল্যাণকে করের অর্থ পরিশোধ করতে বলা হয়।(বিবিসি ওয়েব পেজ : ১০.০৯.২০২৬ আলী আহমেদ)

## অনিয়মের অভিযোগের মুখে ডব্লিউএইচও থেকে শেখ হাসিনার মেয়ে সায়মা ওয়াজেদের পদত্যাগ

বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) দক্ষিণ-পূর্ব এশিয়ার আঞ্চলিক প্রধানের পদ থেকে পদত্যাগ করেছেন বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনার মেয়ে সায়মা ওয়াজেদ পুতুল। ডব্লিউএইচও'র মহাপরিচালক টেড্রোস আধানম গেব্রেয়েসুসের কাছে বুধবার পদত্যাগপত্র জমা দেন তিনি। বার্তা সংস্থা রয়টার্স এই খবর প্রকাশ করেছে। তবে তার এই পদত্যাগ গ্রহণ করা হয়েছে কি না, সে বিষয়ে এখনো কিছু জানায়নি জাতিসংঘের এই সংস্থাটি। এই সংস্থার ওয়েবসাইটে দক্ষিণ-পূর্ব এশিয়ার আঞ্চলিক প্রধান হিসেবে এখনো তার নাম, ছবি এবং আগের নিয়োগের সংবাদ বিজ্ঞপ্তিটি রয়েছে। তবে রয়টার্স বলছে, অবিলম্বে এই পদত্যাগপত্র কার্যকর হবে। বিশ্ব স্বাস্থ্য সংস্থা এবং বাংলাদেশের একটি কর্তৃপক্ষের কাছে তার বিরুদ্ধে আনা অনিয়ম-জালিয়াতির অভিযোগের তদন্ত চলমান থাকা অবস্থায়ই পদত্যাগ করেন তিনি। ডব্লিউএইচও সায়মা ওয়াজেদের বিরুদ্ধে ”চীনে তার সফরসংক্রান্ত বিষয়ে আর্থিক জালিয়াতি করার„ এবং তার অ্যাকাডেমিক যোগ্যতা সম্পর্কে ভ্রান্ত তথ্য দেওয়ার অভিযোগ আনে। ২০২৬ সালের তেসরা জুলাই ডব্লিউএইচওকে পাঠানো তার আইনজীবীদের একটি পৃথক চিঠিতে এ তথ্য উল্লেখ করা হয়েছে, যেটি রয়টার্স দেখেছে। সায়মা ওয়াজেদ এসব অভিযোগ অস্বীকার করেছেন। একইসঙ্গে, বুধবারের পদত্যাগপত্রে সায়মা ওয়াজেদ উল্লেখ করেছেন, তার বিরুদ্ধে বাংলাদেশে একটি প্লট অবৈধভাবে অধিগ্রহণের অভিযোগ এনেছে ডব্লিউএইচও। সায়মা ওয়াজেদ জানিয়েছেন, জাতিসংঘের এই সংস্থাটিতে যোগদানের আগেই এই জমিটি অধিগ্রহণ করেছিলেন তিনি। বাংলাদেশের স্বাধীনতা সংগ্রামের নেতা শেখ মুজিবুর রহমানের পরিবারের সদস্যদের জন্য প্রযোজ্য একটি আইনের আওতায় ওই জমিটি তিনি পেয়েছিলেন। চব্বিশের গণ-অভ্যুত্থানে শেখ হাসিনার সরকারের পতনের পর কেবল তার মন্ত্রিসভার সদস্য, রাজনৈতিক নেতা-কর্মীরাই নয় বরং তার পরিবারের সদস্যদের বিরুদ্ধেও অনিয়ম, দুর্নীতিসহ নানা অপরাধের অভিযোগ উঠেছে। কিছু মামলার রায়ও হয়েছে।

**জানুয়ারিতে আঞ্চলিক প্রধানের এই পদে নির্বাচন**

নাম প্রকাশে অনিচ্ছুক দুইটি সূত্রের বরাত দিয়ে বার্তা সংস্থা রয়টার্স জানিয়েছে, জাতিসংঘের এই সংস্থাটি আনুষ্ঠানিকভাবে তাকে অপসারণের পরিকল্পনা করেছিল। তাদের একজনের বরাত দিয়ে এই বার্তা সংস্থাটি জানিয়েছে, আগামী বছরের জানুয়ারিতে বিশ্ব স্বাস্থ্য সংস্থার এই পদে নির্বাচন অনুষ্ঠানের কথা রয়েছে। আগামী ১২ অক্টোবর দক্ষিণ-পূর্ব এশিয়ার আঞ্চলিক প্রধানের এই পদের জন্য মনোনয়নপত্র আহ্বান করা হবে। জমা পড়া আবেদনগুলো এ বছরের ডিসেম্বরে যাচাই-বাছাই করে আগামী ২৪শে জানুয়ারি ডব্লিউএইচও'র দক্ষিণ-পূর্ব এশিয়ার আঞ্চলিক প্রধান পদে নির্বাচন অনুষ্ঠিত হবে। এই সংস্থাটির আঞ্চলিক পরিচালকরা বিশ্বের অন্যতম প্রভাবশালী স্বাস্থ্য নীতি-নির্ধারক হিসেবে বিবেচিত হন বলে এই পদটি বেশ গুরুত্বপূর্ণ। আঞ্চলিক পরিচালক ১১টি দেশের দুইশ কোটি মানুষের জন্য ৫০০ মিলিয়ন ডলারের বাজেট দেখাশোনা করেন। এই ১১টি দেশ হচ্ছে, বাংলাদেশ, ভুটান, নেপাল, ভারত, মিয়ানমার, শ্রীলঙ্কা, মালদ্বীপ, থাইল্যান্ড, ইন্দোনেশিয়া, উত্তর কোরিয়া, পূর্ব তিমোর। রোগের প্রাদুর্ভাব ও জরুরি পরিস্থিতিতে সাড়া দেওয়া এবং স্থানীয় পরিস্থিতির সঙ্গে সামঞ্জস্য রেখে ডব্লিউএইচও'র নীতি বাস্তবায়ন এই আঞ্চলিক পরিচালকদের অন্যতম দায়িত্বে। প্রতি পাঁচ বছর পর পর সদস্য রাষ্ট্রগুলো আঞ্চলিক পরিচালক নির্বাচন করে থাকে।

**সায়মা ওয়াজেদের আঞ্চলিক প্রধানের পদ নিয়ে বিতর্ক কেন?**

বিশ্ব স্বাস্থ্য সংস্থার আঞ্চলিক পরিচালক পদের জন্য বাংলাদেশের তরফ থেকে যখন সায়মা ওয়াজেদকে মনোনীত করা হয়, তখন সেটি নিয়ে বেশ বিতর্ক তৈরি হয়েছিল। এই পদের জন্য তিনি কতটা 'উপযুক্ত' সে প্রশ্ন উঠেছিল বিভিন্ন জায়গায়। চিকিৎসা বিষয়ক বিশ্বখ্যাত সাময়িকী দ্য ল্যানসেট ২০২৩ সালের সেপ্টেম্বরে এক সম্পাদকীয়তে সায়মা ওয়াজেদের মনোনয়ন নিয়ে প্রশ্ন তোলা হয়। এতে বলা হয়েছিল, কয়েকটি অঞ্চলে প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে স্বচ্ছতার ঘাটতি রয়েছে; এছাড়া প্রার্থীরা এই পদের জন্য উপযুক্ত কি না সেই প্রশ্নও রয়েছে। ওই সম্পাদকীয়তে আরো বলা হয় যে, এর ফলে নির্বাচন প্রক্রিয়ার বৈধতা নিয়ে প্রশ্ন তোলার অবকাশ যেমন রয়েছে, তেমনি আঞ্চলিক পরিচালকদের বিশ্বাসযোগ্যতা নিয়েও প্রশ্ন তোলার অবকাশ রয়েছে। দক্ষিণ-পূর্ব এশিয়ার আঞ্চলিক পরিচালক পদে বাংলাদেশ যে প্রার্থী মনোনয়ন দিয়েছে, সেখানে স্বজনপ্রীতির অভিযোগ তোলা হয়েছে। কারণ প্রার্থী ছিলেন তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনার মেয়ে। এই পদের জন্য সেসময় সায়মা ওয়াজেদ পুতুলের সাথে আরেকজন প্রার্থী ছিলেন নেপালের সম্ভু আচার্য। মি. আচার্য ছিলেন বিশ্ব স্বাস্থ্য সংস্থার একজন ঊর্ধ্বতন কর্মকর্তা, যিনি ৩০ বছর যাবৎ সেখানে কাজ করছিলেন এবং জনস্বাস্থ্যের ওপর তার পিএইচডি ডিগ্রি রয়েছে। অন্যদিকে, সায়মা ওয়াজেদ পুতুল মানসিক স্বাস্থ্য সচেতনতা নিয়ে কাজ করতেন। তার বেশিরভাগ কাজ ছিল অটিজম নিয়ে। ব্রিটেনের ফাইনান্সিয়াল টাইমস পত্রিকার ২০২৩ সালের সেপ্টেম্বর মাসে এক প্রতিবেদনে সায়মা ওয়াজেদ পুতুলের মনোনয়ন নিয়ে প্রশ্ন তুলেছিল। এই পদের জন্য সায়মা ওয়াজেদ কতটা উপযুক্ত সেই প্রশ্ন তোলা হয়েছিল ওই প্রতিবেদনে। এই প্রতিবেদনে বলা হয়, সায়মা ওয়াজেদ স্কুল সাইকোলিজস্ট হিসেবে প্রশিক্ষণপ্রাপ্ত এবং তিনি একটি দাতব্য ও গবেষণা সংস্থা দেখাশোনা করেন। তবে একটি আন্তর্জাতিক সংস্থায় বড় বাজেট নিয়ে কাজ করার অভিজ্ঞতা তার নেই।

**সায়মা ওয়াজেদের বিরুদ্ধে যত মামলা**

ক্ষমতার অপব্যবহার করে পূর্বাচলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের প্লট বরাদ্দ নেওয়ার অভিযোগের এক মামলায় বাংলাদেশের আদালতে ইতোমধ্যেই পাঁচ বছরের কারাদণ্ডে দণ্ডিত হয়েছেন সায়মা ওয়াজেদ। গত বছরের এপ্রিলে পূর্বাচল নিউ টাউন প্রকল্পে প্লট বরাদ্দে অনিয়মের অভিযোগে তার বিরুদ্ধে ইন্টারপোলের মাধ্যমে গ্রেফতারি পরোয়ানা জারি করার আদেশও দিয়েছিলেন আদালত। তবে শুধু তিনিই নন, চব্বিশের গণ-অভ্যুত্থানের পরে হওয়া প্লট বরাদ্দে দুর্নীতির এসব মামলায় তার মা সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, ভাই সজীব ওয়াজেদ জয়, খালা শেখ রেহানা এবং তার মেয়ে টিউলিপ সিদ্দিকেরও নানা মেয়াদে কারাদণ্ড হয়েছে। এছাড়াও গত বছরের এপ্রিলে দুর্নীতির অভিযোগে সায়মা ওয়াজেদের নামে গুলশানে থাকা একটি ফ্ল্যাট জব্দ করার আদেশ দিয়েছিলেন আদালত। ফ্ল্যাটটি দেখাশোনার জন্য একজন রিসিভার নিয়োগের জন্য দুদকের করা আবেদনে ওই আদেশ দিয়েছিলেন ঢাকার একটি বিচারিক আদালত। একইসঙ্গে, জুলাই গণ-অভ্যুত্থানের সময়ের ঘটনায়ও তার বিরুদ্ধে মামলা রয়েছে। ওইসময় যাত্রাবাড়িতে সংঘর্ষ চলাকালীন ফরিদ শেখ নামে একজন নিহত হওয়ার ঘটনায় তার পরিবার সায়মা ওয়াজেদ এবং তার পরিবারের সদস্যদের আসামি করে ২০২৪ সালের ২০ আগস্ট হত্যা মামলা দায়ের করেছিল। চব্বিশের ৮ আগস্ট সায়মা ওয়াজেদ পুতুল নিজের এক্স হ্যান্ডেলে একটি পোস্ট দিয়েছিলেন যে, কঠিন পরিস্থিতিতেও মাকে দেখতে পারছিলেন না। ওই পোস্ট থেকে সেসময় বোঝা গিয়েছিল, বাংলাদেশের রাজনৈতিক পরিস্থিতি নাটকীয় মোড় নেওয়ার পর থেকে মা ও মেয়ের মধ্যে তখনও দেখাই হয়নি। সোমবার ৫ আগস্ট যখন নাটকীয় ঘটনাপ্রবাহের মধ্যে দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে পদত্যাগ করে হেলিকপ্টারে দেশ ছাড়তে হয়, তখন সায়মা ওয়াজেদ থাইল্যান্ডে ছিলেন। তবে বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ-পূর্ব এশিয়ার আঞ্চলিক পরিচালকের প্রধান কার্যালয় দিল্লিতে এবং সেই সুবাদে তিনি ওই সময় বেশিরভাগ সময় দিল্লিতেই থাকতেন।(বিবিসি ওয়েব পেজ : ১০.০৯.২০২৬ আলী আহমেদ)

## এসএসসির খাতা কি দ্বিতীয়বার মূল্যায়নের আবেদন করা যায়?

চলতি বছর, অর্থাৎ ২০২৬ সালে এসএসসি ও সমমান পরীক্ষার উত্তরপত্র চ্যালেঞ্জ করার পর তা পুনরায় নিরীক্ষা হয়ে ফেল থেকে পাশ করেছেন চার হাজার ৫৮৫ জন শিক্ষার্থী; আর নতুন করে জিপিএ-৫ পেয়েছেন তিন হাজার ৭৯ জন। এছাড়া, বিভিন্ন বিষয়ে অনেক শিক্ষার্থীর ফলও পরিবর্তন হয়েছে। বৃহস্পতিবার বাংলাদেশের **১১**টি শিক্ষা বোর্ড পুনর্মূল্যায়নের ফল প্রকাশ করে। এর আগে গত **১০** আগস্ট এসএসসি ও সমমান পরীক্ষার মূল ফল প্রকাশ করা হয়েছিল। এরপর **১৭** আগস্ট পর্যন্ত ফল পুনঃনিরীক্ষণের আবেদন করার সুযোগ দেওয়া হয়। এবার পুনঃনিরীক্ষা বা পুনরায় মূল্যায়নের জন্য রেকর্ডসংখ্যক আবেদন জমা পড়েছিল। কিন্তু কেউ যদি এই ফলাফলেও সন্তুষ্ট না হন, তাহলে কি তিনি ফের আবেদন করতে পারবেন?

**ফের মূল্যায়ন নিয়ে যা বলছে বোর্ড**

পুনঃনিরীক্ষণ ও পুনর্মূল্যায়নের ফলেও কোনো শিক্ষার্থী সন্তুষ্ট না হলে একই উত্তরপত্র দ্বিতীয়বার নিরীক্ষণের সুযোগ নেই বলে জানিয়েছেন শিক্ষা বোর্ডের কর্মকর্তারা। ঢাকার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক জেসমিন তাসলিমা বানু বিবিসি বাংলাকে জানান, মোট চারটি ধাপ পেরিয়ে এই ফলাফল প্রকাশ করা হয়েছে। ফলে বোর্ডের নিয়ম অনুযায়ী এরপর আর পুনঃনিরীক্ষার করার সুযোগ নেই। "বোর্ডের একটা নীতিমালা আছে, আমি

সেই নীতিমালার বাইরে যেতে পারবো না। এখন এরপরও যদি কেউ সন্তুষ্ট না হয়, তাহলে তাকে আদালতেই যেতে হবে,„ বলেন তিনি। একই কথা জানিয়েছেন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশালের পরীক্ষা নিয়ন্ত্রক অধ্যাপক শরীফ মোর্শেদ রেজা। তিনি বলেন, ”এখন একটাই সুযোগ আছে, কোর্ট। কোর্টে গিয়ে যদি কেউ রিট করে যে আমার খাতাটায় আমি সন্তুষ্ট না, আমি আবার এটা দেখতে চাই, আর কোর্ট যদি আমাদের আদেশ দেয়, আমরা তখন সেটাই করতে বাধ্য।„ কেন দ্বিতীয়বার পুনঃনিরীক্ষার সুযোগ নেই, সেটি ব্যাখ্যা করে অধ্যাপক রেজা বলেন, একটি উত্তরপত্র এরই মধ্যে চারটি ধাপ পেরিয়ে আসে। প্রথমে পরীক্ষক উত্তরপত্র মূল্যায়ন করেন। এরপর প্রধান পরীক্ষক সেটি দেখেন। পরে নিরীক্ষক নম্বরের হিসাব ঠিক আছে কি না যাচাই করেন। আর পুনঃনিরীক্ষণের আবেদন করা হলে আরেকজন পরীক্ষক দিয়ে উত্তরপত্রটি পুনর্মূল্যায়ন করা হয়। ”চারটা ধাপ হয়ে গেছে। এর পরে আমাদের কিছু করার নাই,„ বলেন অধ্যাপক রেজা।

**খাতা মূল্যায়নে রেকর্ড আবেদন**

এবার দেশের ১১টি শিক্ষা বোর্ডের অধীনে মোট ১৮ লাখ ২৯ হাজার ৪৮৫ জন পরীক্ষার্থী অংশ নিয়েছিল, যার মধ্যে পাশ করেছে ১১ লাখ ৩৮ হাজার ৮৭৭ জন। অথচ, পূনর্মূল্যায়নের আবেদন করেছিল মোট চার লাখ দুই হাজার ৫১ জন পরীক্ষার্থী। ৩০ হাজারের বেশি জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীও ছিলেন এই তালিকায়। একজন পরীক্ষার্থী একাধিক বিষয়ের উত্তরপত্র পুনঃনিরীক্ষণের আবেদন করতে পারেন। ফলে পরীক্ষার্থীর তুলনায় পুনঃনিরীক্ষণের জন্য জমা পড়া উত্তরপত্রের সংখ্যা ছিল অনেক বেশি। সব মিলিয়ে, এবার লিখিত পরীক্ষার ১০ লাখ ৫৬ হাজার ৪৫৫টি এবং ব্যবহারিক পরীক্ষার দুই লাখ ৩১ হাজার ৪৭১টি উত্তরপত্র পুনঃনিরীক্ষণের আবেদন করা হয়। অর্থাৎ, মোট আবেদনের সংখ্যা ছিল ১২ লাখ ৮৭ হাজার ৯২৬টি। এসএসসির খাতা পুনরায় মূল্যায়নে আবেদনের সংখ্যা নিয়ে এর আগে বিস্ময় প্রকাশ করেছিলেন খোদ শিক্ষামন্ত্রী আ ন ম এহছানুল হক মিলন। তিনি বলেছিলেন, ”দেখে মনে হচ্ছে, যেন সকলেই খাতা মূল্যায়ন করতে চায়। মানে আমাকে আবার ২০ লক্ষ শিক্ষার্থীর খাতা প্রত্যেকটিই দেখতে হবে। ইট ইজ কোয়াইট ইমপসিবল।„ ভবিষ্যতে এ বিষয়ে একটি নীতিমালা তৈরির কথাও জানিয়েছিলেন শিক্ষামন্ত্রী।

(বিবিসি ওয়েব পেজ : ১০.০৯.২০২৬ আলী আহমেদ)

## ব্রিকসে অংশ নিতে ভারত যাচ্ছে না বাংলাদেশের কেউ : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

ভারতে আসন্ন ব্রিকস সম্মেলনে অংশ নিচ্ছেন না বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান, এমনকি ঢাকার কোনো প্রতিনিধিও অংশ নেবেন না বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। নয়াদিল্লিতে আগামী ১২ ও ১৩ সেপ্টেম্বর ব্রিকস-এর ১৮তম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। বৃহস্পতিবার ফরেন সার্ভিস অ্যাকাডেমিতে রোহিঙ্গা বিষয়ক আন্তর্জাতিক সম্মেলনে বক্তব্য শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এই তথ্য জানান পররাষ্ট্র প্রতিমন্ত্রী। তিনি জানান, প্রধানমন্ত্রী তারেক রহমানকে বিমসটেকের চেয়ারম্যান হিসেবে ব্রিকসে আমন্ত্রণ জানানো হয়েছে। তাকে প্রধানমন্ত্রী হিসেবে আমন্ত্রণ জানানো হয়নি। ”যখন পজিটিভ এনভায়রনমেন্ট হবে, উই উইল গো অন আ বাইল্যাটেরাল ভিজিট (আমরা দ্বিপক্ষীয় সফরে যেতে পারি), এখানে তো তাড়াহুড়ো নাই কিছু,„ বলেন তিনি। প্রধানমন্ত্রী তারেক রহমানের ভারত সফর নিয়ে গত কিছুদিন ধরেই আলোচনা চলছে। বিশেষ করে ব্রিকস শীর্ষ সম্মেলনে তিনি অংশ নেবেন কি না এ নিয়ে নানা প্রশ্ন ছিল। এ বিষয়ে এক প্রশ্নের জবাবে সম্প্রতি ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল জানিয়েছিলেন যে, বাংলাদেশের প্রধানমন্ত্রীর ভারত সফর নিয়ে তাদের কাছে নতুন কোনো তথ্য নেই। (বিবিসি ওয়েব পেজ : ১০.০৯.২০২৬ আলী আহমেদ)

## মক্কা চুক্তিতে এই মুহূর্তে অন্য কোনো দেশকে নেওয়া হচ্ছে না, জানালো পাকিস্তান

পাকিস্তানের পররাষ্ট্র দপ্তর জানিয়েছে, এই মুহূর্তে মক্কা প্রতিরক্ষা চুক্তিতে অন্য কোনো দেশকে অন্তর্ভুক্ত করা হচ্ছে না এবং এ বিষয়ে কোনো আলোচনা-ও চলছে না। বৃহস্পতিবার ইসলামাবাদে এক ব্রিফিংয়ে প্রশ্নের জবাব দিতে গিয়ে পাকিস্তানের পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র সাজ্জাদ হায়দার এ কথা বলেন। মক্কা প্রতিরক্ষা চুক্তিতে অন্য দেশকে অন্তর্ভুক্ত করার বিষয়ে এক প্রশ্নের জবাবে তিনি বলেন, ”পাকিস্তান, সৌদি আরব ও তুরস্ক, যারা বর্তমানে এই জোটের অংশ, তারা বিভিন্ন পর্যায়ে নিয়মিত বৈঠক ও পরামর্শ করছে এবং সার্বক্ষণিক যোগাযোগ বজায় রেখেছে। তবে এই মুহূর্তে মক্কা চুক্তি সম্প্রসারণ বা নতুন দেশ অন্তর্ভুক্ত করার কোনো প্রস্তাব বিবেচনায় নেই।„ তিনি বলেন, সবার আগে এই তিন দেশকে মক্কা প্রতিরক্ষা চুক্তির আওতায় তাদের বিদ্যমান সহযোগিতা ও সাংগঠনিক কাঠামো আরও শক্তিশালী করতে হবে। এর ফলে ভবিষ্যতে একই ধরনের দৃষ্টিভঙ্গি ও প্রয়োজন রয়েছে এমন অন্যান্য দেশের জন্য এই জোটে যোগদানের পথ উন্মুক্ত হতে পারে। তার মতে, এ বিষয়ে সিদ্ধান্ত পরে সংশ্লিষ্ট তিন দেশ পারস্পরিক পরামর্শের মাধ্যমে নেবে। মুখপাত্র আরও বলেন, বর্তমানে এই বিষয়ে কোনো আলোচনা চলছে না। তাই এই পর্যায়ে নতুন দেশ অন্তর্ভুক্তির প্রশ্ন তোলাও সময়ের আগে হয়ে যায়। (বিবিসি ওয়েব পেজ : ১০.০৯.২০২৬ আলী আহমেদ)

## রিপাবলিকানরা মধ্যবর্তী নির্বাচনে জিতলে প্রত্যেক প্রাপ্তবয়স্ক আমেরিকান ৫০০০ ডলার পাবে : ট্রাম্প

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, নভেম্বরের মধ্যবর্তী নির্বাচনে রিপাবলিকানরা কংগ্রেসের উভয় কক্ষের নিয়ন্ত্রণ পেলে তিনি প্রত্যেক প্রাপ্তবয়স্ক আমেরিকানকে পাঁচ হাজার ডলার করে অর্থ দেওয়ার প্রস্তাব করবেন। এই পরিকল্পনা বাস্তবায়নে এক ট্রিলিয়ন ডলারেরও বেশি ব্যয় হবে। যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের মেয়াদকালের মাঝামাঝি সময়ে অনুষ্ঠিত দলের প্রথমবারের মতো জাতীয় সম্মেলনে দেওয়া এক ভাষণে তিনি এ প্রস্তাব দেন। পরিকল্পনাটি কীভাবে বাস্তবায়িত হবে বা এর অর্থায়ন কীভাবে করা হবে, সে বিষয়ে তিনি কোনো বিস্তারিত জানাননি। শুধু বলেছেন, এই অর্থ যুক্তরাষ্ট্রের ভেতরেই ব্যয় করতে হবে। ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স এই পরিকল্পনাকে ট্রাম্পের শুল্কনীতি থেকে যুক্তরাষ্ট্র সরকারের অর্জিত রাজস্বের সঙ্গে যুক্ত করেছেন। ডেমোক্র্যাটরা এটিকে `ফাঁকা প্রতিশ্রুতি, বলে আখ্যা দিয়েছে এবং অন্যরা প্রশ্ন তুলেছেন, এমন প্রতিশ্রুতি আইনগতভাবে বৈধ বা বাস্তবসম্মত কি না। নির্বাচনি বছরে ভোটারদের ভোটকেন্দ্রে যেতে উৎসাহিত করার আহ্বানের প্রেক্ষাপটে, কোনো মার্কিন প্রেসিডেন্টের পক্ষ থেকে আমেরিকানদের এমন অর্থ প্রদানের প্রস্তাব দেওয়ার ঘটনা সম্ভবত এটাই প্রথম। বর্তমানে প্রায় ২৭ কোটি প্রাপ্তবয়স্ক আমেরিকান রয়েছেন। ফলে প্রত্যেককে পাঁচ হাজার ডলার করে দেওয়া হলে যুক্তরাষ্ট্র সরকারের প্রায় ১.৩ ট্রিলিয়ন ডলার ব্যয় হবে। পরিকল্পনাটি বাস্তবায়নযোগ্য কি না, তা নিয়ে ইতোমধ্যে প্রশ্ন উঠতে শুরু করেছে। বিশেষ করে এমন সময়ে এই প্রশ্ন উঠছে, যখন যুক্তরাষ্ট্রে পণ্যের দাম বাড়ছে, যার একটি কারণ হিসেবে ফেব্রুয়ারিতে ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের শুরু করা যুদ্ধকে উল্লেখ করা হচ্ছে।(বিবিসি ওয়েব পেজ : ১০.০৯.২০২৬ আলী আহমেদ)

## স্থানীয় সরকার নির্বাচনে কারা অংশ নিতে পারবেন, জানালেন প্রতিমন্ত্রী

বাংলাদেশে স্থানীয় সরকার নির্বাচনে কে বা কারা প্রার্থী হতে পারবেন এবং দলীয় প্রার্থী দেওয়ার ক্ষেত্রে বিএনপির পরিকল্পনা কী, এসব বিষয়ে গণমাধ্যমকে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। বৃহস্পতিবার সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী বলেন, দলীয় নির্বাচন না হওয়ায় আইন অনুযায়ী যোগ্য যে কেউ স্থানীয় সরকার নির্বাচনে প্রার্থী হতে পারবেন। "সরকারের মেসেজ খুবই পরিষ্কার। যেহেতু এটি দলীয় নির্বাচন নয়, তাই আইন অনুযায়ী যোগ্যতা থাকা সব প্রার্থী নির্বাচনে অংশ নিতে পারবেন। রাষ্ট্রের দায়িত্ব হবে সবার জন্য সমান সুযোগ নিশ্চিত করা,, বলেন তিনি। এছাড়া, স্থানীয় সরকার নির্বাচনে দেশের সব জায়গায় যেন দলের একক প্রার্থী থাকে, এই বিষয়টিও নিশ্চিত করতে চায় বিএনপি। প্রতিমন্ত্রী জানান, দলের নীতিনির্ধারণী পর্যায় থেকে এ বিষয়ে স্থানীয় নেতাকর্মীদের নির্দেশনা দেওয়া হয়েছে। "এখানে দলীয়ভাবে নির্বাচনে অংশগ্রহণ করার কোনো সুযোগই নাই। কারণ দলীয় মনোনয়ন থাকছে না, দলীয় প্রতীকও থাকছে না। তবে বিএনপি যেটি সিদ্ধান্ত নিয়েছে যে, স্থানীয় বিএনপি একটা সমর্থন দেবে,, জানান তিনি। স্থানীয় সরকার ব্যবস্থায় গুরুত্বপূর্ণ- ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা, জেলা পরিষদ ও সিটি কর্পোরেশন নির্বাচন, নির্ধারিত সময়ের মধ্যে সরকার সম্পন্ন করতে চায় বলেও জানান প্রতিমন্ত্রী।(বিবিসি ওয়েব পেজ : ১০.০৯.২০২৬ আলী আহমেদ)

## অধ্যাপক ইউনূসের গ্রামীণ কল্যাণকে ৬৬৬ কোটি টাকা কর পরিশোধ করতে হবে : হাইকোর্ট

বাংলাদেশের সাবেক অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস প্রতিষ্ঠিত গ্রামীণ কল্যাণ-এর কাছে জাতীয় রাজস্ব বোর্ড বা এনবিআর এর দাবি করা ৬৬৬ কোটি টাকা কর পরিশোধ করতে হবে বলে বৃহস্পতিবার রায় দিয়েছে বিচারপতি মো. মজিবুর রহমান মিয়ার নেতৃত্বাধীন হাইকোর্ট বেঞ্চ। এ বিষয়ে আদালত এখনো পূর্ণাঙ্গ রায় প্রকাশ করেনি বলে জানা গেছে। তবে সংক্ষিপ্ত রায় অনুযায়ী, এনবিআর-এর যে দাবি গ্রামীণ কল্যাণ-এর পক্ষ থেকে চ্যালেঞ্জ করা হয়েছিল, সেটি খারিজ করে দিয়েছেন হাইকোর্ট। অর্থাৎ এ বিষয়ে কর পরিশোধের বিষয়ে এনবিআর-এর দাবিটিই বহাল থাকলো। হাইকোর্টের এই সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল বিভাগে যাওয়ার সিদ্ধান্তের কথা জানিয়েছেন গ্রামীণ কল্যাণের আইনজীবীরা। সংবাদ সম্মেলনে গ্রামীণ কল্যাণ এর আইনজীবী আব্দুল্লাহ আল মামুন জানান, "এই মামলায় আজ যে রায় হয়েছে, সংক্ষিপ্ত রায় দিয়েছেন। পূর্ণাঙ্গ রায়ের জন্য আমরা অপেক্ষা করছি। রায়ের কপি পেলে আমরা আপিল বিভাগে লিভ টু আপিল ফাইল করবো।,, তিনি জানান, গ্রামীণ কল্যাণ এর প্রতিষ্ঠাতা অধ্যাপক মুহাম্মদ ইউনূস ২০২৪ সালের পর থেকে এই প্রতিষ্ঠানে আর যুক্ত নেই। এমনকি গ্রামীণ গ্রুপেরও চেয়ারম্যান নন তিনি।
(বিবিসি ওয়েব পেজ : ১০.০৯.২০২৬ আলী আহমেদ)

## র‍্যাব বিলুপ্ত করে এসআরবি গঠনের বিল পাস

স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন বা এসআরবি গঠনে জাতীয় সংসদে একটি বিল পাস হয়েছে। এর মধ্যদিয়ে আনুষ্ঠানিকভাবে বিলুপ্ত হলো র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন বা র‍্যাব। বৃহস্পতিবার জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনে কণ্ঠভোটে এটি পাস হয়। বিলটি পাসের জন্য সংসদে প্রস্তাব উত্থাপন করেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। এছাড়া, আর্মড পুলিশ ব্যাটালিয়ন বা এপিবিএন বিল ২০২৬- স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সুপারিশ

আকারে জাতীয় সংসদে পাস হয়েছে। আরো পড়তে পারেন: র‍্যাব বিলুপ্ত করে কোন পরিবর্তন এনে এসআরবি গঠনের কথা বলা হচ্ছে? (বিবিসি ওয়েব পেজ : ১০.০৯.২০২৬ আলী আহমেদ)

## চীনের পূর্বাঞ্চলে কার্গো জাহাজে আগুনে অন্তত ২০ জন নিহত: রাষ্ট্রীয় গণমাধ্যম

চীনের রাষ্ট্রীয় সম্প্রচারমাধ্যম সিসিটিভির তথ্য অনুযায়ী, চীনের পূর্বাঞ্চলের একটি বন্দরে নোঙর করা বিদেশি পতাকাবাহী একটি কার্গো জাহাজে অগ্নিকাণ্ডে অন্তত ২০ জন নিহত হয়েছেন। সিসিটিভি জানিয়েছে, জাহাজটিতে থাকা ৪২ জনের মধ্যে ১৭ জনকে সরিয়ে নেওয়া হয়েছে। তাদের মধ্যে পাঁচজন হাসপাতালে ভর্তি আছেন এবং তাদের অবস্থা স্থিতিশীল। চীনের প্রেসিডেন্ট শি জিনপিং এই ঘটনায় `সর্বাত্মক, অনুসন্ধান ও উদ্ধার তৎপরতা চালানোর আহ্বান জানান। স্থানীয় সময় সকাল প্রায় ১১টা ১৫ মিনিটে চিংদাও শহরের একটি জাহাজ নির্মাণ কারখানায় রক্ষণাবেক্ষণের কাজ চলাকালে জাহাজটিতে আগুন লাগে। সিসিটিভির তথ্য অনুযায়ী, তিন ঘণ্টার কিছু বেশি সময় পর আগুন নিয়ন্ত্রণে আনা হয়। এক প্রত্যক্ষদর্শী এএফপি সংবাদ সংস্থাকে জানিয়েছেন, জাহাজটি থেকে ঘন কালো ধোঁয়া উড়তে দেখা গেছে। রাষ্ট্রীয় গণমাধ্যমে প্রকাশিত ছবিতে জাহাজটিকে `ওশান মেলোডি, হিসেবে শনাক্ত করা হয়েছে। মেরিনট্রাফিক নামে একটি জাহাজ ট্র্যাকিং ওয়েবসাইটের তথ্য অনুযায়ী, এটি ১৯০ মিটার (৬২৩ ফুট) দীর্ঘ লাইবেরিয়ার পতাকাবাহী একটি কার্গো জাহাজ, যা ৩১শে অগাস্ট চিংদাওতে পৌঁছেছিল। এর প্রায় এক মাস আগে চীনের দক্ষিণ-পূর্বাঞ্চলীয় ফুজিয়ান প্রদেশে একটি জাহাজ কারখানায় বিস্ফোরণের ঘটনায় একজন উদ্ধারকর্মী নিহত এবং আরও ১২ জন আহত হন।(বিবিসি ওয়েব পেজ : ১০.০৯.২০২৬ আলী আহমেদ)

## হাম উপসর্গ নিয়ে আরও সাতজনের মৃত্যু

হাম রোগের উপসর্গ নিয়ে ২৪ ঘণ্টায় আরও সাতজনের মৃত্যু হয়েছে বলে জানিয়েছে স্বাস্থ্য অধিদপ্তর। ফলে, সব মিলিয়ে চলতি বছরের ১৫ মার্চ থেকে ১০ সেপ্টেম্বর সকাল আটটা পর্যন্ত হাম ও এই রোগের উপসর্গ নিয়ে মোট মৃত্যুর সংখ্যা এক হাজার ৯ জনে দাঁড়ালো। বৃহস্পতিবার স্বাস্থ্য অধিদপ্তরের হাম সংক্রান্ত নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানা গেছে। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে, নয়ই সেপ্টেম্বর সকাল আটটা থেকে ১০ সেপ্টেম্বর সকাল আটটা পর্যন্ত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে যে সাতজন মারা তাদের মধ্যে ঢাকা জেলায় সর্বোচ্চ দুই জনের মৃত্যু হয়েছে। এই সময়ে নতুন করে প্রায় এক হাজার ২০০ জন রোগী হাম ও হামের উপসর্গ নিয়ে দেশের বিভিন্ন হাসপাতালে ভর্তি হয়েছেন বলেও জানানো হয়েছে।(বিবিসি ওয়েব পেজ : ১০.০৯.২০২৬ আলী আহমেদ)

# রেডিও তেহরান

## ভারতে ব্রিকস সম্মেলনে যাচ্ছেন না বাংলাদেশের প্রধানমন্ত্রী : হুমায়ুন কবির

ভারতে অনুষ্ঠেয় ব্রিকস শীর্ষ সম্মেলনে অংশ নিচ্ছেন না বাংলাদেশের প্রধানমন্ত্রী তারেক রহমান। আজ (বৃহস্পতিবার) ফরেন সার্ভিস একাডেমিতে রোহিঙ্গাবিষয়ক এক আন্তর্জাতিক সম্মেলন শেষে সাংবাদিকদের এ কথা জানান পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। ভারতের রাজধানী নয়াদিল্লিতে আগামী ১২ ও ১৩ সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে ব্রিকসের অষ্টাদশতম শীর্ষ সম্মেলন। ভারতই এই সম্মেলনের আয়োজক।

### কেন যাচ্ছেন না প্রধানমন্ত্রী

হুমায়ুন কবির বলেন, সম্মেলনে অংশ নিতে যে প্রক্রিয়ায় আমন্ত্রণ জানানো হয়েছে, তাতে সন্তুষ্ট নয় ঢাকা। তিনি বিষয়টি স্পষ্ট করে বলেন, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তারেক রহমানকে আমন্ত্রণ জানালেও, সেই আমন্ত্রণপত্রে তাঁকে বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে নয়, বরং বিমসটেকের চেয়ারম্যান হিসেবে সম্বোধন করা হয়েছে। এই বিষয়টি ভালোভাবে নেয়নি ঢাকা। প্রতিমন্ত্রী প্রশ্ন তোলেন, বাংলাদেশ সরকারের কাউকে কি আনুষ্ঠানিকভাবে আমন্ত্রণ জানানো হয়েছে? তাঁর ভাষায়, প্রধানমন্ত্রী হিসেবে আমন্ত্রণ না পাওয়ায় এই সম্মেলনে যোগদানের প্রশ্নই আসে না।

### দ্বিপাক্ষিক সফরে জোর

বহুপক্ষীয় ফোরামে অংশগ্রহণের চেয়ে দিল্লির সঙ্গে দ্বিপাক্ষিক সফরেই বেশি গুরুত্ব দিচ্ছে ঢাকা- এমনটাই জানান হুমায়ুন কবির। তিনি বলেন, পরিবেশ অনুকূল হলে এবং পারস্পরিক শ্রদ্ধা বজায় থাকলে ভবিষ্যতে দ্বিপাক্ষিক সফর হবে। এ নিয়ে তাড়াহুড়োর কিছু নেই বলেও মন্তব্য করেন তিনি।

### গঙ্গা পানি চুক্তি ও বাণিজ্য প্রসঙ্গ

গঙ্গার পানি বণ্টন চুক্তি নবায়ন নিয়ে এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী বলেন, জাতীয় স্বার্থ জড়িত যে-কোনো বিষয়ে গুরুত্ব ও দক্ষতার সঙ্গে কাজ করবে সরকার। ভারতীয় গণমাধ্যম আনন্দবাজার পত্রিকা যা-ই প্রচার করুক না কেন, দেশের স্বার্থকেই অগ্রাধিকার দেওয়া হবে বলে মন্তব্য করেন তিনি। বাণিজ্য প্রসঙ্গে তিনি জানান, দ্বিপাক্ষিক আলোচনা চলমান থাকলেও এই মুহূর্তে চূড়ান্ত কোনো সিদ্ধান্ত বা নতুন কোনো তথ্য জানানোর মতো অগ্রগতি নেই।

### রোহিঙ্গা প্রসঙ্গে মন্তব্য

রোহিঙ্গা সংকট সমাধান নিয়ে হুমায়ুন কবির বলেন, এত জটিল একটি বিষয়ে সুনির্দিষ্ট সময়সীমা বেঁধে দেওয়া সম্ভব নয়। ধৈর্য ধরে কূটনৈতিক তৎপরতা দ্রুত গতিতে চালিয়ে যাওয়ার ওপর জোর দেন তিনি। তাঁর ভাষায়, রাতারাতি সমাধানের প্রতিশ্রুতি দেওয়া না গেলেও, দ্রুতই একটি বাস্তবসম্মত ও গ্রহণযোগ্য সমাধানের দিকে এগিয়ে যাওয়ার ব্যাপারে তিনি আশাবাদী।(রেডিও তেহরান ওয়েব পেজ : ১০.০৯.২০২৬ নারগীস)

## অনিয়ম-জালিয়াতির অভিযোগ; পদত্যাগ করলেন শেখ হাসিনার মেয়ে সায়মা ওয়াজেদ

জালিয়াতি ও অনিয়মের অভিযোগ ওঠার পর বিশ্ব স্বাস্থ্য সংস্থার (ডব্লিউএইচও) দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের আঞ্চলিক পরিচালকের পদ থেকে পদত্যাগ করেছেন গণ-অভ্যুত্থানে ক্ষমতাচ্যুত বাংলাদেশের সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার মেয়ে সায়মা ওয়াজেদ পুতুল। বুধবার (৯ সেপ্টেম্বর) ডব্লিউএইচওর মহাপরিচালক তেদরোস আধানম গেব্রেয়াসুসের কাছে পদত্যাগপত্র জমা দেন সায়মা ওয়াজেদ।

**অভিযোগের প্রেক্ষাপট**

সায়মা ওয়াজেদের বিরুদ্ধে দুটি প্রধান অভিযোগ তদন্ত করছিল ডব্লিউএইচও- চীন ভ্রমণসংক্রান্ত আর্থিক অনিয়ম এবং শিক্ষাগত যোগ্যতার সনদ জালিয়াতি। তবে তিনি শুরু থেকেই এসব অভিযোগ অস্বীকার করে আসছেন। ২০২৩ সালের নভেম্বরে দক্ষিণ-পূর্ব এশিয়ার সদস্যদেশগুলোর ভোটে এই পদে নির্বাচিত হন সায়মা ওয়াজেদ। পরের বছর, ২০২৪ সালের ফেব্রুয়ারিতে পাঁচ বছরের মেয়াদে দায়িত্ব নেন তিনি। আওয়ামী লীগ সরকার পতনের পর অধ্যাপক মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকারের আমলে শেখ হাসিনা ও তাঁর পরিবারের অন্য সদস্যদের সঙ্গে সায়মা ওয়াজেদের বিরুদ্ধেও দুর্নীতির অনুসন্ধান শুরু করে দুর্নীতি দমন কমিশন (দুদক)। এই প্রেক্ষাপটে ২০২৫ সালের জুলাইয়ে তাঁকে প্রথম অবৈতনিক ছুটিতে পাঠায় ডব্লিউএইচও। বুধবার পদত্যাগের আগ পর্যন্ত তিনি অবৈতনিক ছুটিতেই ছিলেন। চলতি বছরের ৩ জুলাই এক চিঠিতে সায়মা ওয়াজেদের আইনজীবীরা জানান, চীন সফর সংক্রান্ত আর্থিক প্রতারণা ও শিক্ষাগত যোগ্যতা নিয়ে ভুল তথ্য দেওয়ার অভিযোগ তুলেছে ডব্লিউএইচও।

**জমি নিয়ে বিতর্ক**

পদত্যাগপত্রে উল্লেখ করা হয়েছে, বাংলাদেশে একটি জমির প্লট অবৈধভাবে অধিগ্রহণের অভিযোগও করেছে ডব্লিউএইচও। জবাবে সায়মা ওয়াজেদ বলেছেন, ডব্লিউএইচওতে যোগ দেওয়ার আগেই তিনি ওই জমি অধিগ্রহণ করেছিলেন এবং বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের পরিবারের সদস্যদের জন্য প্রযোজ্য একটি আইনের আওতায় তিনি এই জমির অধিকারী।

**পদত্যাগপত্রে যা লিখেছেন**

তেদরোস আধানম গেব্রেয়াসুসের কাছে পাঠানো চিঠিতে সায়মা ওয়াজেদ লেখেন, তিনি নিজ অঞ্চলের দেশগুলোর সেবা করার জন্যই আঞ্চলিক পরিচালক পদে নির্বাচিত হয়েছিলেন এবং আন্তরিকতার সঙ্গে তা পালন করেছেন। তিনি আরও অভিযোগ করেন, তাঁকে কার্যকরভাবে দায়িত্ব পালন করতে বাধা দেওয়া হচ্ছে বলে ডব্লিউএইচওর নেতৃত্বের ওপর তাঁর আস্থা ও বিশ্বাস হারিয়ে গেছে। বেতনহীন ছুটিতে পাঠানোর পর প্রায় এক বছর কোনো পারিশ্রমিক না পাওয়ায় তাঁর আর্থিক পরিস্থিতিও অসহনীয় হয়ে উঠেছিল বলে জানান তিনি। এই পরিস্থিতিতেই সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নেন বলে উল্লেখ করেছেন।

**ভ্রমণ খরচের অভিযোগ অস্বীকার**

জুলাইয়ে ডব্লিউএইচওকে দেওয়া এক চিঠিতে সায়মা ওয়াজেদ ভ্রমণসংক্রান্ত আর্থিক অনিয়মের অভিযোগ অস্বীকার করেছিলেন। তাঁর আইনজীবীদের ভাষ্য অনুযায়ী, নিয়মিত ভ্রমণ খরচ ফেরত পাওয়ার আবেদন প্রক্রিয়ায় একজন সহকারীর প্রশাসনিক ভুলের কারণেই এই সমস্যা তৈরি হয়েছিল। এতে জড়িত অর্থের পরিমাণ ছিল ৯০১ ডলার। শিক্ষাগত যোগ্যতা প্রসঙ্গে তাঁর ব্যাখ্যা, বাংলাদেশে অটিজম নিয়ে কাজের স্বীকৃতিস্বরূপ তিনি একটি সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি পেয়েছিলেন এবং এই তথ্য তিনি আগেই তেদরোসকে জানিয়েছিলেন।

(রেডিও তেহরান ওয়েব পেজ : ১০.০৯.২০২৬ নারগীস)

# এনএইচকে

## জাহাজ লক্ষ্য করে যুক্তরাষ্ট্র ও ইরানের পাল্টাপাল্টি হামলা অব্যাহত

যুক্তরাষ্ট্র ও ইরান হরমুজ প্রণালির আশেপাশে জাহাজ লক্ষ্য করে পাল্টাপাল্টি হামলা অব্যাহত রেখেছে, যা চলমান সংঘাত আরও তীব্র হয়ে ওঠার এবং আরও গুরুতর পরিণতি বয়ে আনার আশঙ্কাকে বাড়িয়ে তুলছে। মার্কিন কেন্দ্রীয় কমান্ড বা সেন্টকম মঙ্গলবার ঘোষণা করে যে, ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস বা আইআরজিসি মার্কিন নৌবাহিনীর একটি যুদ্ধজাহাজকে লক্ষ্য করে হামলা চালানোর পর, তারা ইরানের পাঁচটি অপরিশোধিত তেলবাহী জাহাজ ধ্বংস করেছে। এই হামলার ভিডিও চিত্র প্রকাশ করেছে সেন্টকম। মার্কিন সামরিক বাহিনী শনিবার জানিয়েছিল যে, তারা ইরানি হামলার প্রতিশোধ হিসেবে ইরানের তিনটি অপরিশোধিত তেলবাহী জাহাজের ওপর হামলা চালিয়েছে।

এর জবাবে আইআরজিসি বুধবার ঘোষণা করে যে, তারা জর্ডানে একটি মার্কিন সামরিক ঘাঁটিতে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে।আইআরজিসি দাবি করে যে, তাদের নৌবাহিনী দুটি মার্কিন জাহাজ এবং ৮টি তেলের ট্যাংকার লক্ষ্য করে হামলা চালিয়েছে এবং এগুলোর ব্যাপক ক্ষতিসাধন করেছে। বাহিনীটি আরও জানিয়েছে যে, মার্কিন বাহিনীর সহায়তায় হরমুজ প্রণালি অতিক্রমের চেষ্টারত আরও ১০টি জাহাজকেও লক্ষ্যবস্তু করা হয়েছিল। ইতোমধ্যে রয়টার্স সংবাদ সংস্থা একটি জাহাজ ভাড়া দেওয়ার কোম্পানির উদ্ধৃতি দিয়ে জানিয়েছে যে, তাদের একটি তেলবাহী জাহাজ দুবাইয়ের উপকূলে নোঙর করে থাকার সময় সেখানকার একজন নাবিক নিহত হয়েছেন এবং আরেকজন ক্রু সদস্য নিখোঁজ রয়েছেন। সংবাদ সংস্থাটি সামুদ্রিক নিরাপত্তা সংক্রান্ত সূত্রসমূহের উদ্ধৃতি দিয়ে আরও জানিয়েছে যে, ট্যাংকারটি সম্ভবত ড্রোনের আঘাতে ক্ষতিগ্রস্ত হয়েছে। ওদিকে, বুধবার সামাজিক যোগাযোগ মাধ্যমে দেওয়া এক পোস্টে সেন্টকম মধ্যপ্রাচ্যে মোতায়েন করা মার্কিন নৌবাহিনীর দুটি রণতরীর ওপর হামলা চালানোর আইআরজিসি-র দাবি অস্বীকার করে। এই পোস্টে বলা হয়, "মার্কিন নৌবাহিনীর কোনো যুদ্ধজাহাজ আক্রান্ত হয়নি; আইআরজিসি-র সব হামলার প্রচেষ্টাই ব্যর্থ হয়েছে।" (এনএইচকে: ০৯.০৯.২০২৬ রুবাইয়া)

## ডয়চে ভেলে

## ৬০০ কোটির বেশি টাকা পরিশোধ করতে হবে গ্রামীণ কল্যাণকে

পাঁচ করবর্ষের বিপরীতে ৬০০ কোটির বেশি টাকা প্রদেয় কর দাবি ঘিরে কর কমিশনারের সিদ্ধান্তের বৈধতা নিয়ে গ্রামীণ কল্যাণের করা পৃথক দুটি রিট খারিজ করে রায় দিয়েছে হাইকোর্ট। পুনর্মূল্যায়নের পর এ রায় দেয়া হয়।আজ বৃহস্পতিবার বিচারপতি মো. মজিবুর রহমান মিয়া ও বিচারপতি রেজাউল করিমের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ রায় ঘোষণা করেন। গ্রামীণ কল্যাণের চেয়ারম্যান ছিলেন সাবেক অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

### এর আগে একই বেঞ্চে রিট খারিজ ও প্রত্যাহার

এর আগে ২০২৪ সালের ৪ আগস্ট গ্রামীণ কল্যাণের করা ওই দুটি রিট খারিজ করে রায় ঘোষণা করেছিল হাইকোর্টের একটি দ্বৈত বেঞ্চ। পরে ওই বছরের ২৯ আগস্ট একই বেঞ্চ তা প্রত্যাহার করে নেয়। প্রত্যাহারের কারণ হিসেবে বলা হয়, দ্বৈত বেঞ্চের দ্বিতীয় বিচারক একসময় এসব মামলায় সরকারপক্ষে ডেপুটি অ্যাটর্নি জেনারেল হিসেবে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন। বলা হয়, যেহেতু তিনি প্রতিদ্বন্দ্বিতা করেছেন, সুতরাং রায়টি ডিফেক্টিভ (ত্রুটিপূর্ণ) হবে।

### পুনর্মূল্যায়ন ও খারিজ

২০২৪ সালের ২৯ আগস্ট রিট দুটি খারিজের রায় প্রত্যাহারের পর মামলার নথি প্রধান বিচারপতির কাছে পাঠানো হয়। প্রধান বিচারপতি বিষয়টি নিষ্পত্তির জন্য বিচারপতি মো. মজিবুর রহমান মিয়ার নেতৃত্বাধীন দ্বৈত বেঞ্চে পাঠান। এর ধারাবাহিকতায় শুনানি শেষে আজ রায় দেওয়া হলো। আদালতে গ্রামীণ কল্যাণের পক্ষে জ্যেষ্ঠ আইনজীবী ফিদা এম কামাল, সরদার জিন্নাত আলী ও আবদুল্লাহ আল মামুন শুনানিতে ছিলেন। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল মোহাম্মদ আবদুস সামাদ আজাদ। পরে ডেপুটি অ্যাটর্নি জেনারেল মোহাম্মদ আবদুস সামাদ আজাদ ডয়চে ভেরের কন্টেন্ট পার্টনার প্রথম আলোকে বলেন, ``পাঁচটি করবর্ষের জন্য গ্রামীণ কল্যাণের কাছে প্রায় ৬৬৬ কোটি টাকা অনাদায়ী ছিল। প্রদেয় কর দাবি ঘিরে কর কমিশনারের সিদ্ধান্তের বৈধতা নিয়ে গ্রামীণ কল্যাণ দুটি রিট করে। রিট দুটির চূড়ান্ত শুনানি শেষে আদালত রুল ডিসচার্জ (রুল খারিজ) করে দিয়েছেন। অর্থাৎ গ্রামীণ কল্যাণকে এখন সরকারের রাজস্ব বাবদ প্রায় ৬৬৬ কোটি পরিশোধ করতে হবে। রায় পাওয়ার পর ট্যাক্স ডিপার্টমেন্ট ৩০ দিন সময় দিয়ে ডিমান্ড নোটিশ (দাবি আদায়ে) ইস্যু করবে।''তবে গ্রামীণ কল্যাণের জ্যেষ্ঠ আইনজীবী আবদুল্লাহ আল মামুন প্রথম আলোকে বলেন, গ্রামীণ কল্যাণের কাছে প্রায় ৬৬৬ কোটি টাকা কর দাবির বিরুদ্ধে রিট দুটি করা হয়েছিল। আদালত রুল খারিজ করে রায় দিয়েছেন। পূর্ণাঙ্গ রায় পেলে বিস্তারিত জানা যাবে। রায়ের পূর্ণাঙ্গ অনুলিপি পাওয়ার পর আপিল করা হবে। পুনর্মূল্যায়নের পর ২০১২-১৩, ২০১৩-১৪, ২০১৪-১৫, ২০১৫-১৬ ও ২০১৬-১৭—এই করবর্ষগুলোর জন্য গ্রামীণ কল্যাণের কাছে প্রদেয় কর দাবি ঘিরে গ্রামীণ কল্যাণ ২০১৭ সালে পৃথক দুটি রিট করে। প্রাথমিক শুনানি নিয়ে হাইকোর্ট রুল দেন। চূড়ান্ত শুনানি শেষে ২০২৩ সালের ১৭ অক্টোবর হাইকোর্ট নির্দেশনা ও পর্যবেক্ষণসহ রুল নিষ্পত্তি করে রায় দেন। রায়ে কর কমিশনারের আদেশ বাতিল করা হয়। বিলম্ব মার্জনা করে শর্তসাপেক্ষে আইন অনুসারে ৬০ দিনের মধ্যে গ্রামীণ কল্যাণকে আপিল (অতিরিক্ত কর কমিশনারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল কর্তৃপক্ষের কাছে) করার সুযোগ দেওয়ার কথা বলা হয় রায়ে। হাইকোর্টের ওই রায়ের বিরুদ্ধে এনবিআর পৃথক লিভ টু আপিল (আপিল করার অনুমতি চেয়ে আবেদন) করে। পৃথক লিভ টু আপিল নিষ্পত্তি করে ২০২৪ সালের ১১ মার্চ আদেশ দেন আপিল বিভাগ। গ্রামীণ কল্যাণের করা ওই রিটের মূল বিষয়বস্তুর ওপর হাইকোর্টে পুনঃশুনানি করতে নির্দেশ দেওয়া হয়। পুনঃশুনানি শেষে একই বছরের ৪ আগস্ট প্রথমে রিট দুটি খারিজ করে এবং পরে তা প্রত্যাহার করে আদেশ দেন হাইকোর্ট। এরপর প্রধান বিচারপতি বিষয়টি নিষ্পত্তির জন্য ওই বেঞ্চে (আজ রায় প্রদানকারী বেঞ্চ) পাঠান। এই বেঞ্চে আজ রিট দুটি খারিজ (রুল ডিসচার্জ) করা হলো। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৯.২০২৬ রনি)

## বাংলাদেশে গ্যাস অনুসন্ধান নিয়ে যা বললেন তারেক রহমান

সাময়িক গ্যাস সংকটের কারণে শিল্পখাত যেন বড় ধরনের ক্ষতির মুখে না পড়ে, সেজন্য দেশীয় গ্যাস উৎপাদন বৃদ্ধি, নতুন এলএনজি টার্মিনাল স্থাপন এবং অনুসন্ধান কার্যক্রম জোরদারের ওপর সরকার বিশেষ জোর দিচ্ছে বলে প্রধানমন্ত্রী তারেক রহমান জানিয়েছেন। ডিডাব্লিউর কনটেন্ট পার্টনার দ্য ডেইলি স্টার জানাচ্ছে, বুধবার সংসদ অধিবেশনের নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে সরকারি দলের সংসদ সদস্য সুলতানা আহমেদের তারকাচিহ্নিত প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী এ কথা জানান। তিনি বলেন, ২০৩০-৩১ সালের মধ্যে সরকার ১৫০ কূপ খনন, ৪ হাজার ৫০০ বর্গকিলোমিটার টুডি সিসমিক জরিপ এবং ৪ হাজার ২০০ বর্গকিলোমিটার থ্রিডি সিসমিক জরিপ পরিচালনার পরিকল্পনা হাতে নিয়েছে। প্রধানমন্ত্রী তারেক রহমান বলেন, গভীর ও অগভীর সমুদ্রে ২৬টি অফশোর ব্লকে তেল-গ্যাস অনুসন্ধান ও উত্তোলনের জন্য ২৪ মে আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলোর কাছ থেকে দরপত্র আহ্বান করা হয়েছে। দরপত্র জমার শেষ সময় নভেম্বর। অনশোরে বা স্থলভাগে তেল-গ্যাস অনুসন্ধানে বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করতে সরকার 'বাংলাদেশ অনশোর মডেল পিএসসি-২০২৬' প্রণয়নের উদ্যোগ নিয়েছে বলেও জানান প্রধানমন্ত্রী। বর্তমানে দুটি ভাসমান এলএনজি টার্মিনালের মাধ্যমে দৈনিক গড়ে ৯৩৫ মিলিয়ন ঘনফুট গ্যাস সরবরাহ করা হচ্ছে জানিয়ে তিনি বলেন, সংকট থেকে শিল্পখাত রক্ষায় মহেশখালীর কুতুবজোমে একটি নতুন ভাসমান এলএনজি টার্মিনাল এবং মাতারবাড়ীতে একটি স্থল এলএনজি টার্মিনাল স্থাপনের কাজ চলছে। পরিকল্পনা অনুযায়ী কুতুবজোম থেকে রিগ্যাসিফাইড এলএনজি ২০২৮ সালে এবং মাতারবাড়ী থেকে ২০৩০ সালের ডিসেম্বরের মধ্যে সরবরাহ পাওয়া যাবে বলে আশা প্রকাশ করেন প্রধানমন্ত্রী তারেক রহমান। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৯.২০২৬ রনি)

## ফিলিপাইন্সে নৌকায় আগুন, মৃত পাঁচ, নিখোঁজ ৮৭

ফিলিপাইন্সে পালাওয়ান প্রদেশে একটি নৌকায় আগুন লেগে অন্ততপক্ষে পাঁচজন মারা গেছেন এবং ৮৭ জন নিখোঁজ বলে কোস্ট গার্ড বৃহস্পতিবার জানিয়েছে। বুধবার সন্ধ্যায় এই ঘটনা ঘটে। কোরোনের প্রায় দুই কিলোমিটার দূরে নৌকায় আগুন লেগে যায়। নৌকাটি ম্যানিলার বাসেকোতে যাচ্ছিল। কোস্ট গার্ডের কর্মকর্তারা জানিয়েছেন, ৪২ জনকে উদ্ধার করা হয়েছে। তার মধ্যে ৩৮ জন যাত্রী ও চারজন কর্মী। কোস্ট গার্ডের দেওয়া ভিডিওতে দেখা গিয়েছে, নৌকাটিতে দাউদাউ করে আগুন জ্বলছে। নৌকায় ১১৭ জন যাত্রী ও ১৭ জন কর্মী ছিলেন। ৮৭ জন নিখোঁজ। কোস্ট গার্ড পুরোদমে উদ্ধারকাজ করছে। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৯.২০২৬ রনি)

## মায়ের মৃত্যুতে চিন্ময় কৃষ্ণ দাসকে প্যারোলে মুক্তির আদেশ

মায়ের মৃত্যুতে সনাতনী জাগরণ জোটের কারাবন্দি মুখপাত্র চিন্ময় কৃষ্ণ দাস ব্রহ্মচারীকে পাঁচ ঘণ্টার জন্য প্যারোলে মুক্তির আদেশ দেওয়া হয়েছে।আজ বৃহস্পতিবার দুপুরে চট্টগ্রামের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সৈয়দ মাহবুবুল হক এই আদেশ দেন। এর আগে প্যারোলে মুক্তির জন্য চিন্ময়ের পরিবারের পক্ষ থেকে চট্টগ্রাম জেলা প্রশাসকের কাছে আবেদন করা হয়। সকালে চট্টগ্রামের হাটহাজারীর পুণ্ডরীক ধামে চিন্ময় কৃষ্ণ দাস ব্রহ্মচারীর মা সন্ধ্যা রানী ধর (৭২) মারা যান। চট্টগ্রাম জেলা প্রশাসক মোহাম্মদ জাহিদুল ইসলাম মিঞা ডয়চে ভেলের কন্টেন্ট পার্টনার প্রথম আলোকে বলেন, ``আবেদনের পরিপ্রেক্ষিতে আমরা আইনানুগ ব্যবস্থা গ্রহণ করেছি। তার প্যারোল আবেদন মঞ্জুর করা হয়েছে। তাকে পাঁচ ঘণ্টার জন্য প্যারোল দেওয়া হয়েছে।'' চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারের জ্যেষ্ঠ তত্ত্বাবধায়ক ইকবাল হোসেন প্রথম আলোকে বলেন, ``বিষয়টি আমরা শুনেছি। আদেশটি হাতে পাওয়ার সঙ্গে সঙ্গে তাকে মুক্তি দেওয়া হবে।'' ২০২৪ সালের ৩১ অক্টোবর চট্টগ্রাম নগরের চান্দগাঁও মোহরা ওয়ার্ড বিএনপির তৎকালীন সাধারণ সম্পাদক ফিরোজ খান বাদী হয়ে কোতোয়ালি থানায় চিন্ময় কৃষ্ণ দাস ব্রহ্মচারীসহ ১৯ জনের বিরুদ্ধে জাতীয় পতাকা অবমাননায় রাষ্ট্রদ্রোহের অভিযোগে ওই মামলা করেন। পরে ফিরোজ খানকে বিএনপি থেকে অব্যাহতি দেওয়া হয়। চিন্ময় কৃষ্ণ দাসকে এ মামলায় ২০২৪ সালের ২৫ নভেম্বর ঢাকা থেকে গ্রেপ্তার করা হয়। একই বছরের ২৬ নভেম্বর সনাতনী জাগরণ জোটের মুখপাত্র চিন্ময় দাসের জামিনকে কেন্দ্র করে সংঘর্ষের মধ্যে আইনজীবী সাইফুল ইসলামকে পিটিয়ে ও কুপিয়ে হত্যা করা হয়। এ হত্যার ঘটনায় তার বাবা জামাল উদ্দিন বাদী হয়ে ৩১ জনের নাম উল্লেখ করে হত্যা মামলা করেন। (ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৯.২০২৬ রনি)

## বন্যা-সহায়তায় `জলবায়ু ন্যায়বিচারও, চাইবে নেপাল

নেপাল ও তিব্বতে বন্যায় ১৩শ'র বেশি মানুষের মৃত্যু হয়েছে, এখনো নিখোঁজ অন্তত পাঁচ হাজার ৩০০ জন। বন্যায় ভেসে গেছে অনেক রাস্তাঘাট, বিদ্যুৎ কেন্দ্র, সেতু, বসতি ও ব্যবসা প্রতিষ্ঠান।এত ক্ষতি সামলাতে বিভিন্ন বৈশ্বিক সংস্থা ও ধনী দেশগুলোর কাছে সহায়তা চাইবে নেপাল। চাইবে আর্থিক সহায়তা। নেপালের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা বার্তা সংস্থা রয়টার্সকে জানান, প্রাথমিক পুনর্গঠনের জন্য এ মুহূর্তে অন্তত ৫ বিলিয়ন ডলারের তহবিল প্রয়োজন। তারা বলেন, এই দুর্যোগ প্রমাণ করে যে, জলবায়ু পরিবর্তনের জন্য দায়ী না হয়েও দরিদ্র দেশগুলো এর ভয়াবহ প্রভাবের শিকার হচ্ছে। এবারের বন্যায় ব্যাপক ক্ষতি হয়েছে নেপালের। ১২টিরও বেশি জলবিদ্যুৎ কেন্দ্র ছাড়াও ভেসে গেছে

আন্তঃসীমান্ত বাণিজ্য পথ, রাস্তাঘাট, সেতু, ঘর-বাড়ি ও অন্যান্য অবকাঠামো। নেপালের দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের প্রধান ধরম রাজ উপ্রেতি রয়টার্সকে জানিয়েছেন, প্রাথমিক তহবিল-সংক্রান্ত ৫ বিলিয়ন ডলারের হিসাবটি মূলত পুনরুদ্ধার কার্যক্রমের প্রথম পাঁচ মাসের জন্য। বিশ্বব্যাংক ও এশিয়ান ডেভেলপমেন্ট ব্যাংক (এডিবি)-র পাশাপাশি যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ভারত, চীন, জাপান ও ইউরোপীয় ইউনিয়নের মতো জোট ও কিছু দেশের দূতাবাসগুলোর কাছে এ হিসেবে উপস্থাপন করা হবে।তিনি বলেন, ``এ দুর্যোগ শুধু বন্যাজনিত নয়, এ এক বিশাল ঘটনা। এটা জলবায়ু পরিবর্তনজনিত দুর্যোগ...''

## জলবায়ু পরিবর্তনের প্রভাব ও যৌথ দায়বদ্ধতা

নেপালের কর্মকর্তারা এবারের বন্যাকে দরিদ্র দেশগুলোর ওপর জলবায়ু পরিবর্তনের অসম প্রভাবের উদাহরণ হিসেবে তুলে ধরেছেন। ন্যাশনাল ডিজাস্টার রিস্ক রিডাকশন অ্যান্ড ম্যানেজমেন্ট অথরিটির ভূতাত্ত্বিক প্রকাশ পোখরেল বলেন, নেপাল আশা করে, বৈশ্বিক সংস্থা ও অন্যান্য অংশীদাররা ``এ ধরনের ঘটনাকে স্বীকৃতি দেবে এবং এর দায়বদ্ধতা গ্রহণ করবে'', যদিও কে কতটুকু অবদান রাখবে, তা নির্ধারণ করার এখতিয়ার নেপালের নেই। তিনি আরো বলেন, ``জলবায়ু পরিবর্তনের কারণ আমাদের আর বলার দরকার নেই, কারণ, জলবায়ু পরিবর্তন কেন ঘটছে এবং কারা এতে সবচেয়ে বেশি ভূমিকা রাখছে, তা আপনারা ইতিমধ্যেই জানেন।'' ``নেপালের মতো দেশগুলো জলবায়ু পরিবর্তনে উল্লেখযোগ্য কোনো ভূমিকা রাখে না, অথচ তাদেরই এমন ভয়াবহ দুর্যোগের মোকাবিলা করতে হচ্ছে। তাহলে এটি কেন বিশ্ব সম্প্রদায়ের যৌথ দায়িত্ব হবে না?'' বিশ্বের মোট কার্বন নিঃসরণের প্রায় এক-তৃতীয়াংশই আসেচীন থেকে। এছাড়া যুক্তরাষ্ট্র এবং নেপালের আরেক প্রতিবেশী দেশ ভারতের নামও রয়েছে বিশ্বের শীর্ষ নিঃসরণকারী দেশগুলোর তালিকায়। জাতিসংঘের কাছে নেপাল দাবি করেছে, গ্রিনহাউস গ্যাস নিঃসরণে তাদের ভূমিকা খুব নগণ্য।আজ বৃহস্পতিবার নেপালের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র গুও জিয়াকুন নিয়মিত সংবাদ ব্রিফিংয়ে জানান, চীন দুর্যোগ-পরবর্তী পুনর্গঠন কাজে নেপালকে সাধ্যমতো সহায়তা দিতে প্রস্তুত। তিনি বলেন, নেপালে দুর্যোগের পরপরই বেইজিং সহায়তা শুরু করেছিল, একই সময়ে নিজেদের ভূখণ্ডেও উদ্ধার ও ত্রাণ কার্যক্রমও চালাচ্ছিল। গুও জিয়াকুন বলেন, ``আমরা বিশ্বাস করি, সরকারের নেতৃত্বে নেপালের জনগণ এই দুর্যোগ কাটিয়ে উঠতে এবং নিজেদের ঘর-বাড়ি দ্রুত পুনর্নির্মাণ করতে পারবে।''

### নেপাল কি দ্রুত পর্যাপ্ত সহায়তা পাবে?

দক্ষিণ এশিয়ার আরেক দেশ পাকিস্তানের অভিজ্ঞতা বলছে, প্রাকৃতিক দুর্যোগ-সংক্রান্ত আন্তর্জাতিক অর্থ সহায়তা আসতে সাধারণত বেশ দেরি হয়। অনেক সময় তা প্রাথমিক প্রতিশ্রুতির চেয়ে ধীরগতিতে আসে। ২০২২ সালে ভয়াবহ বন্যা হয়েছিল। কয়েক লাখ মানুষ বাস্তুচ্যুত হয়েছিল সেই বন্যায়। বন্যার পর আর্থিক সহায়তা হিসেবে ইসলামি উন্নয়ন ব্যাংক ও সৌদি আরবসহ বিভিন্ন আন্তর্জাতিক অংশীদারের কাছ থেকে প্রায় ১১ বিলিয়ন ডলারের প্রতিশ্রুতি পেয়েছিল পাকিস্তন। কিন্তু প্রতিশ্রুত অর্থের প্রায় ৪২ শতাংশ, অর্থাৎ প্রায় ৪.৬ বিলিয়ন ডলার সরাসরি বন্যা-পরবর্তী পুনর্গঠন কাজে না দিয়ে আন্তর্জাতিক অংশীদারদের মাধ্যমে তেল আমদানির খাতে বরাদ্দ করা হয়। পাকিস্তান সরকারের ২০২৪ সালের শুরুর দিকের হিসেব অনুযায়ী, ১১ বিলিয়ন ডলারের মধ্যে প্রকৃতপক্ষে মাত্র ৩.৪ বিলিয়ন ডলার ছাড় করা হয়েছিল। ৩.৪ বিলিয়ন ডলারের মধ্যে ১.৪৫ বিলিয়ন ডলারই ছিল তেল আমদানির জন্য।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ১০.০৯.২০২৬ রনি)

# জাগো নিউজ

## কোস্টগার্ডকে জরুরি চিকিৎসা সরঞ্জাম দিলো যুক্তরাষ্ট্র

বাংলাদেশ কোস্টগার্ডকে জরুরি চিকিৎসা ও প্রশিক্ষণ সরঞ্জাম দিয়েছে যুক্তরাষ্ট্র। জরুরি পরিস্থিতিতে প্রাথমিক চিকিৎসাসেবা ও দুর্যোগ মোকাবিলায় বাংলাদেশ কোস্টগার্ডের সক্ষমতা এতে আরও সুদৃঢ় হবে। বুধবার (৯ সেপ্টেম্বর) যুক্তরাষ্ট্র দূতাবাস এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়। বিজ্ঞপ্তিতে বলা হয়, ওভারসিজ হিউম্যানিটারিয়ান অ্যাসিস্ট্যান্স শেয়ার্ড ইনফরমেশন সিস্টেম প্রকল্পের আওতায় দেওয়া এ সহায়তার মধ্যে রয়েছে জরুরি চিকিৎসার প্রয়োজনীয় সরঞ্জামে পূর্ণ ১২০টি ট্রমা রেসপন্স ব্যাগ ও কোস্টগার্ড সদস্যদের সিপিআর প্রশিক্ষণের জন্য ২১টি ম্যানিকিন। এ উদ্যোগ বাংলাদেশ কোস্টগার্ড এবং মানবিক সহায়তা ও দুর্যোগ মোকাবিলা সক্ষমতা জোরদারে যুক্তরাষ্ট্রের দীর্ঘদিনের সহায়তার ধারাবাহিকতা বজায় রাখার পাশাপাশি পারস্পরিক নিরাপত্তা সহযোগিতা এগিয়ে নেবে এবং প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে সক্ষম অংশীদারদের আরও শক্তিশালী করবে বিজ্ঞপ্তিতে জানানো হয়।

(জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৯.২০২৬ রুবাইয়া)

## কৃষ্টি-সংস্কৃতি বিবেচনায় শিক্ষাব্যবস্থাকে ঢেলে সাজাতে হবে: রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছে বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির (এপিইউবি) একটি প্রতিনিধিদল। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) দুপুরে বঙ্গভবনে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়েছে বলে

রাষ্ট্রপতির প্রেস উইং থেকে জানানো হয়েছে। সাক্ষাৎকালে রাষ্ট্রপতির সামরিক সচিব ও প্রেস সচিব উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে রাষ্ট্রপতি বলেন, বিগত আমলের রেখে যাওয়া ভঙ্গুর শিক্ষাব্যবস্থাকে নতুন করে ঢেলে সাজাতে হবে। তিনি উল্লেখ করেন, নানা ধরনের শিক্ষাব্যবস্থাকে একত্রিত করে একটি সমন্বিত শিক্ষাব্যবস্থা চালু করা প্রয়োজন। বিগত ফ্যাসিস্ট আমলে ঢালাওভাবে মানহীন শিক্ষাপ্রতিষ্ঠানের অনুমোদন দেওয়ার ফলে অদক্ষ জনশক্তি তৈরি হয়েছে। তিনি বলেন, ভোকেশনাল ও কারিগরি শিক্ষাব্যবস্থার ওপর আরও জোর দিতে হবে। এর মাধ্যমে দক্ষ জনশক্তি তৈরি করে বিদেশে জনশক্তি রপ্তানি এবং আরও বৈদেশিক মুদ্রা অর্জন করা সম্ভব। রাষ্ট্রপতি জোর দিয়ে বলেন, দেশের সাহিত্য, কৃষ্টি, সংস্কৃতি, কর্মসংস্থান ও প্রয়োজন— সবকিছু বিবেচনায় নিয়ে শিক্ষা ব্যবস্থাকে নতুন করে ঢেলে সাজাতে হবে। সাক্ষাৎকালে প্রতিনিধি দল দেশের উচ্চশিক্ষার সার্বিক উন্নয়ন, বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর বর্তমান অবস্থা, দক্ষ মানবসম্পদ গঠন এবং দেশের অর্থনৈতিক অগ্রগতিতে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর অবদানের বিষয় রাষ্ট্রপতির কাছে তুলে ধরেন। এ সময় তারা কর্মদক্ষতা ও ফলাফলভিত্তিক মূল্যায়ন ব্যবস্থা চালু করা এবং নতুন বিশ্ববিদ্যালয় অনুমোদনের ক্ষেত্রে জাতীয় প্রয়োজন, বিষয়ভিত্তিক চাহিদা, বিনিয়োগ সক্ষমতা ও গুণগত মানকে গুরুত্ব দেওয়ার আহ্বান জানান। এপিইউবির প্রতিনিধিদলের সদস্যরা যোগ্য বিশ্ববিদ্যালয়গুলোকে পিএইচডি ডিগ্রি প্রদান, গবেষণা, পেটেন্ট ও বাণিজ্যিকীকরণের পূর্ণ সুযোগ দেওয়ার দাবি জানান। পাশাপাশি শিল্প-সংযুক্ত পাঠ্যক্রম, ইন্টার্নশিপ, শিক্ষানবিশ (অ্যাপ্রেন্টিসশিপ), বিদেশি ভাষা শিক্ষা, কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ও পেশাগত দক্ষতার মাধ্যমে প্রত্যেক গ্র্যাজুয়েটকে কর্মসংস্থানযোগ্য করে তোলার ওপর গুরুত্ব দেন। এ ছাড়া বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনকে (ইউজিসি) সহায়ক ও উন্নয়নমুখী নিয়ন্ত্রক সংস্থা হিসেবে গড়ে তোলা এবং একটি সমন্বিত জাতীয় শিক্ষা ব্যবস্থা প্রণয়নের জন্য রাষ্ট্রপতির কাছে দাবি জানান তারা। রাষ্ট্রপতি বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর উচ্চশিক্ষার প্রসার, গবেষণা, উদ্ভাবন ও জাতীয় উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকার প্রশংসা করে বলেন, কয়েকটি বেসরকারি বিশ্ববিদ্যালয় বিশ্ব র‍্যাংকিংয়ে তাদের অবস্থান অটুট রেখেছে। বিশ্ববিদ্যালয়গুলোর চ্যান্সেলর হিসেবে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর উন্নয়নে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন রাষ্ট্রপতি। এপিইউবি চেয়ারম্যান ড. মো. সবুর খানের নেতৃত্বে প্রতিনিধি দলে সংগঠনের ভাইস চেয়ারম্যান বেনজীর আহমেদ ও কে বি এম মঈন উদ্দিন চিশতি, ট্রেজারার কায়ুম রেজা চৌধুরী, এক্সিকিউটিভ কাউন্সিলের সদস্য আব্দুল কাসেম হায়দার, কাজী জাহেদুল হাসান ও নওশাদ শামসুল আরেফিন এবং এপিইউবি সচিবালয়ের পরিচালক বেলাল আহমেদ উপস্থিত ছিলেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৯.২০২৬ রুবাইয়া)

## আর্মি মেডিকেল ও আর্মি ডেন্টাল কোরের অধিনায়ক সম্মেলনে সেনাপ্রধান

আর্মি মেডিকেল কোর এবং আর্মি ডেন্টাল কোরের বার্ষিক অধিনায়ক সম্মেলন-২০২৬ অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) টাঙ্গাইলের ঘাটাইলে অবস্থিত শহীদ সালাহউদ্দিন সেনানিবাসে আর্মি মেডিকেল কোর সেন্টার অ্যান্ড স্কুলে (এএমসিসিএন্ডএস) এটি অনুষ্ঠিত হয়। আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তরের (আইএসপিআর) পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। আইএসপিআর জানায়, সেনাবাহিনী প্রধান বার্ষিক অধিনায়ক সম্মেলনে উপস্থিত আর্মি মেডিকেল কোর এবং আর্মি ডেন্টাল কোরের অধিনায়ক ও অন্যান্য কর্মকর্তাদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন। এ সময় তিনি আর্মি মেডিকেল কোর এবং আর্মি ডেন্টাল কোরের প্রযুক্তিগত উন্নয়ন, গবেষণা, পেশাগত দক্ষতা বৃদ্ধি ও ভবিষ্যৎ পরিকল্পনাসহ বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেন। সেনাবাহিনী প্রধান আর্মি মেডিকেল কোর এবং আর্মি ডেন্টাল কোরের গৌরবোজ্জ্বল ঐতিহ্য তুলে ধরার পাশাপাশি চিকিৎসা সেবায় তাদের বিভিন্ন কর্মকাণ্ড এবং অবদানের ভূয়সী প্রশংসা করেন। এছাড়াও, সততা, সত্যনিষ্ঠা ও কর্তব্যবোধে ব্রতী হয়ে সেবামূলক কার্যক্রমের মাধ্যমে এই কোরের প্রশংসনীয় ভূমিকা অব্যাহত থাকবে বলে সেনাপ্রধান আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠানে সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তরের মহাপরিচালক, আর্মি ট্রেনিং অ্যান্ড ডকট্রিন কমান্ডের ভারপ্রাপ্ত জিওসি, সেনাবাহিনীর অ্যাডজুটেন্ট জেনারেল; ১৯ পদাতিক ডিভিশনের জিওসি ও ঘাটাইল এরিয়ার এরিয়া কমান্ডার, অন্যান্য ঊর্ধ্বতন সামরিক কর্মকর্তা এবং সংশ্লিষ্ট কোরের অধিনায়ক ও কর্মকর্তাসহ বিভিন্ন পর্যায়ের সদস্য উপস্থিত ছিলেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৯.২০২৬ রুবাইয়া)

## এমপিদের মোবাইল ফোন হ্যাক করে টাকা চাওয়া হচ্ছে, সতর্ক করলেন চিফ হুইপ

সংসদ ভবনে প্রবেশের সময় সংসদ সদস্যদের (এমপি) ফেস রিডিং ডিভাইসে মুখমণ্ডল শনাক্ত করার অনুরোধ জানিয়েছেন চিফ হুইপ মো. নুরুল ইসলাম মনি। একই সঙ্গে এমপিদের মোবাইল ফোন হ্যাক করে জরুরি টাকা পাঠানোর অনুরোধ জানানো এবং ভয়েস ক্লোন করে প্রতারণার বিষয়ে সতর্ক করেছেন তিনি। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) বেলা ৩টায় শুরু হওয়া ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনে অনির্ধারিত আলোচনায় দাঁড়িয়ে তিনি এসব কথা বলেন। অধিবেশনে সভাপতিত্ব করেন ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল। চিফ হুইপ বলেন, `আমাদের একটা ফেস রিডিং ডিভাইস আছে। আমাদের সব লবিতে ফেস রিডিং করা হয়। তো আমি মাননীয় সকল সংসদ সদস্যকে অনুরোধ করবো, যাতে প্রত্যেকে ফেস রিডিং করে হাউজে ঢোকেন।, সংসদ সদস্যদের মোবাইল

ফোন হ্যাক হওয়ার বিষয়ে সতর্ক করে নুরুল ইসলাম মনি বলেন, `মোবাইল ফোন নিয়ে পত্রিকায় খবর প্রকাশিত হয়েছে। গতকাল তিনজন সংসদ সদস্য আমাকে জানিয়েছেন, তাদের নম্বর থেকে জরুরি ভিত্তিতে ৫০ হাজার টাকা চেয়ে বার্তা পাঠানো হয়েছে। আরেকজনের নম্বর থেকে ৩০ হাজার টাকা এবং অন্য একজনের নম্বর থেকে ২৫ হাজার টাকা চাওয়া হয়েছে।, চিফ হুইপ জানান, যেসব নম্বর থেকে এসব বার্তা পাঠানো হয়েছে, সেসব নম্বরে যোগাযোগের চেষ্টা করা হলেও তারা ফোন ধরেননি। চিফ হুইপ বলেন, `মানে ফোন হ্যাক হয়েছে।, তিনি বলেন, `আমি সব সংসদ সদস্যের দৃষ্টি আকর্ষণ করতে চাই, এ ব্যাপারে আমাদের যথেষ্ট সচেতন হওয়া খুবই জরুরি হয়ে দাঁড়িয়েছে। কারণ এই বিষয়টি আপনারা জানলে সারা বাংলাদেশ জানবে বলে আমি মনে করি। আর এই টেলিভিশনের মাধ্যমে সারা বাংলাদেশের মানুষ জানুক—ভয়েস ক্লোন করে এবং কাগজপত্র নিয়ে এই কাজটা করছে কিছু কিছু মানুষ।, নুরুল ইসলাম মনি আরও বলেন, `সিগনেচারকে (স্বাক্ষর) টেম্পার করে একটা কাগজ হাজির করছে, সেটাও প্রবলেম হয়েছে। বিরোধীদলের অনেক সদস্যের হয়েছে, সরকারি দলের অনেক সদস্যের হয়েছে। কাজেই এই ব্যাপারেও সচেতন হওয়ার জন্য আমি সকল সদস্যের দৃষ্টি আকর্ষণ করছি।, এরপর ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল বিষয়টি উত্থাপন করায় চিফ হুইপকে ধন্যবাদ জানান এবং এ ধরনের প্রতারণা ঠেকাতে রাষ্ট্রীয়ভাবে প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়ার বিষয়ে জানতে চান। জবাবে চিফ হুইপ বলেন, `এ বিষয়ে অলরেডি গতকালকেই কথা বলেছি। আর যে প্রোটেক্টিভ মেজার যা নেওয়া সম্ভব, সেটা অলরেডি বিটিআরসি করার চেষ্টা করছে। গতকালকেই কথা বলেছি, যাতে এই সমস্যার আমরা সমাধান করতে পারি।, এরপর ডেপুটি স্পিকার বলেন, `এক্সিলেন্ট। এটাই শুনতে চেয়েছিলাম।,
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৯.২০২৬ রুবাইয়া)

## শ্রীলঙ্কায় রপ্তানি হবে আলু ও পেঁয়াজ

শ্রীলঙ্কার বাজারে বাংলাদেশি আলু রপ্তানির সম্ভাবনা যাচাই করতে শিগগিরই দেশটিতে বাণিজ্য প্রতিনিধি দল পাঠাবে বাংলাদেশ। একই সঙ্গে পেঁয়াজ রপ্তানির সুযোগও খতিয়ে দেখা হবে। এ উদ্যোগের মাধ্যমে কৃষিপণ্য রপ্তানিতে নতুন বাজার তৈরির পাশাপাশি দুই দেশের দ্বিপাক্ষিক বাণিজ্য বাড়ানোর প্রত্যাশা করছে বাংলাদেশ। হংকংয়ে অনুষ্ঠিত ১১তম `বেল্ট অ্যান্ড রোড সামিট ২০২৬, এর দ্বিতীয় দিনে আজ বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) এক সাইড ইভেন্টে বাংলাদেশের বাণিজ্য, শিল্প এবং বস্ত্র ও পাটমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদিরের সঙ্গে শ্রীলঙ্কার বাণিজ্য, বাণিজ্যিক কার্যক্রম, খাদ্য নিরাপত্তা ও সমবায় উন্নয়নমন্ত্রী ওয়াসান্থা সামারাসিংহের দ্বিপাক্ষিক বৈঠকে এসব বিষয়ে আলোচনা হয়। মন্ত্রণালয়ের পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি বলা হয়, বৈঠকে বাংলাদেশের কৃষিপণ্যের উৎপাদন সক্ষমতা, শ্রীলঙ্কার বাজারে আলুর মূল্য পরিস্থিতি এবং আঞ্চলিক সরবরাহব্যবস্থার চ্যালেঞ্জ নিয়ে আলোচনা করা হয়। বাংলাদেশের বাণিজ্যমন্ত্রী জানান, দেশে স্থানীয় চাহিদা পূরণের পরও উল্লেখযোগ্য পরিমাণ আলু ও পেঁয়াজ উদ্বৃত্ত থাকে। এসব পণ্যের জন্য নতুন রপ্তানি বাজার তৈরি করা প্রয়োজন। তিনি বলেন, বর্তমানে দেশের খুচরা বাজারে নতুন আলু কেজিপ্রতি ২৫ থেকে ৩০ টাকায় বিক্রি হচ্ছে। তুলনামূলক কম উৎপাদনমূল্য ও প্রতিযোগিতামূলক দামের কারণে শ্রীলঙ্কার বাজারে বাংলাদেশি আলুর সম্ভাবনা রয়েছে। বৈঠকে শ্রীলঙ্কার মন্ত্রী ওয়াসান্থা সামারাসিংহে বাংলাদেশ থেকে আলু ও পেঁয়াজ আমদানিতে আগ্রহ প্রকাশ করেন। তিনি বলেন, আঞ্চলিক বাণিজ্য জোরদার হলে এ অঞ্চলের মানুষের জন্য তা ইতিবাচক ফল বয়ে আনবে। শ্রীলঙ্কার বাজারে আলুর চাহিদা, দাম ও বাণিজ্যিক সম্ভাবনা যাচাই করতে পটেটো অ্যাসোসিয়েশনের প্রতিনিধিদের সমন্বয়ে বাংলাদেশ থেকে একটি বাণিজ্য প্রতিনিধি দল পাঠানো হবে বলে বৈঠকে জানানো হয়। প্রতিনিধি দলটি স্থানীয় ব্যবসায়ী ও ফুড প্রসেসর্স অ্যাসোসিয়েশনসহ সংশ্লিষ্ট বাণিজ্যিক সংগঠনের সঙ্গে বৈঠক করবে। বাংলাদেশের বাণিজ্যমন্ত্রী দেশের বেসরকারি খাতকে শ্রীলঙ্কার বাজারে দীর্ঘমেয়াদি অবস্থান তৈরির আহ্বান জানান। খন্দকার আব্দুল মুক্তাদির বলেন, রপ্তানি বাজার ধরে রাখতে বছরজুড়ে মানসম্মত পণ্য সরবরাহের পাশাপাশি প্রতিযোগিতামূলক দাম নিশ্চিত করতে হবে। প্রয়োজন হলে শ্রীলঙ্কায় গুদামজাতকরণ ও অন্যান্য অবকাঠামোগত সুবিধা তৈরির সম্ভাবনাও যাচাই করা হবে। দুই পক্ষের আশা, এ উদ্যোগ বাস্তবায়িত হলে বাংলাদেশের কৃষিপণ্যের জন্য নতুন রপ্তানি বাজার তৈরি হবে। একই সঙ্গে কৃষকরা উৎপাদিত আলুর ন্যায্যমূল্য পাওয়ার সুযোগ পাবেন এবং শ্রীলঙ্কার ভোক্তারাও তুলনামূলক সাশ্রয়ী দামে আলু কেনার সুযোগ পাবেন।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৯.২০২৬ রুবাইয়া)

## চট্টগ্রামে বিশেষ অভিযানে গ্রেফতার ৫৫০, ইয়াবা উদ্ধার ১৭ হাজার

চট্টগ্রামে মাদকবিরোধী বিশেষ অভিযান ও নিয়মিত মামলায় গত ২৪ ঘণ্টায় ৫৫০ জনকে গ্রেফতার করেছে পুলিশ। এ সময় ১৭ হাজার ১৫৩ পিস ইয়াবাসহ বিপুল পরিমাণ মাদকদ্রব্য উদ্ধার করা হয়েছে। বুধবার (৯ সেপ্টেম্বর) থেকে বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) সকাল পর্যন্ত চট্টগ্রাম রেঞ্জ পুলিশের ২৪ ঘণ্টার গ্রেফতার ও উদ্ধারসংক্রান্ত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। পুলিশের তথ্যমতে, গ্রেফতার ৫৫০ জনের মধ্যে নিয়মিত মামলায় ১০৪ জন, পূর্ববর্তী মামলায় ৫৯ জন, পুলিশ অ্যাক্টের ৩৪ ধারায় ৫৯ জন, ফৌজদারি কার্যবিধির ৫৪ ধারায় পাঁচজন এবং ১৫১ ধারাসহ অন্যান্য আইনে ৩৯ জন রয়েছেন। এ ছাড়া বিভিন্ন পরোয়ানায় ১৪২ জন এবং সাজা পরোয়ানামূলে ১৬ জনকে গ্রেফতার করা হয়েছে।

মাদক মামলায় গ্রেফতার করা হয়েছে ১৪১ জনকে। তাদের মধ্যে মাদক কারবারি ৪৪ জন, বহনকারী দুজন ও মাদকসেবী ৯৫ জন। মাদকবিরোধী অভিযানে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে ৫৯ জনকে কারাদণ্ড দেওয়া হয়েছে। পাশাপাশি ২০ হাজার ৮৫০ টাকা অর্থদণ্ড আদায় করা হয়েছে। অভিযানে মাদকদ্রব্য উদ্ধারের ঘটনায় ৩৩টি মামলা করা হয়েছে। পুলিশ জানায়, অভিযানে ১৭ হাজার ১৫৩ পিস ইয়াবা, ১৬৫ লিটার চোলাই মদ, ১৭ কেজি ৫২৫ গ্রাম গাঁজা, এক বোতল বিয়ার ও এক বোতল হুইস্কি উদ্ধার করা হয়েছে। জনস্বার্থে পরিচালিত মাদকবিরোধী বিশেষ অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছে পুলিশ।(জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৯.২০২৬ রুবাইয়া)

## গুজব-অপতথ্য প্রচারে ১০ বছরের জেল, ৪০ লাখ টাকা জরিমানা

সাইবার স্পেসে গুজব ও অপতথ্য প্রকাশ বা প্রচারের জন্য সর্বোচ্চ ১০ বছর কারাদণ্ড বা ৪০ লাখ টাকা অর্থদণ্ড কিংবা উভয় দণ্ডের বিধান রেখে সংশোধন হচ্ছে সাইবার সুরক্ষা আইন। এজন্য `সাইবার সুরক্ষা (সংশোধন) আইন, ২০২৬,-এর খসড়া করেছে সরকার। বর্তমান সাইবার সুরক্ষা আইনে গুজব ও অপতথ্য প্রচারের জন্য এ ধরনের কোনো ধারা বা শাস্তির বিধান নেই। সংশোধিত আইনের খসড়ায় বিভিন্ন সাইবার অপরাধের শাস্তি বাড়ানোর প্রস্তাব দেওয়া হয়েছে। মানহানি, হেয়প্রতিপন্ন করা ও বুলিংয়ের উদ্দেশ্যে ডিজিটাল তথ্য-উপাত্ত তৈরি, সংরক্ষণ, প্রেরণ, প্রকাশ, প্রচার বা প্রকাশের হুমকিকেও অপরাধের আওতায় আনার কথা বলা হয়েছে। এছাড়া কৃত্রিম বুদ্ধিমত্তা দিয়ে তৈরি বা সম্পাদিত তথ্য-উপাত্তের বিষয় যুক্ত করা; কোম্পানির নিবন্ধন, লাইসেন্স বা কার্যক্রম স্থগিত, বাতিল বা নিষিদ্ধ করার ক্ষমতা আদালতকে দেওয়া এবং গুরুতর অপরাধের বিচার সাইবার ট্রাইব্যুনাল ও অন্যান্য অপরাধের বিচার প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট আদালতে করার প্রস্তাব রাখা হয়েছে। একই সঙ্গে খসড়া আইন অনুযায়ী অপতথ্য, গুজব, মানহানিকর ও অবমাননাকর কনটেন্ট ব্লকের ক্ষমতার পরিধি বাড়ানো এবং ব্লক করা কনটেন্টের তথ্য জনসম্মুখে প্রকাশের বাধ্যবাধকতা বাদ দেওয়ার মতো পরিবর্তনও থাকছে। আইনের খসড়াটি চূড়ান্ত করতে সংশ্লিষ্ট পক্ষগুলোর মতামত নিচ্ছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) সচিবালয়ে সংশোধিত সাইবার সুরক্ষা আইনের খসড়া পর্যালোচনায় প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার অংশীজনদের সঙ্গে মতবিনিময়ের মাধ্যমে এ কার্যক্রম শুরু হয়েছে। এছাড়া অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে হওয়া `সাইবার সুরক্ষা আইন, ২০২৬, সংশোধনে গত ২৯ জুন একটি মন্ত্রিসভা কমিটিও গঠন করে দেওয়া হয়। সংশোধিত সাইবার সুরক্ষা আইনের খসড়ার বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগের সচিব মো. মামুনুর রশিদ ভুঞা জাগো নিউজকে বলেন, `আজকে মিডিয়ার সঙ্গে আমাদের একটি প্রাথমিক মিটিং হয়েছে। আরও মিটিং হবে। বিভিন্ন ক্যাটাগরির স্টেকহোল্ডারদের সঙ্গে আমরা বসব।,

তিনি বলেন, `এটার জন্য একটি মন্ত্রিসভা কমিটি গঠন করে দেওয়া হয়েছে। ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রীকে প্রধান করে স্বরাষ্ট্রমন্ত্রী, আইনমন্ত্রী, তথ্যমন্ত্রী, পররাষ্ট্রমন্ত্রীসহ পাঁচ সদস্য নিয়ে একটি মন্ত্রিসভা কমিটি করা হয়েছে।, `তারা সবকিছু মিলিয়ে শেষ পর্যন্ত একটি সাজেশন দেবেন, কীভাবে আইনটি সংশোধন করা যায়। এটা করার আগে আমরা কনসালটেশনের অংশ হিসেবে আজকে মিডিয়ার সঙ্গে কথা বলা প্রয়োজন মনে করেছি। এজন্যই এটা শুরু করেছি। মিডিয়ার প্রতিনিধিরাও অনেক ধরনের রেকমেন্ডেশন তাৎক্ষণিকভাবে দিয়েছেন, বলেন সচিব। সাইবার স্পেস ব্যবহারের ক্ষেত্রে মানুষের অধিকারকে গুরুত্ব দেওয়ার কথা জানিয়ে আইসিটি সচিব বলেন, `আমরা চাচ্ছি সবাই গঠনমূলকভাবে মতামত দেবেন। অবশ্যই আমরা মানুষের অধিকারকে গুরুত্ব দেব। কিন্তু যারা খুব খারাপভাবে এই সাইবার স্পেস ব্যবহার করে, মানুষের চরিত্রহনন থেকে শুরু করে, তাদের জন্য তো কিছু একটা করা দরকার।, মামুনুর রশিদ বলেন, `সাধারণ মানুষ যাবে কোথায়? যাদেরকে এই সাইবার স্পেস, সাইবার বুলিংয়ের শিকার হতে হচ্ছে, বিশেষ করে নারীরা অনেক ধরনের দুর্ঘটনার শিকার হয়ে যাচ্ছেন। এগুলো বিবেচনা করেই এটা একটি ড্রাফট। আমরা আজকে আলাপটা শুরু করেছি।, তিনি বলেন, `সব শেষে গিয়ে সব স্টেকহোল্ডার যারা আছেন, সবার সঙ্গে কথা বলে যেটা যুক্তিযুক্ত মনে হবে, সেটাই করা হবে। এখানে অনেক মানুষজন আছেন, সিনিয়র মানুষজন আছেন, বিজ্ঞ মানুষজন আছেন। সবাই মিলে যেটা যথোপযুক্ত হবে, সেটাই হয়তো শেষ পর্যন্ত করা হবে।, আগের সাইবার আইন মানুষের কণ্ঠরোধের হাতিয়ার হিসেবে ব্যবহারের অভিযোগের বিষয়েও সর্বোচ্চ গুরুত্ব দেওয়া হবে বলে জানান তিনি। আইসিটি সচিব বলেন, `একটা বড় ধরনের অভিযোগ ছিল যে, এটা দিয়ে মানুষের কণ্ঠরোধ করা হয়েছে। এগুলো যেন না হয়, কোনোভাবেই যেন না হয়, সে বিষয়েও আজকে আলোচনা হয়েছে। সে বিষয়েও সর্বোচ্চ লক্ষ্য রাখা হবে।, (জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৯.২০২৬ রুবাইয়া)

## সংসদে এখনো বাকস্বাধীনতা নেই, বিরোধী মত প্রকাশের সুযোগ দেখছি না

জাতীয় সংসদে বিরোধীদলীয় মতামত ও ভিন্নমত প্রকাশের কোনো পরিবেশ নেই বলে ক্ষোভ প্রকাশ করেছেন ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের সংসদ সদস্য রুমিন ফারহানা। আগের দিনের সংসদে নিজের অভিজ্ঞতা তুলে ধরে তিনি অভিযোগ করেন, সংসদে কথা বলার পর যে আচরণ লক্ষ্য করা গেছে, তা কোনো গণতান্ত্রিক দেশের সংসদীয় রীতিনীতির মধ্যে পড়ে না। বক্তব্যে ভিন্নমত বা কাউন্টার দিতে চাইলে তা নির্ধারিত নিয়ম মেনে দেওয়া যেত, কিন্তু তার বক্তব্য শেষ হওয়ার পরই সহকর্মীদের কাছ থেকে অসংলগ্ন ও অসৌজন্যমূলক আচরণের মুখোমুখি হতে হয়েছে বলে

জানান তিনি। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) জাতীয় সংসদে স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি) বিলের আলোচনায় অংশ নিয়ে তিনি এসব কথা বলেন। সংসদ অধিবেশনে দেওয়া বক্তব্যে রুমিন ফারহানা জানান, এই সংসদে আশপাশের সংসদ সদস্যরা অকথ্য ভাষায় গালাগালি করেছেন, যা অত্যন্ত দুঃখজনক ও সংসদীয় সৌজন্যবহির্ভূত। ২০১৮ সালে আওয়ামী লীগ সরকারের সময় বিএনপির সদস্য হিসেবে একা দাঁড়িয়ে কথা বলার সময়ও একই ধরনের জঘন্য পরিস্থিতির মুখে পড়তে হয়েছিল বলে তিনি উল্লেখ করেন। হাজারো মানুষের রক্তের বিনিময়ে দেশে ভোটের মাধ্যমে সংসদ গঠিত হওয়ার পরও যদি কোনো পরিবর্তন না ঘটে, তবে কেবল নামমাত্র বিরোধী দল সেজে `হ্যাঁ, বা `না, ভোট দেওয়ার জন্য সংসদে থাকার কোনো প্রয়োজন নেই। রুমিন ফারহানা জোর দিয়ে বলেন, একটা সংসদে সরকারি দল, বিরোধী দল এবং স্বতন্ত্র সংসদ সদস্য থাকবেন-এটাই স্বাভাবিক। প্রতিটি মানুষের ভিন্ন ভিন্ন মত থাকতে পারে এবং সেই কথা প্রকাশের পূর্ণ স্বাধীনতাও থাকা উচিত। তিনি রাষ্ট্রীয় বিভিন্ন সংস্থা ও আইনশৃঙ্খলা বাহিনীর ভূমিকার কঠোর সমালোচনা করে বলেন, ইতিপূর্বে আওয়ামী লীগ ছাড়া দেশের সব রাজনৈতিক দল এবং জাতিসংঘসহ আন্তর্জাতিক মানবাধিকার সংস্থাগুলো বিতর্কিত র্যাব বিলুপ্তির দাবি তুলেছিল। র্যাবের স্থলাভিষিক্ত করে নতুন যে সংস্থাই তৈরি করা হোক না কেন, তা যেন কেবল পোশাক বা নাম পরিবর্তনের মধ্যে সীমাবদ্ধ না থাকে। আর্মড পুলিশ ব্যাটালিয়নসহ (এপিবিএন) দেশের যে কোনো বাহিনীর বিষয়ে নিজের অবস্থান পরিষ্কার করে এই সংসদ সদস্য বলেন, অতীতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নানা কর্মকাণ্ডে সাধারণ মানুষকে হেনস্থা, নির্যাতন ও ভীতিগ্রস্ত হতে দেখা গেছে। ভবিষ্যতে রাষ্ট্রীয় কোনো বাহিনীর কাছ থেকে এমন আচরণ কোনোভাবেই কাম্য নয়। বাংলাদেশ বর্তমানে গণতন্ত্রের পথে যাত্রা শুরু করেছে উল্লেখ করে তিনি আশা প্রকাশ করেন যে, সংসদে উপস্থিত প্রতিটি রাজনৈতিক দল গণতন্ত্রের প্রতি শ্রদ্ধাশীল থাকবে। রুমিন ফারহানা বলেন, পুলিশ, র্যাব বা যে কোনো রাষ্ট্রীয় বাহিনী যেন কোনো নির্দিষ্ট দলের অধীনে না থেকে নিয়ম-শৃঙ্খলার মধ্যে কাজ করতে পারে, তা নিশ্চিত করতে হবে। যে কোনো বাহিনী যাতে সম্পূর্ণ রাজনৈতিক প্রভাবমুক্ত ও দলীয়করণ মুক্ত হয়ে স্বকীয়ভাবে দায়িত্ব পালন করতে পারে, স্বরাষ্ট্র মন্ত্রণালয় তথা বর্তমান সরকার সে ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেবে বলে তিনি প্রত্যাশা ব্যক্ত করেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৯.২০২৬ রুবাইয়া)

## পিলখানার ঘটনায় চাকরিচ্যুত বিডিআর সদস্যদের পুনর্বহালের সুযোগ নেই

পিলখানা হত্যাকাণ্ডের ঘটনায় কোনো নিরাপরাধ বিডিআর সদস্যকে চাকরিচ্যুত করা হয়নি বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেছেন, এ কারণে চাকরিচ্যুত বিডিআর সদস্যদের চাকরিতে পুনর্বহালের সুযোগ নেই। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) জাতীয় সংসদে গাইবান্ধা-৫ আসনের সংসদ সদস্য (এমপি) মো. আব্দুল ওয়ারেছের লিখিত এক প্রশ্নের জবাবে তিনি এ কথা জানান। প্রশ্নোত্তর টেবিলে উত্থাপিত হয়। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ২০০৯ সালের ২৫ ও ২৬ ফেব্রুয়ারি পিলখানায় সংঘটিত বিদ্রোহ ও নৃশংস হত্যাকাণ্ডের পরিপ্রেক্ষিতে তৎকালীন বিডিআরের আইন ও বিধি অনুযায়ী গঠিত বিভাগীয় স্পেশাল কোর্ট এবং প্রশাসনিক বিচার ব্যবস্থায় সংশ্লিষ্ট বিডিআর সদস্যদের বিভিন্ন ইউনিট কর্তৃক গঠিত তদন্ত পর্ষদের মাধ্যমে শনাক্ত করা হয়। তিনি বলেন, `৬ হাজার ২৮৬ জন বিডিআর সদস্যকে চাকরি থেকে বরখাস্ত (বিভিন্ন মেয়াদে কারাদণ্ডসহ) এবং প্রশাসনিক বিচার ব্যবস্থার মাধ্যমে ২ হাজার ৫১০ জন বিডিআর সদস্যকে পেনশন সুবিধাসহ চাকরি থেকে `বাধ্যতামূলক অবসর, প্রদান করা হয়েছে। অর্থাৎ সর্বমোট ৮ হাজার ৭৯৬ জন বিডিআর সদস্যকে চাকরিচ্যুত করা হয়েছে।, সালাহউদ্দিন আহমদ বলেন, `বর্ণিত শাস্তি যথাযথ আইনি প্রক্রিয়া অনুসরণে বিচার করে সাক্ষ্য-প্রমাণের ভিত্তিতে দোষী সাব্যস্তান্তে প্রদান করা হয়েছে এবং কোনো নিরাপরাধ বিডিআর সদস্যকে চাকরিচ্যুত করা হয়নি, বিধায় বর্ণিত চাকরিচ্যুত সদস্যদের চাকরিতে পুনর্বহালের সুযোগ নেই।, তিনি আরও বলেন, বিডিআর হত্যাকাণ্ডের পরিপ্রেক্ষিতে চাকরিচ্যুত বিডিআর সদস্যদের মধ্য থেকে ৮৫০ জনের বিরুদ্ধে একটি হত্যা মামলা এবং ৮৩৪ জনের বিরুদ্ধে একটি বিস্ফোরক মামলা দায়ের করা হয়। ঢাকা শহরকে সিসিটিভির আওতায় আনতে প্রকল্প পুনর্গঠন জামায়াতের সংসদ সদস্য মোহাম্মদ কামাল হোসেনের লিখিত প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী জানিয়েছেন, পুরো ঢাকা শহরকে সিসিটিভি নজরদারি ব্যবস্থার আওতায় আনতে নেওয়া প্রকল্পের উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) পুনর্গঠন করা হচ্ছে। তিনি বলেন, `যাচাই কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পটির ডিপিপি বর্তমানে পুনর্গঠন করা হচ্ছে। প্রকল্পটি জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) অনুমোদন করলে পুরো ঢাকা মহানগর এলাকাকে সিসিটিভি নজরদারি ব্যবস্থার আওতায় আনতে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া সম্ভব হবে।, কিশোরগঞ্জ-৫ আসনের স্বতন্ত্র সদস্য শেখ মজিবুর রহমান ইকবালের অন্য এক লিখিত প্রশ্নের জবাবে সালাহউদ্দিন আহমদ বলেন, বাংলাদেশ কোস্ট গার্ডকে আধুনিকায়ন এবং এর কার্যক্রম পরিচালনার সক্ষমতা বাড়াতে উন্নত প্রযুক্তি ব্যবহার করে স্থানীয় ডকইয়ার্ডে পাঁচটি নতুন ইনশোর প্যাট্রোল ভেসেল (আইপিভি) নির্মাণের পরিকল্পনা করেছে সরকার। একই সঙ্গে কোস্ট গার্ডের গবেষণা ও উদ্ভাবন সক্ষমতা বাড়াতে কোস্ট গার্ড রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট সেন্টার (সিআরডিসি) প্রতিষ্ঠার কার্যক্রম চলছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৯.২০২৬ রুবাইয়া)

## চাঁন্দাবিডিতে ১৬ দিনে জমা পড়েছে সাড়ে ১৮ কোটি টাকা চাঁদা দাবির অভিযোগ

মাত্র ১৬ দিনে সারাদেশ থেকে ৬২৭টি চাঁদাবাজির অভিযোগ জমা পড়েছে বেনামে অভিযোগ গ্রহণকারী প্ল্যাটফর্ম `চাঁন্দাবিডি ডটকমে,। যেখানে দাবি করা অর্থের সম্মিলিত পরিমাণ দাঁড়িয়েছে ১৮ কোটি ৬৫ লাখ ৭৩ হাজার ৬২ টাকা। অর্থাৎ গড়ে প্রতিদিন প্রায় ১ কোটি ১৬ লাখ টাকা চাঁদা দাবির অভিযোগ জমা পড়ছে। আর প্রতি ঘণ্টায় চাঁদা দাবি করা হয়েছে প্রায় ৪৮ হাজার টাকা। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) চাঁন্দাবিডি ডটকম থেকে এ তথ্য জানানো হয়েছে। গত ২৫ আগস্ট থেকে ৯ সেপ্টেম্বর পর্যন্ত সংগৃহীত এই তথ্য বিশ্লেষণে উঠে এসেছে চমকপ্রদ চিত্র — অভিযোগের সংখ্যায় ঢাকা এগিয়ে থাকলেও, টাকার অঙ্কে দ্বিতীয় স্থানে উঠে এসেছে খুলনা, যেখানে মাত্র ৪২টি অভিযোগেই দাবি করা হয়েছে ২ কোটি ৮ লাখ টাকার বেশি—জনপ্রতি দাবির অঙ্কে যা চট্টগ্রামের প্রায় চার গুণ।

**সংখ্যায় চাঁদাবাজির চিত্র**

এখন পর্যন্ত অভিযোগ ৬২৭টি। দাবি করা অর্থ ১৮ কোটি ৬৫ লাখ ৭৩ হাজার ৬২ টাকা। এর মধ্যে ঢাকা বিভাগে ২৬৯ অভিযোগে দাবি করা হয়েছে ১২ কোটি ২৮ লাখ ৮০ হাজার ৯৬০ টাকা। এটি মোট দাবির ৬৫.৯ শতাংশ। খুলনা বিভাগে ৪২ অভিযোগে ২ কোটি ৮ লাখ ৩১ হাজার ৭০ টাকা দাবি করা হয়েছে। যা মাথাপিছু দাবির সর্বোচ্চ। চট্টগ্রাম বিভাগে ১৩৭ অভিযোগে (সংখ্যায় দ্বিতীয়) ১ কোটি ৫৭ লাখ ৭৬ হাজার ৩৩ টাকা দাবির অভিযোগ উঠেছে। রাজশাহীতে ৫৬ অভিযোগে দাবি করা হয়েছে ১ কোটি ৭ লাখ ৭৩ হাজার ২৮০ টাকা। রংপুরে ৪৩ অভিযোগে ৯৭ লাখ ৫৩ হাজার ৮৮০ টাকা, সিলেটে ২২ অভিযোগে ৩৫ লাখ ৭১ হাজার ৫৬৪ টাকা, বরিশালে ৩৩ অভিযোগে ১৫ লাখ ৭১ হাজার ৫৩৫ টাকা এবং ময়মনসিংহে ২৫ অভিযোগে মোট ১৪ লাখ ১৪ হাজার ৭৪০ টাকা দাবি করা হয়েছে। ঘটনার ধরন বিশ্লেষণে দেখা যায়, সরাসরি `হুমকি বা ভয় দেখানো,র মাধ্যমে চাঁদা দাবির ঘটনা সংখ্যায় কম (৫৯টি) হলেও, প্রতিটি ঘটনায় গড় দাবির অঙ্ক সবচেয়ে বেশি— মোট ৪ কোটি ৬১ লাখ ৬৬ হাজার ৭০০ টাকা। অন্যদিকে সরাসরি `চাঁদা দাবি, শীর্ষক অভিযোগ ২০৫টি, যাতে মোট দাবি ৭ কোটি ২৮ লাখ ৩৮ হাজার ৮০৩ টাকা—যা মোট দাবির প্রায় ৩৯ শতাংশ। সংখ্যায় সর্বাধিক ২৩৭টি অভিযোগ `জোরপূর্বক অর্থ আদায়, সংক্রান্ত। প্রকাশিত অভিযোগগুলোতে দর্শনার্থীরা এ পর্যন্ত ৫ হাজার ৩৫৮ বার `সঠিক, প্রতিক্রিয়া জানিয়েছেন —অর্থাৎ প্রতি ৭ জনের মধ্যে প্রায় ৬ জনই অভিযোগগুলোকে সত্য বলে মনে করছেন। তবে সাইট কর্তৃপক্ষ স্পষ্ট করেছে, এ ধরনের প্রতিক্রিয়া কোনো অভিযোগের আইনি বা চূড়ান্ত সত্যতা প্রমাণ করে না। প্রতিটি অভিযোগ স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক, পুলিশ সুপার ও লিগ্যাল এইড কার্যালয়ে ইমেইলে পাঠানো হয়। এ পর্যন্ত মোট ৮৭৭টি ইমেইল প্রশাসনের বিভিন্ন দপ্তরে পাঠানো হয়েছে। চাঁন্দাবিডি ডটকম কর্তৃপক্ষ দেশের সব গণমাধ্যম ও সাংবাদিকদের প্রতি আহ্বান জানিয়েছে, তারা যেন সাইটে প্রকাশিত অভিযোগগুলো পর্যালোচনা করে সংবাদ প্রস্তুত ও প্রকাশ করেন। কর্তৃপক্ষের ভাষ্যমতে, চাঁদাবাজির মতো একটি জাতীয় অভিশাপ থেকে দেশকে মুক্ত করতে গণমাধ্যমের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমরা চাই, এই তথ্য-উপাত্ত জনসম্মুখে আসুক, প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সজাগ হোক এবং দোষীদের বিরুদ্ধে দৃশ্যমান ব্যবস্থা নেওয়া হোক। একটি চাঁদাবাজিমুক্ত বাংলাদেশ গড়তে গণমাধ্যম, প্রশাসন ও জনগণের যৌথ প্রচেষ্টাই একমাত্র পথ। সাইটটি থেকে সংগৃহীত তথ্য যেকোনো সংবাদমাধ্যম স্বাধীনভাবে ব্যবহার করতে পারবে বলেও জানিয়েছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৯.২০২৬ রুবাইয়া)

## লংমার্চে গ্যাস-বিদ্যুৎ সমস্যার সমাধান করা গেলে আমরাই আগে আয়োজন করতাম

লংমার্চ করে যদি গ্যাস বা বিদ্যুতের সমস্যার সমাধান করা যেত, তাহলে আমরাই সবার আগে লংমার্চের আয়োজন করতাম বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেন, এই (জ্বালানি ও বিদ্যুতের) সমস্যা সমাধানে আমরা বিরোধীদলীয় বন্ধুদের কাছে সহযোগিতা আশা করেছিলাম। অথচ আমরা দেখলাম একটি বিশাল গাড়ি লংমার্চ আয়োজন করা হয়েছে। বিভিন্ন মানুষ একটি কথা বলে যে জনগণকে অযথা উত্তেজিত করে অন্য কিছু করার অপচেষ্টা করা হয়েছিল কি না!

বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনের সমাপনী বক্তব্যে এসব কথা বলেন সংসদ নেতা।

প্রধানমন্ত্রী বলেন, নির্বাচনের পরে সরকার গঠন করার ১০ থেকে ১২ দিন পরে মধ্যপ্রাচ্যে শুরু হয় যুদ্ধ পরিস্থিতি। যুদ্ধ পরিস্থিতির কারণে মধ্যপ্রাচ্য থেকে যে তেল এবং গ্যাস আমদানি করা হতো, সে ক্ষেত্রে বাধা সৃষ্টি হলো। সব পত্র-পত্রিকায়, সব আন্তর্জাতিক মিডিয়াতেই এই বিষয়টি পরিষ্কারভাবে উঠে এসেছে। তিনি বলেন, অত্যন্ত দুঃখজনকভাবে এই পরিস্থিতির ভেতরে আমাদের যে দুটি এফএসআরইউ (ভাসমান এলএনজি টার্মিনাল) রয়েছে, এর মধ্যে একটিতে ইলেকট্রিক শর্ট সার্কিটে দুর্ঘটনা ঘটে। এর ফলে সেই এফএসআরইউ থেকে গ্যাস সরবরাহ সম্পূর্ণভাবে বন্ধ হয়ে যায়। এটা একটা বাড়তি বিপদ যোগ করল এই সমস্যার ক্ষেত্রে। এ কারণেই বর্তমানে গ্যাস এবং বিদ্যুতের জন্য জনগণকে এই ভোগান্তি, সমগ্র দেশের মানুষকে এই ভোগান্তি পোহাতে হচ্ছে। প্রধানমন্ত্রী আরও বলেন, একটি কথা সবারই মনে

আছে, তারপরেও একটু স্মরণ করিয়ে দিতে চাই—রাশিয়া এবং ইউক্রেন যুদ্ধের যখন শুরু হলো, সেই সময় সেই ২০২২ সাল, সেই যুদ্ধের অজুহাতে বিদ্যুৎ সমস্যার সমাধান করার জন্য তখন অফিসের সময়সূচি পরিবর্তন করে সকাল ৮টা থেকে ৩টা পর্যন্ত করা হয়েছিল। শিক্ষাব্যবস্থার ক্ষেত্রে স্কুলগুলো একদিনের জায়গায় দুদিন সাপ্তাহিক ছুটি দেওয়া হয়েছে। ব্যাংকের লেনদেনের সময়সূচিও পরিবর্তন করা হয়েছিল।

(জাগো নিউজ ওয়েব পেজঃ ০৯.০৯.২০২৬ রুবাইয়া)

## প্রাণির প্রতি যত্নশীল হতে শিক্ষার্থীদের আহ্বান জানালেন প্রধানমন্ত্রী

প্রকৃতি ও পরিবেশ রক্ষার পাশাপাশি সব প্রাণীর প্রতি ভালোবাসা প্রদর্শন এবং যত্নশীল হতে শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তিনি বলেছেন, সৃষ্টির সেরা জীব হিসেবে গাছপালা ও প্রাণিকুলের যত্ন নেওয়া মানুষের দায়িত্ব। কোনো প্রাণীকে আঘাত না করে তাদের প্রতি মমত্ববোধ দেখাতে হবে। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) জাতীয় সংসদ ভবনে রাজশাহীর পুঠিয়া বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকার সাভার উচ্চ বালিকা বিদ্যালয়, তেজগাঁও মহিলা কলেজ এবং টঙ্গীর শফিউদ্দিন সরকার একাডেমি অ্যান্ড কলেজের শিক্ষার্থীদের সঙ্গে সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। প্রধানমন্ত্রী শিক্ষার্থীদের বেশি করে গাছ লাগানো এবং চারপাশ পরিচ্ছন্ন ও পরিবেশ দূষণমুক্ত রাখার আহ্বান জানান। ছোটবেলা থেকেই প্রকৃতি, পরিবেশ ও প্রাণিকুলের প্রতি দায়িত্বশীল আচরণ করার অভ্যাস গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন তিনি। শিক্ষার্থীদের পড়ালেখার পাশাপাশি নিয়মিত খেলাধুলা ও সাংস্কৃতিক কার্যক্রম চালিয়ে যাওয়ারও তাগিদ দেন প্রধানমন্ত্রী। সাংস্কৃতিক কার্যক্রমের অংশ হিসেবে গান, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন ও বাদ্যযন্ত্র চর্চায় অংশ নিতে তিনি তাদের উৎসাহিত করেন। এ ছাড়া, শিক্ষার্থীদের কিরাত চর্চারও পরামর্শ দেন। শারীরিক ও মানসিক বিকাশে খেলাধুলার প্রয়োজনীয়তা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, নিয়মিত খেলাধুলা শরীর সুস্থ রাখার পাশাপাশি শৃঙ্খলা, আত্মবিশ্বাস, মনোযোগ ও দলগতভাবে কাজ করার মানসিকতা গড়ে তোলে।

(জাগো নিউজ ওয়েব পেজঃ ০৯.০৯.২০২৬ রুবাইয়া)

## সম্পত্তি হস্তান্তর আইন কোরআন-সুন্নাহবিরোধীঃ সংসদে বিরোধীদলীয় নেতা

সম্পত্তি হস্তান্তর আইনকে কোরআন ও সুন্নাহর সঙ্গে সম্পূর্ণ সাংঘর্ষিক দাবি করে এই আইন অনুমোদন না দেওয়ার জন্য রাষ্ট্রপতির প্রতি আহ্বান জানিয়েছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াত আমির ডা. শফিকুর রহমান। একই সঙ্গে আইনটি ইসলামিক ফাউন্ডেশনের মাধ্যমে দেশের শীর্ষস্থানীয় আলেম-ওলামাদের মতামত নিয়ে পুনর্বিবেচনা করার দাবি জানিয়েছেন তিনি। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) জাতীয় সংসদে বিভিন্ন গুরুত্বপূর্ণ আইন নিয়ে আলোচনার সময় দেওয়া এক বক্তব্যে তিনি এসব কথা বলেন। বক্তব্যে ডা. শফিকুর রহমান বলেন, `দুঃখের সঙ্গে বলতে হয়, সম্পত্তি হস্তান্তর আইনটি আসলেই কোরআন এবং সুন্নাহর সঙ্গে একেবারে সাংঘর্ষিক। আইনটি এরইমধ্যে সংসদে পাস হলেও রাষ্ট্রের সর্বোচ্চ অভিভাবক হিসেবে রাষ্ট্রপতি যেন এতে সই না করেন—সংসদ থেকে সেই অনুরোধ জানান তিনি। জামায়াত আমির বলেন, দেশের প্রসিদ্ধ ও শীর্ষস্থানীয় আলেম-ওলামারা এই আইনটির বিষয়ে তীব্র দ্বিমত পোষণ করেছেন এবং এর প্রতিবাদ জানিয়ে আসছেন। সরকার ও বিএনপির প্রতি সম্মান প্রদর্শন করে তিনি বলেন, যেহেতু তারা অতীতে বলেছেন যে কোরআন-সুন্নাহর বিপরীতে কোনো আইন করা হবে না, তাই এই ওয়াদা রক্ষার্থে আইনটি ইসলামিক ফাউন্ডেশনের কাছে ফেরত পাঠানো যেতে পারে। তার প্রস্তাব অনুযায়ী, ইসলামিক ফাউন্ডেশন দেশের প্রখ্যাত আলেম ও ইসলামি স্কলারদের নিয়ে আইনটি পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা-নিরীক্ষা করে সরকারকে প্রয়োজনীয় সহযোগিতা করতে পারে। এই প্রক্রিয়ায় তারাও সর্বাত্মক সহযোগিতা দেবেন বলে আশ্বস্ত করেন। এই আইন প্রণয়নের পেছনে সরকারের ভিন্ন কোনো উদ্দেশ্য থাকতে পারে বলে শঙ্কা প্রকাশ করেন বিরোধীদলীয় নেতা। তিনি বলেন, `আমরা ওয়াক আউট করেছি, প্রতিবাদ করেছি। আমরা মনে করি, এই আইনগুলো জনগণকে নয়, বরং সরকারকে সুবিধা দেবে। আর আল্লাহ না করুন, কোনো সরকারকে হয়তো আবারও ফ্যাসিবাদের দিকে আকৃষ্ট করবে।, (জাগো নিউজ ওয়েব পেজঃ ০৯.০৯.২০২৬ রুবাইয়া)

## পয়েন্ট অব অর্ডারের অপব্যবহার নিয়ে স্পিকারের অসন্তোষ

জাতীয় সংসদে কার্যপ্রণালী বিধি না মেনে পয়েন্ট অব অর্ডার তোলায় ক্ষোভ প্রকাশ করেছেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। পয়েন্ট অব অর্ডারের নাম দিয়ে প্রতিনিয়ত নিয়মবহির্ভূত বক্তব্য দেওয়ায় অসন্তোষ প্রকাশ করে সংসদ সদস্যদের কার্যপ্রণালী বিধির ৩০১ ধারা পড়ে শুনান তিনি। স্পিকার জানান, যে কোনো বিষয়ে দাঁড়িয়ে বক্তব্য দেওয়ার নাম পয়েন্ট অব অর্ডার নয়। সংসদের চলমান বিষয়, শৃঙ্খলা রক্ষা ও কার্য ব্যবস্থাপনার সঙ্গেই এটি সম্পর্কিত হতে হবে। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) জাতীয় সংসদে মাগরিবের নামাজের শেষে শুরু হওয়া অধিবেশনে তিনজন সংসদ সদস্য পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে বক্তব্য দিলে স্পিকার কার্যপ্রণালী বিধি স্মরণ করিয়ে দেন। অধিবেশনে মুন্সিগঞ্জ-৩ আসনের সংসদ সদস্য কামরুজ্জামান পয়েন্ট অব অর্ডারে দাঁড়িয়ে তার নির্বাচনী এলাকার সাম্প্রতিক উত্তেজনাপূর্ণ পরিস্থিতির কথা তুলে ধরেন। এলাকাটিতে এক ব্যক্তি নিজেকে ইমাম মাহদী দাবি করার পর তীব্র সামাজিক ও ধর্মীয়

ক্ষোভের সৃষ্টি হয়েছে বলে তিনি উল্লেখ করেন। এমপি কামরুজ্জামানের বলেন, আমার বাড়ি মুন্সিগঞ্জ-৩ আসনে, যেখানে মীরকাদিম একটি পৌরসভা। গত দুই দিন ধরে সেখানে একটা বিরাট ফিতনা তৈরি হয়েছে- একজন নিজেকে ইমাম মাহদী দাবি করেছে। এর ফলে দুটি কারণে পরিস্থিতি খুবই গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে। প্রথমত, গতকাল রাত থেকেই এই ঘটনাকে কেন্দ্র করে স্থানীয় আলেম-ওলামা এমনকি নারীরাও ঘর থেকে বেরিয়ে তার বাড়ি ঘেরাও বা আক্রমণ করতে যাচ্ছেন, যা একটা চরম অশান্ত পরিবেশ তৈরি করেছে। দ্বিতীয়ত, ওই ব্যক্তি জুলাই যুদ্ধে শহীদ সারিকের বাবা। শহীদ সারিকের পরিবারকে বিভিন্ন সময় অনুদান দেওয়ার কারণে এবং তার পাশে থাকার জন্য আমাকে কবরস্থানে গিয়ে দোয়া করতে হয়েছে। কিন্তু এখন সামাজিক যোগাযোগমাধ্যমে এই ভণ্ড ও ভুয়া ইমাম মাহদীর সঙ্গে আমার সেই আগের ছবিগুলো শেয়ার করে বিভ্রান্তি ছড়ানো হচ্ছে। তিনি আরও বলেন, আমি তাকে চিনি কেবলই শহীদ সারিকের বাবা হিসেবে, ইমাম মাহদী হিসেবে নয়। এরকম একটা ফিতনার সঙ্গে যখন আমাকে জড়িয়ে সামাজিক মিডিয়ায় নানা কথা প্রচার করা হচ্ছে, তখন আপনার মাধ্যমে আমি মুন্সিগঞ্জবাসী, পুরো আলেম সমাজ ও সাধারণ মুসলমানদের জানাতে চাই- এ ধরনের ভণ্ড, প্রতারক ও ভুয়া লোকের সঙ্গে জাতীয়তাবাদী দল কিংবা আমার কোনো সম্পৃক্ততা নেই। একজন শহীদের বাবা হিসেবেই আমি কেবল তার পাশে গিয়েছিলাম। পাবনা-১ আসনের সংসদ সদস্য মোহাম্মদ নাজিবুর রহমান বলেন, মাননীয় স্পিকার, কয়েকদিন আগে জাতীয় সংসদে জ্বালানি সংকট নিয়ে যে আলোচনা হয়েছিল, সেখানে আমি থার্ড (৩য়) এলএনজি টার্মিনাল নির্মাণের দুর্নীতি, অনিয়ম ও স্বজনপ্রীতির বিষয়ে কথা বলেছিলাম। সেই বিষয়ে আজ দৈনিক ডেইলি স্টার, পত্রিকায় একটি অনুসন্ধানী রিপোর্ট প্রকাশিত হয়েছে। রিপোর্টে দেখা যায়, আমাদের একই এলএনজি টার্মিনাল নির্মাণ করার জন্য আরেকটি কোম্পানি এক লাখ ৯০ হাজার ডলারের কোটেশন দিয়েছিল। কিন্তু চুক্তিটি যাদের দেওয়া হয়েছে, তাদের দরপত্র ছিল ৩ লাখ ৪২ হাজার ডলারের। অভিযোগ উঠেছে, এর সঙ্গে সরকারের একজন প্রভাবশালী সদস্যের সংশ্লিষ্টতা রয়েছে।

(জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৯.২০২৬ রুবাইয়া)

## হাসিনাকে অপতৎপরতার সুযোগ দেওয়ায় ভারতের ওপর ক্ষুব্ধ জামায়াত আমির

ভারতে শেখ হাসিনার রাজনৈতিক কর্মকাণ্ড পরিচালনার সুযোগ দেওয়ায় ক্ষোভ ও বিস্ময় প্রকাশ করেছেন বিরোধীদলীয় নেতা শফিকুর রহমান। তিনি জানান, ভারত বাংলাদেশের প্রতিবেশী দেশ। বাংলাদেশের জন্য ভারতের অবদানকে তারা অস্বীকার করে না। তবে এ রকম খুনিদের তারা অবলীলায় শুধু আশ্রয় দেবে না, তাদের রাজনৈতিক অপতৎপরতা চালানোর সুযোগ দেবে—এতে তারা ব্যথিত। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনের শেষ দিনে সমাপনী বক্তব্যে তিনি এসব কথা বলেন। শেখ হাসিনার প্রসঙ্গ তুলে বিরোধী দলীয় নেতা বলেন, দেশে দীর্ঘদিন ধরে মানুষের ওপর জুলুম-নির্যাতন চালানো হয়েছে। বিভিন্ন রাষ্ট্রীয় বাহিনীকে ব্যবহার করে মানুষকে গুম, হত্যা, গ্রেফতার ও মামলা দেওয়ার অভিযোগ রয়েছে। জনগণের আন্দোলনের মুখে শেখ হাসিনা ও তার সরকারকে দেশ ছাড়তে হয়েছে বলেও উল্লেখ করেন তিনি। অপরাধের বিচার প্রসঙ্গে ডা. শফিকুর রহমান বলেন, অপরাধ করলে তার সুরাহা হতে হবে। একই সঙ্গে কেউ অপরাধ করে দেশ ছেড়ে পালিয়ে গিয়ে দায় এড়াতে পারবে না বলেও তিনি মন্তব্য করেন। শেখ হাসিনা ভারতে অবস্থান করছেন উল্লেখ করে তিনি দেশটির ভূমিকা নিয়ে ক্ষোভ প্রকাশ করেন। তিনি বলেন, `আমরা বিস্মিত এবং আমরা দুঃখিত। ভারত আমাদের প্রতিবেশী দেশ। আমাদের জন্য তাদের অবদানকে আমরা অস্বীকার করি না। কিন্তু এ রকম খুনিদের তারা অবলীলায় শুধু আশ্রয় দেবে না। তাদের রাজনৈতিক অপতৎপরতা চালানোর সুযোগ দেবে। এটা আমাদেরকে ব্যথিত করে।, ডা. শফিকুর রহমান বলেন, `তারা আমাদের সঙ্গে সৎসম্পর্ক চায়। আমরাও চাই। প্রতিবেশীর সৎসম্পর্ক করতে চান, আমরাও চাই। যদি আমরা সৎ প্রতিবেশী হতে চাই তাহলে উভয় পক্ষকেই আমাদের সদিচ্ছা ব্যক্ত করতে হবে।, তিনি বলেন, `আমি অনুরোধ করব সরকারকে এখন থেকে এই শক্তিশালী নীতিমালা নিয়ে সাহস করে স্বাধীন পররাষ্ট্রনীতির ভিত্তিতে তাদের সঙ্গে যেন মোকাবিলা করা হয়। এখানে আলোচনা হবে, লড়াই হবে সমানে সমান।, বাংলাদেশ আর কোনো দেশের অধীন থেকে পররাষ্ট্রনীতি পরিচালনা করবে না বলেও মন্তব্য করেন বিরোধী দলীয় নেতা। তিনি বলেন, `আমরা কারো অধীনতা আর মেনে নেব না। বাংলাদেশ আর কারো অধীনে তার পররাষ্ট্রনীতি পরিচালনা করবে না।,

(জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৯.২০২৬ রুবাইয়া)

## কার্যক্রম নিষিদ্ধ সংগঠনের ৪ নেতাকর্মী গ্রেফতার

রাজধানীর উত্তরা পশ্চিম থানা এলাকায় মিছিলের প্রস্তুতিকালে কার্যক্রম নিষিদ্ধ সংগঠনের ৪ নেতাকর্মীকে গ্রেফতার করেছে উত্তরা পশ্চিম থানা পুলিশ। গ্রেফতাররা হলেন- জুনায়েদ মৃধা (১৯), রাকিবুল হাসান পাপ্পু (২৩), সাজ্জাদ হোসেন শুভ (১৯) ও মো. আব্দুল্লাহ (১৯)। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের উপ-পুলিশ কমিশনার মো. আকতার হোসেন এ তথ্য জানান। উত্তরা পশ্চিম থানার বরাত দিয়ে আকতার হোসেন বলেন, বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারি উত্তরা পশ্চিম থানার আব্দুল্লাহপুর ফ্লাইওভারের নিচে কার্যক্রম নিষিদ্ধ ঘোষিত সংগঠনের নেতাকর্মীরা মিছিলের

প্রস্তুতি নিচ্ছে। এমন তথ্যের ভিত্তিতে উত্তরা পশ্চিম থানা পুলিশের একটি টিম সেখানে অভিযান চালিয়ে তাদের চারজনকে গ্রেফতারসহ একটি ব্যানার জব্দ করা হয়।

(জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৯.২০২৬ রুবাইয়া)

## আমরা বৈষম্যের শিকার, সংসদে বিরোধীদলীয় নেতা

পরিবর্তনের বাংলাদেশে কোনো ধরনের বৈষম্য দেখতে চান না বলে মন্তব্য করেছেন বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। তিনি বলেন, একটা বৈষম্যহীন সমাজ আমরা চেয়েছিলাম, আশা করেছিলাম যে সংসদ থেকে বৈষম্য দূর করার উদ্যোগটা নেওয়া হবে। কিন্তু দুঃখজনকভাবে বলতে হচ্ছে, আবারও বলতে হচ্ছে, আগেও বলেছি—আমরা বৈষম্যের শিকার। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনের শেষ দিনে সমাপনী বক্তব্যে তিনি এসব কথা বলেন। বিরোধী দলের সংসদ সদস্যদের প্রতি বৈষম্যের অভিযোগ তুলে ডা. শফিকুর রহমান বলেন, রাষ্ট্রের গুরুত্বপূর্ণ জায়গাগুলোতে দলীয় প্রভাবমুক্ত হয়ে মেধা, দক্ষতা ও সততার ভিত্তিতে যোগ্য ব্যক্তিদের মূল্যায়ন করতে হবে। একই সঙ্গে বিরোধী দলের সংসদ সদস্যদের ন্যায্য অধিকার ও সম্মান নিশ্চিত করারও আহ্বান জানান। তিনি বলেন, ফান্ড বরাদ্দের ক্ষেত্রেও বিরোধী দলের সংসদ সদস্যরা বৈষম্যের শিকার হয়েছেন। সরকারি দলের সংরক্ষিত নারী সংসদ সদস্যরা বরাদ্দ পেলেও বিরোধী দলের নারী সদস্যরা তা পাননি বলেও অভিযোগ করেন তিনি। ডা. শফিকুর রহমান বলেন, দেশটা সবার। ট্রেজারিতে টাকা দেয় সবাই। ১৮ কোটি মানুষের অবদান এখানে আছে। কোনো ব্যক্তির এলাকাকে পছন্দ-অপছন্দের ভিত্তিতে তাদের অধিকার থেকে বঞ্চিত করার কোনো সুযোগ নেই। বিরোধী দলের নির্বাচিত সংসদ সদস্যদের এলাকায় সরকারি দলের সংরক্ষিত নারী সদস্যদের অতিরিক্ত দায়িত্ব দেওয়ার বিষয়েও আপত্তি জানান তিনি। তবে দলীয় সমন্বয় ও জনগণের স্বার্থে সরকারি ও বিরোধী দলের নারী সংসদ সদস্যদের মধ্যে সমন্বয়ের সুযোগ রাখার পক্ষে মত দেন। তিনি বলেন, আমরা আমাদের নারী সদস্যদের সম্মানিত করার পক্ষে, তারাও কাজ করবেন— এটা আমরা চাই। প্রপোরশনেটলি তারা এখানে এসেছেন, তারা কাজ করবেন। সংসদ সদস্যদের উপজেলা পরিষদে বসার জন্য জায়গা করে দেওয়ার বিষয়েও নিজের ভিন্নমতের কথা জানান বিরোধীদলীয় নেতা। তিনি বলেন, স্থানীয় সরকারের কোনো স্থাপনায় সংসদ সদস্যদের বসানো উচিত নয়। বরং তাদের জন্য পৃথক ব্যবস্থা করা যেতে পারে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৯.২০২৬ রুবাইয়া)

## গ্যাস-বিদ্যুৎ সংকটে ধৈর্য, রাজনীতিতে শালীনতার আহ্বান প্রধানমন্ত্রীর

রাজনৈতিক শিষ্টাচার ও বক্তব্যের রুচিশীলতা বজায় রাখার আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, `যে ভাষা বা শব্দ পরিবারে ব্যবহারে আমরা স্বাচ্ছন্দ্য বোধ করি না, তা কেন আমরা জনপরিসরে ব্যবহার করবো?, রাজনৈতিক গালিগালাজের অপসংস্কৃতি বন্ধ করে একটি গঠনমূলক ও কল্যাণকর রাষ্ট্র-গঠনে বিরোধীদলসহ সবাইকে দায়িত্বশীল ভূমিকা পালনের অনুরোধ জানান তিনি। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনে স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সভাপতিত্বে সমাপনী বক্তব্যে এ কথা বলেন প্রধানমন্ত্রী। দেশের অর্থনৈতিক প্রেক্ষাপট ও খেলাপি ঋণের চিত্র তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, বিগত ২০০১ সালের জুনে দেশকে দুর্নীতিতে চ্যাম্পিয়ন বানিয়ে জুলাই মাসে রাষ্ট্রক্ষমতা থেকে বিদায় নিয়েছিল তৎকালীন শাসকগোষ্ঠী। এরপর, দেশের জনগণ বিএনপির ওপর আস্থা রেখেছিল এবং ২০০১ থেকে ২০০৬ সালের মেয়াদে বিএনপির সরকার সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে বাংলাদেশকে দুর্নীতির কলঙ্ক থেকে মুক্ত করেছিল। তবে পরবর্তী সময়ে ২০০৯ সালে ষড়যন্ত্রের মাধ্যমে আবারও রাষ্ট্রক্ষমতা দখল করে জনগণের মৌলিক অধিকার কেড়ে নেওয়া হয়। ২০২৪ সালের আগস্টে দেশ ছেড়ে পালানোর আগ পর্যন্ত তাদের দুঃশাসন, লুটপাট ও অর্থ পাচারের কারণে বাংলাদেশকে ঋণখেলাপির অপবাদ সইতে হয়েছে। ফ্যাসিবাদী সরকারের রেখে যাওয়া অর্থনৈতিক জালিয়াতির তথ্য ফাঁস করে প্রধানমন্ত্রী বলেন, ২০২৪ সালে পতিত সরকার খেলাপি ঋণের পরিমাণ মাত্র ১১ শতাংশ দেখিয়েছিল। তবে ২০২৫ সালে অন্তর্বর্তী সরকারের সময় পরিচালনা করা ফরেনসিক অডিটে বেরিয়ে আসে প্রকৃত খেলাপি ঋণ ছিল ৩৫ দশমিক ৫ শতাংশ। বর্তমানে বিএনপি সরকার দায়িত্ব নেওয়ার পর গৃহীত নানা কার্যকর পদক্ষেপের ফলে খেলাপি ঋণের অনুপাত কমে ৩২ দশমিক ৬ শতাংশে নেমে এসেছে। পরিস্থিতি দ্রুত উন্নতির দিকে যাচ্ছে উল্লেখ করে প্রধানমন্ত্রী দৃঢ় আশাবাদ ব্যক্ত করেন যে, অতীতের মতো বর্তমান সরকারও দেশের এই খেলাপি ঋণের কলঙ্ক দূর করতে সক্ষম হবে।

বৈদেশিক ঋণের বোঝা প্রসঙ্গে তারেক রহমান বলেন, দেশ ছেড়ে অনেকে পালিয়ে গেলেও তাদের রেখে যাওয়া ঋণের দায়ভার দেশের সাধারণ জনগণের ওপর এসে পড়েছে। এই অবস্থায়, ভঙ্গুর অর্থনীতি সত্ত্বেও বর্তমান বিএনপি সরকার বিগত পাঁচ মাসে বৈদেশিক ঋণের আসল ও সুদ বাবদ রেকর্ড ২০৪ কোটি ৭৬ লাখ মার্কিন ডলার পরিশোধ করেছে। শিক্ষাপ্রতিষ্ঠান, স্বাস্থ্য খাত, ব্যাংক-বিমা, প্রশাসন এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ভঙ্গুর অবস্থার কথা স্মরণ করিয়ে দিয়ে প্রধানমন্ত্রী বলেন, ফ্যাসিবাদী আমলে মূল্যবোধের ব্যাপক অবক্ষয় ঘটেছিল। বর্তমানে দেশে একটি সম্পূর্ণ গণতান্ত্রিক ও মুক্ত পরিবেশ বিরাজ করছে যেখানে বাক-স্বাধীনতা নিশ্চিত করা হয়েছে। তবে এই স্বাধীনতার সুযোগে শালীনতার সীমা লঙ্ঘন না করার জন্য সংশ্লিষ্ট সবার প্রতি তিনি বিশেষ অনুরোধ জানান। বক্তব্যের শেষভাগে

প্রধানমন্ত্রী সবাইকে সতর্ক করে বলেন, গণতন্ত্রের পক্ষের শক্তিগুলোর নিজস্ব বিভেদ ও বিরোধ মূলত বিতাড়িত ফ্যাসিস্ট অপশক্তিকেই পুনর্জীবিত করার পথকে সুগম করতে পারে। তাই ভবিষ্যৎ প্রজন্ম ও শহীদদের রক্তের ঋণ পরিশোধে 'সবার আগে বাংলাদেশ, সবার জন্য বাংলাদেশ' নীতির ভিত্তিতে রাষ্ট্র মেরামতের কাজ ঐক্যবদ্ধভাবে চালিয়ে যেতে হবে। পরিশেষে সংসদ সফলভাবে পরিচালনার জন্য স্পিকার, ডেপুটি স্পিকার, বিরোধীদলীয় নেতা, সব সংসদ সদস্য, সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারী, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এবং গণমাধ্যমের সাংবাদিকদের আন্তরিক ধন্যবাদ জানান প্রধানমন্ত্রী। (জাগো নিউজ ওয়েব পেজ: ০৯.০৯.২০২৬ রুবাইয়া)

## আওয়ামী লীগ নেতারা স্থানীয় নির্বাচনে এলে বিএনপির অবস্থান কী হবে

আওয়ামী লীগের (বর্তমানে কার্যক্রম নিষিদ্ধ) নেতাকর্মীরা স্থানীয় সরকার নির্বাচনে প্রার্থী হলে বিএনপির অবস্থান কী হবে—তা স্পষ্ট করেছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। এ নিয়ে এক প্রশ্নের জবাবে তিনি বলেছেন, এখানে তো আওয়ামী লীগ হিসেবে নির্বাচন করছে না। দলীয়ভাবে নির্বাচনে অংশগ্রহণের সুযোগই নেই। কারণ, দলীয় মনোনয়নও থাকছে না, দলীয় প্রতীকও থাকছে না। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) সচিবালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। এর আগে বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুকের সঙ্গে বৈঠক করেন স্থানীয় সরকার মন্ত্রী ড. আব্দুল মঈন খান ও প্রতিমন্ত্রী শাহে আলম। দলীয়ভাবে স্থানীয় সরকার নির্বাচন না হওয়ায় আইন অনুযায়ী যে কোনো দলের যোগ্যতা থাকা সব বৈধ প্রার্থী নির্বাচনে অংশ নিতে পারবেন বলেও জানান প্রতিমন্ত্রী। তিনি বলেন, স্থানীয়ভাবে দল সমর্থিত প্রার্থী দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে বিএনপি। উপজেলা বিএনপি সংশ্লিষ্ট ইউনিয়নে একজন সমর্থিত প্রার্থী ঠিক করে দিতে পারে। দলের সর্বোচ্চ নীতি নির্ধারণী পর্যায় থেকেও স্থানীয় বিএনপিকে সব ইউনিয়নে একক সমর্থিত প্রার্থী রাখার জন্য সর্বোচ্চ চেষ্টা করতে নির্দেশনা দেওয়া হয়েছে। তবে স্থানীয় সরকার নির্বাচনে বিএনপি কোনো আলাদা অবস্থান নেবে না জানিয়ে মীর শাহে আলম বলেন, সরকারের ভূমিকা থাকবে নির্বাচন কমিশনকে অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন অনুষ্ঠানে সহযোগিতা করা। তিনি বলেন, দলীয়ভাবে নির্বাচন হচ্ছে না। বৈধ প্রার্থী হিসেবে যারা নির্বাচন করবে, তাদের নিরাপত্তা দেওয়া এবং তারা যেন সঠিকভাবে প্রচার-প্রচারণা চালাতে পারেন, সেজন্য নির্বাচন কমিশনকে স্থানীয় প্রশাসন ও কেন্দ্রীয় প্রশাসন সহযোগিতা করবে। আওয়ামী লীগ নেতাকর্মীদের স্থানীয় নির্বাচনে অংশগ্রহণ নিয়ে সরকারের বার্তা কী—জানতে চাইলে প্রতিমন্ত্রী বলেন, সরকারের মেসেজ ক্লিয়ার। যেহেতু এটি দলীয় নির্বাচন নয়, ফলে এই নির্বাচনে বৈধ প্রার্থী হিসেবে যাদের যোগ্যতা আছে আইন অনুযায়ী তারা সবাই অংশগ্রহণ করতে পারবে।

(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৯.২০২৬ রিহাব)

## সাইবার সুরক্ষা আইনে এমন শব্দ থাকবে না যাতে কারও কণ্ঠ দমন করা যায়

সাইবার সুরক্ষা আইন সংশোধনের ক্ষেত্রে এমন কোনো শব্দ বা বিধান রাখা হবে না, যার অপব্যবহার করে গণমাধ্যম বা অন্য কারও কণ্ঠ দমন করা যায় বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী আন্দালিভ রহমান। তিনি বলেন, সাইবার সুরক্ষা আইন নিয়ে এখনো চূড়ান্ত কোনো সিদ্ধান্ত হয়নি। বিষয়টি এখনো খসড়া প্রণয়ন ও আলোচনার পর্যায়ে রয়েছে। আইনের কিছু শব্দের দ্বৈত অর্থ থাকায় সেগুলো নিয়ে সতর্কতার সঙ্গে কাজ করা হচ্ছে। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) `সাইবার সুরক্ষা (সংশোধন) আইন, ২০২৬, এর খসড়া পর্যালোচনা জন্য প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের এসব কথা বলেন মন্ত্রী। আন্দালিভ রহমান বলেন, `প্রথমে একটা অধ্যাদেশ ছিল, অধ্যাদেশের পরেই কিছু কাট করা হয়ে আবার আজ সময়োপযোগী যেভাবে করা যায় সেরকম। বাট আমরা এখনো ড্রাফটিং পর্যায়ে, আলোচনার পর্যায়ে।, তিনি বলেন, `কিছু কিছু শব্দ আছে যেগুলোর ডুয়েল মিনিং আছে। আমরা গত ১৭ বছর ২০ বছরে দেখেছি ডিজিটাল সিকিউরিটি অ্যাক্ট থেকে আরম্ভ করে অন্যান্য কিছু সংবাদমাধ্যমকে বা নিউজপেপারকে দমিয়ে রাখা বা তদ্রুপ অ্যাবিউজ করার জন্যই একচুয়ালি ইউজ হয়েছে। কোনো কারণে আইন তো আর একদিনের জন্য হয় না। কোনো কারণে আমরা খুব কেয়ারফুল থাকার চেষ্টা করছি যে, কোনো ওয়ার্ডিং (শব্দ) যেন আগামীতে এই ধরনের কোনো স্কোপ বা এই ধরনের কোনো দরজা না খুলে দেয়। সুতরাং আমরা সংবাদমাধ্যমের সঙ্গে কথা বলছি, এরপর আমরা আবার কথা বলবো।, তথ্যমন্ত্রী বলেন, `যে কোনো ধরনের কোনো আইনের ওয়ার্ডিংয়ের ইন্টারপ্রিটেশনের কারণে এমনভাবে যেন না হয় যে মিডিয়া বা অন্য কারও ওপর এটার কোনো অ্যাবিউজ করা বা কোনো ধরনের খারাপ কিছু হয়।, তিনি বলেন, `আমাদের মূল টার্গেটটা হলো সোশ্যাল হারমনি, স্টপ ক্রাফটিং পাবলিক মোরাল। এই যে আমরা ইদানীং দেখছি ফেসবুক বলেন বা সব জায়গাতে বলেন, যে একটা গালিগালাজের ইন দ্য নেম অব ডেমোক্রেসি, গালিগালাজ, অ্যাবিউসিভ ল্যাঙ্গুয়েজ বা যা যা হচ্ছে।, আন্দালিভ রহমান বলেন, `তো এই জিনিসগুলিকে আমরা কীভাবে আইনের মধ্যে আনতে পারি, অ্যাট দ্য সেম টাইম আমরা কীভাবে এক্সপ্রেস, মানে মিডিয়ার যে ফ্রিডম সেটাকেও রেসপেক্ট করতে পারি, দুইটা জিনিস কোনোভাবেও না ম্যাচ করে, মানে কোনোভাবে কনফ্লিক্ট না করে, এই ব্যাপারেই আমরা বারবার কথা বলার চেষ্টা করছি।,

(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৯.২০২৬ রিহাব)

## মির্জা ফখরুলের আসনে উপনির্বাচনের ভোট ২৯ অক্টোবর

শূন্য ঘোষিত ঠাকুরগাঁও-১ সংসদীয় আসনে আগামী ২৯ অক্টোবর উপনির্বাচনের ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। মির্জা ফখরুল ইসলাম আলমগীর রাষ্ট্রপতির দায়িত্ব নেওয়ার তিন সপ্তাহের মাথায় বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) নির্বাচন কমিশন (ইসি) এ তফসিল ঘোষণা করেছে। এদিন আগারগাঁওয়ে নির্বাচন কমিশন ভবনে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিনের নেতৃত্বাধীন ইসি তফসিল চূড়ান্ত করার পর নির্বাচন কমিশন সচিব আখতার আহমেদ সাংবাদিকদের এ তথ্য জানান। ঘোষিত তফসিল অনুযায়ী, রিটার্নিং কর্মকর্তার কাছে মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ ২৭ সেপ্টেম্বর। এছাড়া মনোনয়নপত্র বাছাই হবে ২৯ সেপ্টেম্বর, প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ ৭ অক্টোবর, প্রতীক বরাদ্দ হবে ৮ অক্টোবর। আর ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে ২৯ অক্টোবর। গত ২০ আগাস্ট জাতীয় সংসদে ভোটের মাধ্যমে রাষ্ট্রপতি নির্বাচিত হন ঠাকুরগাঁও-১ আসনের সংসদ সদস্য মির্জা ফখরুল ইসলাম আলমগীর। পরদিন তিনি শপথ নিলে ওই আসনটি শূন্য ঘোষণা করে সংসদ সচিবালয়। সংবিধানের ৫০ (৪) অনুচ্ছেদ অনুযায়ী, রাষ্ট্রপতি তাহার কার্যভারকালে সংসদ সদস্য নির্বাচিত হইবার যোগ্য হইবেন না, এবং কোনো সংসদ সদস্য রাষ্ট্রপতি নির্বাচিত হইলে রাষ্ট্রপতিরূপে তাহার কার্যভার গ্রহণের দিনে সংসদে তাহার আসন শূন্য হইবে। সংবিধানের ১২৩ (৪) অনুচ্ছেদ মোতাবেক, সংসদের কোনো সদস্যপদ শূন্য হলে ৯০ দিনের মধ্যে উপনির্বাচন করার বাধ্যবাধকতা রয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৯.২০২৬ রিহাব)

## সরকারের কর্মকাণ্ডের ত্রুটি-বিচ্যুতিও গণমাধ্যমকে তুলে ধরতে হবে

একটি জবাবদিহিমূলক রাষ্ট্রব্যবস্থায় গণমাধ্যমের গঠনমূলক সমালোচনা উন্নয়নের অন্যতম সহায়ক শক্তি বলে মন্তব্য করেছেন রেলপথ এবং সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ হাবিব। তিনি বলেছেন, সরকারের উন্নয়ন কর্মকাণ্ড ও জনকল্যাণমূলক উদ্যোগ তুলে ধরার পাশাপাশি সরকারের কর্মকাণ্ডের ত্রুটি-বিচ্যুতিও গণমাধ্যমকে তুলে ধরতে হবে। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ হাবিব বলেন, গণমাধ্যম গণতান্ত্রিক রাষ্ট্রের একটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান। দায়িত্বশীল ও স্বাধীন গণমাধ্যম রাষ্ট্র ও জনগণের মধ্যে সেতুবন্ধন হিসেবে কাজ করে। জনগণের সমস্যা, প্রত্যাশা, সাফল্য ও সম্ভাবনার কথা নীতিনির্ধারকদের কাছে তুলে ধরতে সাংবাদিকদের ভূমিকা অপরিসীম। তিনি বলেন, সাংবাদিকতার মূল শক্তি সত্যনিষ্ঠা, বস্তুনিষ্ঠতা, পেশাদারিত্ব ও দায়িত্বশীলতা। তথ্যপ্রযুক্তির দ্রুত বিকাশের ফলে সংবাদ এখন মানুষের কাছে অত্যন্ত দ্রুত পৌঁছে যাচ্ছে। তবে এর পাশাপাশি গুজব, অপতথ্য ও যাচাই-বাছাইহীন সংবাদ সমাজে নেতিবাচক প্রভাব ফেলতে পারে। তাই দ্রুত সংবাদ পরিবেশনের পাশাপাশি সঠিক ও যাচাই করা তথ্য জনগণের কাছে পৌঁছে দেওয়া সাংবাদিকদের গুরুত্বপূর্ণ দায়িত্ব।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৯.২০২৬ রিহাব)

## সাংবাদিকতার স্বাধীনতায় হস্তক্ষেপ করার ইচ্ছা নেই: তথ্য ও সম্প্রচারমন্ত্রী

দেশের গণতন্ত্রের বর্তমান অবস্থানে পৌঁছানোর পেছনে সংবাদমাধ্যমের বড় ভূমিকা রয়েছে বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী ব্যারিস্টার আন্দালিভ রহমান পার্থ। গণমাধ্যম বা সাংবাদিকতার স্বাধীনতায় কোনো ধরনের হস্তক্ষেপ করার ইচ্ছা নেই বলেও উল্লেখ করেন তিনি। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) ঢাকা রিপোর্টার্স ইউনিটির (ডিআরইউ) ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। তথ্যমন্ত্রী বলেন, আজকে আমরা যেখানে আছি, সংবাদমাধ্যম আছে বলেই সেখানে আছি। বাংলাদেশে গণতন্ত্রের যে পর্যায়ে আমরা আছি, তার পেছনে সংবাদমাধ্যমের গুরুত্বপূর্ণ অবদান রয়েছে। দেশের যত অর্জন, তার বড় একটি অংশের কৃতিত্ব সংবাদমাধ্যমের। মন্ত্রী হিসেবে দায়িত্ব নেওয়ার পর সাংবাদিকদের কোনো আনুষ্ঠানিক আয়োজনে এটাই তার প্রথম অংশগ্রহণ জানিয়ে পার্থ বলেন, মন্ত্রী হওয়ার পর সাংবাদিকদের নিয়ে এটাই আমার প্রথম ফরমাল অনুষ্ঠান। এ কারণে আমি সত্যিই আনন্দিত। আপনাদের ধন্যবাদ। স্বাধীন সাংবাদিকতায় সরকার কোনো ধরনের হস্তক্ষেপ করতে চায় না জানিয়ে তিনি বলেন, ইনশাআল্লাহ, আমাদের সময়ে আপনারা ফ্রি মিডিয়া পাবেন। আমাদের পক্ষ থেকে গণমাধ্যম বা সাংবাদিকতার স্বাধীনতায় কোনো ধরনের হস্তক্ষেপ করার ইচ্ছা নেই। সরকার ও গণমাধ্যমকর্মীদের পারস্পরিক সহযোগিতার মাধ্যমে কাজ করার ওপর গুরুত্বারোপ করেন তথ্যমন্ত্রী। তিনি বলেন, প্রধানমন্ত্রীও সবাইকে সঙ্গে নিয়ে কাজ করার নীতিতে বিশ্বাস করেন। সম্মিলিত প্রচেষ্টায় বাংলাদেশকে স্বপ্নের ও সোনার বাংলাদেশে পরিণত করা সম্ভব। তিনি বলেন, আমাদের প্রধানমন্ত্রীও বিশ্বাস করেন, সবাই মিলে কাজ করলেই ইনশাআল্লাহ বাংলাদেশ স্বপ্নের বাংলাদেশ হবে, সোনার বাংলাদেশ হবে। অনুষ্ঠানে তথ্য প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী বলেন, সাংবাদিক কল্যাণ ট্রাস্টের বরাদ্দ বাড়ানোর উদ্যোগ নেওয়া হয়েছে। বর্তমানে ৬ কোটি টাকা বরাদ্দ থাকলেও তা বাড়িয়ে ২৫ কোটি টাকা করার উদ্যোগ নেওয়া হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৯.২০২৬ রিহাব)

## বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনে বিনিয়োগে আগ্রহী ব্রিটিশ ব্যবসায়ীরা

বর্জ্য ব্যবস্থাপনা ও বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনসহ বিভিন্ন খাতে বাংলাদেশে বিনিয়োগে আগ্রহী ব্রিটিশ ব্যবসায়ীরা। পিপিপি মডেলে এসব খাতে বিনিয়োগের বিষয়ে আগ্রহ প্রকাশ করেছেন তারা। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) সচিবালয়ে সাংবাদিকদের এ তথ্য জানান স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মীর শাহে আলম। এর আগে সচিবালয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ড. আবদুল মঈন খান ও প্রতিমন্ত্রী মীর শাহে আলমের সঙ্গে বৈঠক করেন বাংলাদেশে নিযুক্ত ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক। মীর শাহে আলম বলেন, ব্রিটিশ হাইকমিশনারের সঙ্গে এটি সৌজন্য সাক্ষাতের ধারাবাহিকতার অংশ। ব্রিটিশদের সঙ্গে বাংলাদেশের ঐতিহাসিক ও দীর্ঘদিনের সম্পর্ক রয়েছে। অতীতে তারা উন্নয়ন সহযোগী হিসেবে বাংলাদেশের পাশে ছিল, বর্তমানে আছে এবং ভবিষ্যতেও থাকবে। তিনি বলেন, `আলাদা বিষয় হিসেবে আমাদের ওয়েস্ট ম্যানেজমেন্ট নিয়ে কথা হয়েছে। তারা আমাদের সহায়তা করতে চান। বিশেষ করে মেডিকেল ওয়েস্টের ব্যবস্থাপনায় তারা সিটি করপোরেশনগুলোতে কাজ করবে। এর বাইরেও যে সব বর্জ্য আছে, সেগুলো নিয়েও কাজ করতে চায়। ওয়েস্ট টু এনার্জিতে তারা ইনভেস্ট করতে চায়।, (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৯.২০২৬ রিহাব)

## পশ্চিম তীরে ইসরায়েলের বসতি স্থাপনের পরিকল্পনায় বাংলাদেশের নিন্দা

ফিলিস্তিনি ভূখণ্ডে অধিকৃত পশ্চিম তীরের ই-১ এলাকায় বসতি স্থাপন সম্প্রসারণে ইসরায়েলের পরিকল্পনার তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয় প্রকাশিত এক সংবাদ বিবৃতিতে বাংলাদেশ এ নিন্দা জানায়। বিবৃতিতে বলা হয়, ইসরায়েলের এ ধরনের কর্মকাণ্ড আন্তর্জাতিক আইন ও জাতিসংঘ নিরাপত্তা পরিষদের সংশ্লিষ্ট নীতিমালার পরিপন্থি এবং এ ধরনের কর্মকাণ্ড অধিকৃত ফিলিস্তিনি ভূখণ্ডের আঞ্চলিক অখণ্ডতা এবং একটি কার্যকর দ্বি-রাষ্ট্রভিত্তিক সমাধানের সম্ভাবনাকে আরও ক্ষুণ্ণ করে। এতে আরও বলা হয়, ফিলিস্তিনি ভূখণ্ডে সব ধরনের বসতি স্থাপন কার্যক্রম অবিলম্বে বন্ধ করার জন্য ইসরায়েলকে আহ্বান জানাচ্ছে বাংলাদেশ। এর পাশাপাশি পূর্ব জেরুজালেমকে রাজধানী করে ১৯৬৭ সালের পূর্ববর্তী সীমানার ভিত্তিতে একটি স্বাধীন ও সার্বভৌম ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠার অধিকারসহ ফিলিস্তিনি জনগণের বৈধ ও অবিচ্ছেদ্য অধিকারের প্রতি বাংলাদেশ তার অবিচল সমর্থন পুনর্ব্যক্ত করছে। বিবৃতিতে বাংলাদেশ আন্তর্জাতিক আইন ও দ্বি-রাষ্ট্রভিত্তিক সমাধানের ওপর ভিত্তি করে মধ্যপ্রাচ্যে ন্যায়সঙ্গত, সামগ্রিক ও দীর্ঘস্থায়ী শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে এবং ফিলিস্তিনি রাষ্ট্রসত্তাকে ক্ষুণ্ণ করে এমন কর্মকাণ্ড প্রতিরোধে কূটনৈতিক প্রচেষ্টা জোরদার করার জন্য আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানায়। বাংলাদেশ ফিলিস্তিনি জনগণের পাশে রয়েছে উল্লেখ করে বিবৃতিতে বলা হয়, স্বাধীনতা, মর্যাদা, ন্যায়বিচার ও রাষ্ট্রসত্তা লাভের ক্ষেত্রে তাদের বৈধ আকাঙ্ক্ষাকে সমর্থন করার বিষয়েও বাংলাদেশ প্রতিশ্রুতিবদ্ধ। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৯.২০২৬ রিহাব)

## ধানমন্ডিতে এপেক্সের গোডাউনে ফায়ার সেফটির অনুমোদন ছিল না

রাজধানীর ধানমন্ডি ২৭ নম্বরে এপেক্সের গোডাউনে আগুন লাগার ঘটনায় ভবনটির ফায়ার সেফটির অনুমোদন ছিল না বলে জানিয়েছেন ফায়ার সার্ভিসের মহাপরিচালক (ডিজি) ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মদ জাহেদ কামাল। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) দুপুরে আগুন নিয়ন্ত্রণে আনার পর ঘটনাস্থলে সাংবাদিকদের তিনি এ তথ্য জানান। ফায়ার সার্ভিসের মহাপরিচালক বলেন, আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের ছয়টি ইউনিট কাজ করে। দুপুর ১২টার দিকে আগুন নিয়ন্ত্রণে আসে। পাঁচতলা ভবনটির চতুর্থ তলায় থাকা এপেক্সের গোডাউনে আগুন লাগে। এ ঘটনায় কোনো হতাহত হয়নি। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৯.২০২৬ রিহাব)

## মায়ের মৃত্যুতে ৫ ঘণ্টার জন্য মুক্তি পেলেন চিন্ময় কৃষ্ণ

মায়ের অন্ত্যেষ্টিক্রিয়ায় অংশ নিতে কারাগারে আটক চিন্ময় কৃষ্ণ দাস ব্রহ্মচারীকে পাঁচ ঘণ্টার জন্য প্যারোলে মুক্তির অনুমতি দিয়েছে সরকার। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) দুপুর ২টা ৪৫ মিনিটে চট্টগ্রাম জেলার অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট (এডিএম) সৈয়দ মাহবুবুল হক প্যারোলে মুক্তির বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন। এদিন সকালে চট্টগ্রামের হাটহাজারীর মেখল পুণ্ডরিক ধামে মারা যান চিন্ময় কৃষ্ণের মা শ্রীমতী সন্ধ্যা রাণী ধর (৭১)। এরপর মায়ের শেষকৃত্যে অংশ নিতে চিন্ময় কৃষ্ণকে প্যারোলে মুক্তির আবেদন করে তার পরিবার। চট্টগ্রামের জেলা ম্যাজিস্ট্রেটের কাছে চিন্ময় কৃষ্ণ দাসের ভাই রঞ্জন কুমার ধর এ আবেদন করেন। আবেদনে বলা হয়, সন্ধ্যা রাণী ধর বৃহস্পতিবার সকাল সাড়ে ৯টার দিকে মারা যান। মায়ের অন্ত্যেষ্টিক্রিয়া ও শেষকৃত্যে কারাগারে আটক চিন্ময় কৃষ্ণের উপস্থিতি একান্ত প্রয়োজন। মায়ের জীবনের শেষ সময়ে পাশে থাকতে না পারার পর অন্তত শেষকৃত্যে অংশ নেওয়ার সুযোগ তার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বলেও আবেদনে উল্লেখ করা হয়। বিষয়টির মানবিক ও ধর্মীয় গুরুত্ব বিবেচনায় প্রয়োজনীয় সময়ের জন্য চিন্ময় কৃষ্ণকে প্যারোলে মুক্তি অথবা নিরাপত্তাসহ প্যারোলে উপস্থিতির অনুমতি দেওয়ার আবেদন করা হয়। আবেদনের সঙ্গে মৃত্যু সনদ ও আবেদনকারীর পরিচয়পত্রের ফটোকপি সংযুক্ত করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৯.২০২৬ রিহাব)

## দুর্নীতিবাজ যত প্রভাবশালীই হোক, আইনের আওতায় আনতে হবে: রাষ্ট্রপতি

দুর্নীতিবাজ যত প্রভাবশালীই হোক না কেন, নিরপেক্ষ ও সুষ্ঠু তদন্তের মাধ্যমে তাদের আইনের আওতায় আনার জন্য দুর্নীতি দমন কমিশনের (দুদক) প্রতি আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বৃহস্পতিবার দুপুরে বঙ্গভবনে দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান বিচারপতি এ কে এম আসাদুজ্জামানের নেতৃত্বে একটি প্রতিনিধিদল সৌজন্য সাক্ষাৎকালে রাষ্ট্রপতি এ আহ্বান জানান। প্রতিনিধিদলের অন্য সদস্যদের মধ্যে ছিলেন কমিশনার (তদন্ত) ড. জাহাঙ্গীর আলম খান, কমিশনার (অনুসন্ধান) ড. সাজ্জাদ হোসেন ভূইয়া এবং সচিব সাইদুর রহমান খান। সাক্ষাৎকালে দুদক চেয়ারম্যান কমিশনের সার্বিক কার্যক্রম, চলমান বিভিন্ন উদ্যোগ এবং দায়িত্ব পালনের ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও চ্যালেঞ্জ সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন। তিনি দুর্নীতি দমনে কমিশনের কার্যক্রম আরও কার্যকর করতে রাষ্ট্রপতির সহযোগিতা কামনা করেন। রাষ্ট্রপতি বলেন, দীর্ঘদিনের অপশাসন, অনিয়ম ও জবাবদিহিতার অভাবে দুর্নীতি বর্তমানে বাংলাদেশের অন্যতম প্রধান সমস্যা হয়ে দাঁড়িয়েছে। তিনি বলেন, দুর্নীতি দমন ও নিয়ন্ত্রণের ওপর নির্ভর করছে জাতির অগ্রগতি ও উজ্জ্বল ভবিষ্যত। দুদককে সততা ও সাহসের সঙ্গে দুর্নীতি দমনে কাজ করে যেতে হবে রাষ্ট্রপতি দীর্ঘদিনের বিচারাধীন মামলাগুলো আইনগতভাবে দ্রুত নিষ্পত্তি ও দীর্ঘসূত্রিতা কমানোর জন্য দুদকের প্রতি আহ্বান জানান। রাষ্ট্রপতি গুরুতর ও বৃহৎ দুর্নীতির ব্যাপারে দ্রুত অনুসন্ধান ও কঠোর ব্যবস্থা গ্রহণের জন্য বলেন। তিনি দুর্নীতিবিরোধী মূল্যবোধ গড়ে তুলতে জনসচেতনতা ও প্রচারণামূলক কার্যক্রম আরও জোরদারের ওপর গুরুত্বারোপ করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৯.২০২৬ রিহাব)

## বাস ডাম্পিংয়ের প্রতিবাদে মহাখালীতে সড়ক অবরোধ, তীব্র যানজট

রাজধানীর মহাখালী বাস টার্মিনাল এলাকায় বাস ডাম্পিংয়ের প্রতিবাদে সড়ক অবরোধ করে অবস্থান নিয়েছেন পরিবহন শ্রমিকরা। এতে মহাখালী বাস টার্মিনাল সংলগ্ন সড়কের উভয় পাশে যান চলাচল বন্ধ হয়ে গেছে। সৃষ্টি হয়েছে তীব্র যানজট। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) বিকেলে এ পরিস্থিতির সৃষ্টি হয়। ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) ট্রাফিক গুলশান বিভাগ জানিয়েছে, মহাখালী বাস টার্মিনাল এলাকায় সড়কে যান চলাচল সুষ্ঠু, স্বাভাবিক ও নির্বিঘ্ন রাখার লক্ষ্যে পুলিশ বাস ডাম্পিং করলে এর প্রতিবাদে পরিবহন শ্রমিকরা সড়ক অবরোধ করে অবস্থান নেন। পরিস্থিতি স্বাভাবিক রাখতে সংশ্লিষ্ট পুলিশ সদস্যরা ঘটনাস্থলে উপস্থিত রয়েছেন এবং প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করছেন। এদিকে সড়ক অবরোধের কারণে মহাখালী বাস টার্মিনাল সংলগ্ন এলাকায় যান চলাচল ব্যাহত হওয়ায় নগরবাসীকে ওই সড়ক এড়িয়ে বিকল্প পথ ব্যবহারের অনুরোধ জানিয়েছে ডিএমপির ট্রাফিক গুলশান বিভাগ। পুলিশের পক্ষ থেকে পরিস্থিতি স্বাভাবিক করতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হচ্ছে।(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৯.২০২৬ রিহাব)

## স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষায় র‍্যাবের মতো বাহিনী প্রয়োজন: বাবর

নেত্রকোনা-৪ আসনের সংসদ সদস্য ও সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী লুৎফুজ্জামান বাবর বলেন, র‍্যাবের পরিবর্তে এসআরবি (স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন) নামে যে সংগঠনটি আসছে, সেটা প্রয়োজন। কারণ এখনো বিভিন্ন বোমা হামলা হচ্ছে। বোমা হামলাসহ বিভিন্ন বোমা আসছে। আপনারা দেখছেন, আমাদের পার্শ্ববর্তী যে কোনো একটি দেশ বিভিন্নভাবে বিভিন্ন রকম প্রক্রিয়া চালিয়ে যাচ্ছে, অতীতেও করেছিল। এ কারণে র‍্যাবের মতো একটি সংগঠন প্রয়োজন। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) বিকেলে জাতীয় সংসদের অধিবেশনে স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি) বিলের ওপর বক্তব্য দিতে গিয়ে এ কথা বলেন তিনি। সংসদ অধিবেশনে সভাপতিত্ব করছেন ডেপুটি স্পিকার কায়সার কামাল। সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, দেশের স্বাধীনতা-সার্বভৌমত্ব ও জনগণের নিরাপত্তার স্বার্থে র‍্যাবের মতো একটি সংগঠন অত্যন্ত প্রয়োজন। দক্ষতা, শ্রদ্ধা ও নিষ্ঠার সঙ্গে এ ধরনের বাহিনীর কার্যক্রম পরিচালনা করা দরকার। তিনি বলেন, `গত বিগত ১৫ বছরের দুঃশাসন, পতিত সরকারের সেটাই উনাদের চোখের সামনে আছে। গত ১৭ আগস্ট সারা দেশে সিরিজ বোমা হামলা হয়েছিল। বিভিন্ন শীর্ষ সন্ত্রাসীদের ধরা হয়েছিল, চাঁদাবাজ এবং বিভিন্ন স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষার জন্য র‍্যাব কাজ করেছিল। সফলতার সময় বিভিন্ন জায়গায় মিষ্টি বিতরণ করা হয়েছিল। আমার মনে হয়, সেটা আমাদের সম্মানিত বিরোধী দলের সদস্যরা ভুলে গেছেন।, বাবর বলেন, `র‍্যাবের মতো একটা সংগঠন এই দেশের অত্যন্ত প্রয়োজন। এই কারণে অত্যন্ত দক্ষতার সঙ্গে, শ্রদ্ধার সঙ্গে, নিষ্ঠার সঙ্গে র‍্যাবের কার্যক্রম পরিচালনা করা হয়েছিল। সেই সময়কালে তখনকার প্রধানমন্ত্রী, আমাদের দেশনেত্রী বেগম খালেদা জিয়া, এবং তার নির্দেশে এক ঘণ্টার জন্যও বিরোধীদলের কোনো রাজনৈতিকভাবে র‍্যাবকে পরিচালিত করা হয়নি।, তিনি আরও বলেন, `এখনো এ ব্যাপারে বেশ কিছুদিন আগে আমাদের প্রধানমন্ত্রীর সঙ্গে আমার যখন কথা হয়েছিল, উনি তখন বলেছিলেন, র‍্যাবকে পরিবর্তন করতে হবে। কিন্তু আমি উনার সঙ্গে অনেকক্ষণ আর্গুমেন্ট করেছিলাম যে, পরিবর্তন করাটা ঠিক হবে না। পরবর্তীতে আমার সঙ্গে উনার কথা হয়নি। কিন্তু আমি বুঝি, র্যাবের মতো একটা সংগঠন দরকার।,
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৯.২০২৬ রিহাব)

## ˋমাননীয়, বাদ, অনলাইন হাজিরাঃ নিজ দপ্তরেই দৃষ্টান্ত প্রধানমন্ত্রীর

ˋমাননীয়, বা অন্য কোনো সম্মানসূচক শব্দ ব্যবহার না করার সরকারি সিদ্ধান্ত নিজের দপ্তর থেকেই বাস্তবায়ন শুরু করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) সকাল থেকে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সব ধরনের ফাইল, নথি ও দাপ্তরিক কার্যক্রমে তার পদবির আগে ˋমাননীয়, শব্দ বাদ দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে। এর আগে, গতকাল বুধবার মন্ত্রিপরিষদ বিভাগের জারি করা পরিপত্রে বলা হয়- রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীর সঙ্গে দাপ্তরিক যোগাযোগ, নথিপত্র ও সারসংক্ষেপ উপস্থাপনের ক্ষেত্রে তাদের পদবির আগে ˋমহামান্য,, ˋমাননীয়, বা অন্য কোনো সম্মানসূচক শব্দ লিখিতভাবে ব্যবহার করা যাবে না। সরকারের সর্বোচ্চ পর্যায়ের এই নির্দেশনা কেবল কাগজে সীমাবদ্ধ না রেখে প্রধানমন্ত্রী নিজের কার্যালয়েই তা বাস্তবায়ন শুরু করেছেন। তার কাছে উপস্থাপন করা ফাইল ও অন্যান্য সরকারি নথিতে ˋমাননীয় প্রধানমন্ত্রী, না লিখে শুধু ˋপ্রধানমন্ত্রী, ব্যবহারের নির্দেশ দেওয়া হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৯.২০২৬ রিহাব)

## পৃথিবীর কোনো জ্যোতিষী ভাবেনি আওয়ামী লীগ পালিয়ে বিদায় নেবেঃ ধর্মমন্ত্রী

পৃথিবীর কোনো জ্যোতিষী, কোনো গোয়েন্দা সংস্থা চিন্তা করেনি আওয়ামী লীগ এভাবে পালিয়ে বিদায় নেবে বলে মন্তব্য করেছেন ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের মন্ত্রী কাজী শাহ মোফাজ্জল হোসেন কায়কোবাদ। তিনি বলেন, ১৯৭৫ সালে মাত্র কয়েকজন কর্মকর্তা একটা ঘটনা ঘটিয়েছিল, কিন্তু বিশাল রক্ষী বাহিনি টুঁ-শব্দ পর্যন্ত করেনি। আমার আল্লাহ যা চান তাই হবে। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) পবিত্র ঈদে মিলাদুন্নবী (সা.) উপলক্ষে আয়োজিত আলোচনা সভা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে হামদ, নাতে রাসুল, কেরাত ও রাসুল (সা.)- এর জীবনীর ওপর রচনা প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের মধ্যে ক্রেস্ট বিতরণ করা হয়। আলোচকরা মহানবী হজরত মুহাম্মদ (সা.)-এর জীবন, আদর্শ ও শিক্ষার বিভিন্ন দিক তুলে ধরেন। ধর্মমন্ত্রী বলেন, আমি একটা কথা আপনাদের বলতে চাই— ৭৫ সালে যে ঘটনাটা ঘটেছিল, মাত্র কয়েকজন কর্মকর্তা একটা বিশাল ঘটনা ঘটিয়েছিলেন। সেদিন কিন্তু বিশাল রক্ষীবাহিনী শেখ মুজিবকে, তার পরিবারকে এবং আওয়ামী লীগকে রক্ষা করার জন্য অপেক্ষা করছিল। সেই রক্ষীবাহিনী কিন্তু টুঁ-শব্দও করেনি। তারা কিন্তু টুঁ-শব্দ করেনি। আল্লাহ যা চান তাই হয়। আল্লাহর প্রতি মানুষের আস্থা ও বিশ্বাস থাকতে হবে। মিলাদুন্নবীর গুরুত্ব তুলে ধরে তিনি বলেন, মহান আল্লাহ মহানবীকে দূত ও রহমত হিসেবে প্রেরণ করেছেন। আমরা বড় সৌভাগ্যবান উম্মত। তার জীবনের প্রতিটি দিক ও অধ্যায় আমাদের জন্য আলোকবর্তিকা। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৯.২০২৬ রিহাব)

## ২৫ সেপ্টেম্বর থেকে শুরু হচ্ছে হামের বিশেষ টিকা ক্যাম্পেইন

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বলেছেন, হামের সংক্রমণ মোকাবিলায় আগামী ২৫ সেপ্টেম্বর থেকে দেশে আবারও হামের টিকাদান কার্যক্রম শুরু হচ্ছে। এরই মধ্যে অধিকাংশ টিকা ইউনিসেফের মাধ্যমে দেশে এসে পৌঁছেছে। অবশিষ্ট টিকাও আগামী ১৭ সেপ্টেম্বরের মধ্যে দেশে পৌঁছাবে। ˋবিশ্ব আত্মহত্যা প্রতিরোধ দিবস, উপলক্ষ্যে বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) রাজধানীর ধানমন্ডির ইউনিভার্সিটি উইমেন্স ফেডারেশনে আয়োজিত সেমিনার শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন স্বাস্থ্যমন্ত্রী। অ্যাসোসিয়েশন ফর ডিজএবলড পিপল (এডিপি) ও রোটারি ক্লাব আহসান মঞ্জিল যৌথভাবে এ সেমিনারের আয়োজন করে। সরদার মো. সাখাওয়াত হোসেন বলেন, হামের টিকাদান ক্যাম্পেইন শেষ করার পরও যখন সংক্রমণ অব্যাহত থাকার বিষয়টি দেখা যায়, তখন সরকার মপ-আপ কার্যক্রম পরিচালনা করে। এ কার্যক্রমের আওতায় নতুন করে ১৪ লাখ শিশুকে হামের টিকা দেওয়া হয়েছে। তিনি বলেন, বিগত সরকার দেশে কোনো টিকা রেখে যায়নি। এমন পরিস্থিতিতে বর্তমান সরকার মাত্র ২১ দিনের মধ্যে ১ কোটি ৮৫ লাখ শিশুর জন্য টিকা সংগ্রহ করে টিকাদান কার্যক্রম সম্পন্ন করেছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৯.২০২৬ রিহাব)

## র‍্যাবের মতো আরেকটি বাহিনী গঠন নিয়ে সংসদে প্রশ্ন তুলেছে বিরোধীদল

ˋস্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন (এসআরবি) বিল-২০২৬, নিয়ে বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান বলেছেন, র‍্যাবের জনবল, স্থাপনা, লজিস্টিক ও ক্ষমতা অপরিবর্তিত রেখে শুধু নাম পরিবর্তন করে এসআরবি গঠন করা হলে জনগণ তা স্বাভাবিকভাবে নেবে না। এ বিল নিয়ে আরও আলোচনা ও গভীরভাবে পর্যালোচনার আহ্বান জানিয়ে তিনি বিলটি প্রত্যাহারের দাবি জানান। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) বিকেলে ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনের শেষ দিনে এসআরবি বিলের ওপর আলোচনায় অংশ নিয়ে বিরোধীদলীয় নেতা এসব কথা বলেন। অধিবেশনে সভাপতিত্ব করেন ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামাল। বিরোধীদলীয় নেতা বলেন, এই বিল জাতীয় জীবনের অন্য সাধারণ ১০টি বিলের মতো নয়; এটি সম্পূর্ণ ভিন্ন একটি বিল। র‍্যাব প্রতিষ্ঠার পর দেশের সামগ্রিক অভিজ্ঞতা সুখকর নয়। বাহিনীটির কিছু ইতিবাচক দিক থাকলেও নেতিবাচক দিক এত বেশি ছিল যে তা গোটা বিশ্বকে চিন্তিত করেছে। র‍্যাবের হাতে ভুক্তভোগী অনেক মানুষ রয়েছেন। আমি নিজেও ভুক্তভোগী , তবে বেঁচে আছি। কিন্তু অনেকে

করুণভাবে জীবন দিয়েছেন কিংবা গুমের শিকার হয়েছেন। তারা কোথায় আছেন, তা এখনো জানা যায়নি। র‍্যাবের হাতে গুমের শিকার হয়ে পরবর্তীতে ফিরে আসা সংসদ সদস্য মীর আহমদ বিন কাসেমের প্রসঙ্গও তিনি উল্লেখ করেন। এ সময় বিরোধীদলীয় নেতা আরও বলেন, সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য মারজিয়া বেগমের স্বামী একজন বিশিষ্ট চিকিৎসক ও মানবিক ডাক্তার হিসেবে পরিচিত ছিলেন। রাত ১২টার দিকে তাকে কক্ষ থেকে তুলে নিয়ে ছাদে নেওয়া হয় এবং সেখানে অমানবিক নির্যাতন করা হয়। পরে তাকে জীবিত অবস্থায় ছাদ থেকে নিচে ফেলে দেয়া হয়। পরিবারের সদস্যরা চোখের সামনে এ করুণ ঘটনা প্রত্যক্ষ করেছেন বলেও তিনি উল্লেখ করেন। এসব কারণেই র‍্যাব বিলুপ্তির দাবি উঠেছিল মন্তব্য করে তিনি বলেন, দেশ-বিদেশের বিভিন্ন মানবাধিকার সংস্থাও এ বিষয়ে কথা বলেছে। কিন্তু র‍্যাব বিলুপ্ত করে একই ধরনের আরেকটি বাহিনী গঠনের দাবি কারও ছিল না। শুধু বিলুপ্তির দাবি ছিল। এখন দেখা যাচ্ছে, সরকারি পক্ষ থেকে একই ধরনের আরেকটি বাহিনী গঠনের প্রস্তাব আনা হয়েছে। শুধু প্রস্তাবই নয়, প্রায় হুবহু আগের বাহিনীকে রেখে সবকিছু অপরিবর্তিত রেখে নতুন বাহিনী গঠনের উদ্যোগ নেওয়া হয়েছে। সম্প্রতি একটি ঘটনার উল্লেখ করে তিনি বলেন, বিলটি যখন সংসদে আলোচিত হচ্ছে, তখন মাত্র পাঁচ দিন আগে একই ধরনের একটি বিস্ময়কর ঘটনা ঘটেছে। পুরান ঢাকার জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সাবেক এক ছাত্রীকে তার বাসা থেকে তুলে নিতে যাওয়া হয়েছিল। সেখানে কোনো সার্চ ওয়ারেন্ট ছিল না। বিশ্ববিদ্যালয় প্রশাসনের লোকজন ছুটে না এলে তাকে নিয়ে যাওয়া হতো। বিরোধীদলীয় নেতা বলেন, র‍্যাব সদস্যদের শুধু এক জায়গা থেকে অন্য জায়গায় হস্তান্তর করা হচ্ছে। তাদের স্থাপনা আগের মতোই থাকবে, লজিস্টিক আগের মতোই থাকবে এবং ক্ষমতাও আগের মতোই থাকবে। তাহলে পরিবর্তনটা কোথায় হলো? শুধু নাম পরিবর্তন করে একটি নতুন নাম দেওয়া হয়েছে। এর বাইরে মৌলিক কোনো পরিবর্তন হয়নি। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৯.২০২৬ রিহাব)

## ফিলিস্তিনি জনগণের পক্ষে সংহতি পুনর্ব্যক্ত করলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী

ফিলিস্তিনি জনগণের বৈধ অধিকার ও তাদের ন্যায্য দাবির প্রতি দৃঢ় ও অবিচল সংহতি পুনর্ব্যক্ত করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) বাংলাদেশে নিযুক্ত ফিলিস্তিনের রাষ্ট্রদূত ইউসেফ এস. ওয়াই. রামাদান পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবিরের সঙ্গে সাক্ষাৎ করতে এলে তিনি এ কথা বলেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ে অনুষ্ঠিত বৈঠকে রাষ্ট্রদূত হুমায়ুন কবিরকে দায়িত্ব গ্রহণের জন্য অভিনন্দন জানান। একই সঙ্গে ফিলিস্তিনি জনগণ ও ফিলিস্তিনের প্রতি বাংলাদেশের অব্যাহত সমর্থনের জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। জবাবে পররাষ্ট্র প্রতিমন্ত্রী ফিলিস্তিনি জনগণের বৈধ অধিকার ও তাদের ন্যায্য দাবির প্রতি বাংলাদেশের দৃঢ় সমর্থন পুনর্ব্যক্ত করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৯.২০২৬ রিহাব)

## নবায়নযোগ্য জ্বালানিতে নরওয়ের বিনিয়োগ চাইলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী

বাংলাদেশের নবায়নযোগ্য জ্বালানি খাতে বিনিয়োগ বাড়ানোর জন্য নরওয়ের প্রতি আহ্বান জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) পররাষ্ট্র মন্ত্রণালয়ে বাংলাদেশে নিযুক্ত নরওয়ের রাষ্ট্রদূত হাকন আরাল্ড গুলব্রান্দসেন পররাষ্ট্র প্রতিমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে এলে তিনি এ আহ্বান জানান। এ সময় দুই দেশের দ্বিপক্ষীয় সম্পর্ক ও পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। সাক্ষাতের শুরুতে নরওয়ের প্রয়াত রাজা পঞ্চম হ্যারাল্ডের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী। একই সঙ্গে নরওয়ের সিংহাসনে আরোহণ করায় রাজা অষ্টম হাকনকে উষ্ণ অভিনন্দন জানান তিনি। বৈঠকে বাংলাদেশ ও নরওয়ের দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক ও অংশীদারত্ব আরও জোরদারের বিষয়ে সন্তোষ প্রকাশ করা হয়। পাশাপাশি বাণিজ্য ও বিনিয়োগ, নবায়নযোগ্য জ্বালানি, সামুদ্রিক বিষয়, মৎস্য, জলবায়ু পরিবর্তন, সবুজ রূপান্তর, প্রযুক্তি হস্তান্তর এবং পরিবেশসম্মত জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ নিয়ে আলোচনা করেন দুই দেশের প্রতিনিধিরা। দ্বিপক্ষীয় সম্পর্কের গতি ও দৃশ্যমানতা বাড়াতে উচ্চপর্যায়ের সফর বিনিময়ের ওপর গুরুত্বারোপ করেন হুমায়ুন কবির। বিশেষ করে বাংলাদেশের নবায়নযোগ্য জ্বালানি খাতে নরওয়ের বিনিয়োগ সম্প্রসারণ ও ত্বরান্বিত করতে দেশটির সহযোগিতা কামনা করেন তিনি। রাষ্ট্রদূত গুলব্রান্দসেন বাংলাদেশের গণতান্ত্রিক সংস্কারের উদ্যোগের প্রশংসা করেন এবং নবায়নযোগ্য জ্বালানি খাতে যৌথভাবে কাজ করার বিষয়ে নরওয়ের আগ্রহের কথা জানান। রোহিঙ্গাদের আশ্রয় দেওয়ায় বাংলাদেশের উদারতারও প্রশংসা করেন নরওয়ের রাষ্ট্রদূত। তাদের নিরাপদ, স্বেচ্ছামূলক, মর্যাদাপূর্ণ ও টেকসই প্রত্যাবাসনে বাংলাদেশ ও নরওয়ে বহুপক্ষীয় ফোরামে ঘনিষ্ঠভাবে কাজ করবে বলে তিনি প্রত্যয় পুনর্ব্যক্ত করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৯.২০২৬ রিহাব)

## মিয়ানমারে পাচারকালে ৭০০ বস্তা ইউরিয়া সারসহ আটক ২

মিয়ানমারে পাচারের উদ্দেশ্যে নেওয়ার সময় চট্টগ্রামের সীতাকুণ্ডে তিন ট্রাক ইউরিয়া সারসহ দুই পাচারকারীকে আটক করেছে কোস্ট গার্ড। তিন ট্রাকে ৭০০ বস্তা ইউরিয়া সার ছিল। বুধবার (৯ সেপ্টেম্বর) দিনগত রাত ১টার দিকে উপজেলার বাঁশবাড়িয়া ঘাট সংলগ্ন এলাকায় অভিযান চালিয়ে এসব সার ও ট্রাক জব্দ করা হয়। কোস্ট গার্ড জানায়, গোপন সংবাদের ভিত্তিতে ভাটিয়ারী কোস্ট গার্ড স্টেশনের একটি দল বাঁশবাড়িয়া ঘাট এলাকায় বিশেষ অভিযান চালায়। মিয়ানমারে অবৈধভাবে পাচারের উদ্দেশ্যে ট্রাক থেকে কার্গো বোটে সার স্থানান্তরের সময় অভিযান চালানো

হয়। অভিযানে ৭০০ বস্তা ইউরিয়া সার উদ্ধার করা হয়। এসব বস্তায় মোট ৩৫ হাজার কেজি সার ছিল। জব্দ করা সারের আনুমানিক বাজারমূল্য ২৪ লাখ ৫০ হাজার টাকা। একই সঙ্গে পাচারের কাজে ব্যবহৃত তিনটি ট্রাক ও দুইজনকে আটক করা হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৯.২০২৬ রিহাব)

## ইরানের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ককে বাংলাদেশ অত্যন্ত গুরুত্ব দেয়

গভীর ঐতিহাসিক, সাংস্কৃতিক ও জনগণের সঙ্গে জনগণের সম্পর্কের ভিত্তিতে গড়ে ওঠা বাংলাদেশের সঙ্গে ইরানের দীর্ঘদিনের বন্ধুত্বপূর্ণ ও ভ্রাতৃত্বপূর্ণ সম্পর্ককে বাংলাদেশ অত্যন্ত গুরুত্ব দেয় বলে জানিয়েছেন রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) বঙ্গভবনে বাংলাদেশে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত ড. জলিল রহিমি জাহানাবাদির সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ কথা জানান। রাষ্ট্রপতির প্রেস উইং থেকে এ তথ্য জানানো হয়েছে। সাক্ষাৎকালে রাষ্ট্রপতি বলেন, ফেরদৌসি, শেখ সাদি, হাফিজ, জালাল উদ্দিন রুমির মতো প্রখ্যাত পারস্য কবি ও মনীষীদের সৃজনশীল কর্ম ও সাহিত্য এ অঞ্চলের মানুষের চিন্তা ও সংস্কৃতিকে গভীরভাবে প্রভাবিত করেছে। তিনি এ সময় জাতীয় কবি কাজী নজরুল ইসলামের কবিতা ও গানে ইরানের মানুষের প্রতি মমত্ববোধের কথা উল্লেখ করেন। মধ্যপ্রাচ্যে চলমান সংঘাতে গভীর উদ্বেগ প্রকাশ করে তিনি বলেন, মধ্যপ্রাচ্যের এই সংঘাতের ফলে বাংলাদেশের মতো আমদানিনির্ভর দেশগুলো ব্যাপক জ্বালানি সংকটে পড়েছে। তিনি সংলাপ, সমঝোতা ও কূটনৈতিক প্রচেষ্টার মাধ্যমে বিরোধ নিষ্পত্তির বিষয়ে বাংলাদেশের নীতিগত অবস্থান পুনর্ব্যক্ত করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৯.২০২৬ রিহাব)

## হেবা আইনের সংশোধন বাতিল দাবিতে শুক্রবার ইসলামী আন্দোলনের বিক্ষোভ

হেবা আইনের বিতর্কিত সংশোধন বাতিলের দাবিতে শুক্রবার (১১ সেপ্টেম্বর) দেশের সব বিভাগীয় শহরে প্রতিবাদ সমাবেশ ও বিক্ষোভ মিছিল করবে ইসলামী আন্দোলন বাংলাদেশ। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) রাজধানীর পুরানা পল্টনের আইজিবি মিলনায়তনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করা হয়। সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন দলের নায়েবে আমির মুফতি সৈয়দ মুহাম্মাদ ফয়জুল করীম। এসময় তিনি গত ৬ সেপ্টেম্বর পাস হওয়া সম্পত্তি হস্তান্তর (সংশোধন) আইনকে শরিয়তবিরোধী আখ্যা দিয়ে অবিলম্বে তা বাতিলের দাবি জানান। তিনি বলেন, দায়িত্ব নেওয়ার ছয় মাসের মধ্যেই পবিত্র কোরআনের অবিসংবাদিত বিধানের পরিপন্থি আইন পাস করা হয়েছে, যা জনগণের ধর্মীয় বিশ্বাসের ওপর স্পষ্ট আঘাত। হেবার অপব্যবহার রোধ বা বাবা-মা,কে উচ্ছেদ ঠেকাতে আইন করার প্রয়োজন হলেও শরিয়ত লঙ্ঘন করে তা করা যাবে না বলে উল্লেখ করা হয়। দ্রব্যমূল্য ঊর্ধ্বগতি ও বেকারত্বের মতো বাস্তব সমস্যা সমাধান বাদ দিয়ে শরিয়তবিরোধী এ ধরনের উদ্যোগে হতাশা প্রকাশ করে দলটি। অবিলম্বে উলামায়ে কেরাম ও আইনবিদদের সঙ্গে পরামর্শ করে আইনটিতে প্রয়োজনীয় সংশোধনী আনার জোর দাবি জানানো হয়। (জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৯.২০২৬ রিহাব)

## সাক্ষী অনুপস্থিত থাকায় বেনজীরের অবৈধ সম্পদের মামলায় সাক্ষ্যগ্রহণ হয়নি

পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদের বিরুদ্ধে জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের মামলায় সাক্ষ্যগ্রহণ পিছিয়ে গেছে। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) ধার্য দিনে কোনো সাক্ষী আদালতে উপস্থিত না হওয়ায় সাক্ষ্যগ্রহণ সম্ভব হয়নি। পরবর্তীতে আগামী ১১ অক্টোবর পরবর্তী সাক্ষ্যগ্রহণের দিন ধার্য করেছেন আদালত। ঢাকার বিশেষ জজ আদালত-৫-এর বিচারক আব্দুল্লাহ আল মামুন এ আদেশ দেন। বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করেছেন দুর্নীতি দমন কমিশনের (দুদক) পক্ষের আইনজীবী মীর আহমেদ আলী সালাম। মামলাটিতে মোট ২৮ জন সাক্ষীর মধ্যে এ পর্যন্ত ১৫ জনের সাক্ষ্যগ্রহণ শেষ হয়েছে। সর্বশেষ গত ১৬ জুলাই বস্ত্র অধিদপ্তরের সহকারী পরিচালক (কারিগরি) মো. ফয়সাল কবির আদালতে সাক্ষ্য দেন। দুদকের করা মামলায় বেনজীর আহমেদের বিরুদ্ধে জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জন, সম্পদের তথ্য গোপন এবং মানিলন্ডারিংয়ের অভিযোগ আনা হয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ:১০.০৯.২০২৬ রিহাব)

# রেডিও টুডে

## গ্যাস-বিদ্যুৎ সংকট কাটবে, সৌরবিদ্যুৎ উৎপাদক হবে বাংলাদেশ: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান দেশে বিদ্যমান গ্যাস ও বিদ্যুৎ সংকট মোকাবিলায় একাধিক তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণের কথা জানিয়ে দ্রুতই এই পরিস্থিতি থেকে উত্তরণে দেশবাসীকে আশ্বস্ত করেছেন। একইসঙ্গে আমদানি নির্ভরতা কমিয়ে বাংলাদেশকে সৌরবিদ্যুৎ উৎপাদক দেশে পরিণত করার দীর্ঘমেয়াদি পরিকল্পনার কথাও জানিয়েছেন প্রধানমন্ত্রী। আজ ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনের সমাপনী বক্তব্যে প্রধানমন্ত্রী এই আহ্বান জানান। এই সময়ে সংসদ অধিবেশনের কক্ষে সদস্যরা মুহুর্মুহু টেবিল চাপড়িয়ে প্রধানমন্ত্রীর বক্তব্যকে সমর্থন জানান।সংকট উত্তরণে সৌরবিদ্যুতের ওপর গুরুত্ব আরোপ করে প্রধানমন্ত্রী বলেন, `এতদিন আমরা আমদানি নির্ভর উৎস থেকে উৎপাদিত বিদ্যুতের গ্রাহক ছিলাম। বর্তমান সরকার সৌরবিদ্যুৎ উৎপাদনের যে পরিকল্পনা গ্রহণ করতে যাচ্ছে, তা সঠিকভাবে

বাস্তবায়ন করতে পারলে আমরা কেবল গ্রাহক থাকব না, বরং সৌরবিদ্যুৎ উৎপাদক হব।, বর্তমান সংকট নিয়ে উসকানিমূলক আচরণের পরিবর্তে জনগণের সামনে প্রকৃত পরিস্থিতি তুলে ধরতে বিরোধী দলের প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেন, `বিএনপির ঐতিহাসিক রেকর্ড রয়েছে জাতিকে প্রতিটি সংকটময় পরিস্থিতি থেকে সফলভাবে বের করে আনার। বিরোধীদলীয় সহকর্মীদের সঙ্গে নিয়ে দ্রুতই দেশ ও জাতিকে এই বিদ্যুৎ ও গ্যাস সমস্যা থেকে মুক্ত করা সম্ভব হবে।, গ্যাস- বিদ্যুৎ সংকটের বিষয়ে বিরোধীদলীয় নেতার বক্তব্যের প্রসঙ্গ টেনে তিনি বলেন, `এই সমস্যা হঠাৎ করে তৈরি হয়নি। বিগত এক যুগেরও বেশি সময় ধরে ফ্যাসিবাদী শাসন আমলে দেশীয় উৎস থেকে গ্যাস উত্তোলনের কোনো কার্যকর উদ্যোগ নেওয়া হয়নি।, বঙ্গোপসাগরে প্রতিবেশী দেশগুলোর গ্যাস আহরণের উদাহরণ দিয়ে প্রধানমন্ত্রী আক্ষেপ প্রকাশ করে বলেন, `অদৃশ্য কোনো ইশারায় দেশের সীমানায় বঙ্গোপসাগর থেকে গ্যাস উত্তোলনের চেষ্টা করা হয়নি। বিশেষ কোনো দেশকে সুবিধা দিতে এবং তাদের স্বার্থ রক্ষার্থেই বঙ্গোপসাগরে খনন কাজ বন্ধ রাখা হয়েছিল বলে প্রচলিত ধারণার কথা তিনি সংসদে তুলে ধরেন। তিনি বলেন, বিগত সরকার দেশকে সম্পূর্ণরূপে আমদানি নির্ভর জ্বালানি ব্যবস্থার দিকে ঠেলে দিয়েছিল।, বিদ্যমান সংকটের সূচনার প্রেক্ষাপট তুলে ধরে তিনি বলেন, `নতুন সরকার গঠনের মাত্র ১০ থেকে ১২ দিনের মাথায় মধ্যপ্রাচ্যে যুদ্ধ পরিস্থিতি তৈরি হয়, যা আমাদের জ্বালানি আমদানির প্রধান উৎস ছিল। এর ফলে গ্যাস ও তেল সরবরাহে বড় ধরনের বাধা সৃষ্টি হয়। একই সময়ে দেশের দু,টি ভাসমান এলএনজি টার্মিনালের (এফএসআরইউ) একটিতে ইলেকট্রিক শকের কারণে অনাকাঙ্ক্ষিত দুর্ঘটনা ঘটে এবং সেটি সম্পূর্ণ বিকল হয়ে পড়ে। এই জোড়া ধাক্কায় পরিস্থিতি আরো জটিল হয়ে ওঠে।, চলমান সংকট নিয়ে রাজনৈতিক কাদা ছোড়াছুড়ি না করে দায়িত্বশীল ভূমিকার আহ্বান জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, ` রাশিয়া-ইউক্রেন যুদ্ধের পর ২০২২ সালে তৎকালীন সরকার বিদ্যুতের ঘাটতি সামাল দিতে অফিসের সময়সূচি ও ব্যাংক লেনদেনের সময় পরিবর্তন এবং শিক্ষাপ্রতিষ্ঠানে অতিরিক্ত ছুটি ঘোষণা করতে বাধ্য হয়েছিল। কুইক রেন্টাল বিদ্যুৎকেন্দ্রের নামে কিছু নির্দিষ্ট গোষ্ঠীকে সুবিধা দিয়ে রাষ্ট্রকে ঋণগ্রস্ত করে ফেলা হলেও বিদ্যুৎ সংকটের কোনো স্থায়ী সমাধান তারা করতে পারেনি।,তিনি আরো বলেন, `২০২৪ সালের গণঅভ্যুত্থানে প্রায় ১৪০০ মানুষের আত্মত্যাগ এবং ৩০ হাজার মানুষের আহত ও পঙ্গুত্ব বরণের মধ্য দিয়ে অর্জিত গণতান্ত্রিক পরিবেশে সংকটকে কেন্দ্র করে উসকানিমূলক আচরণ করা হলে পতিত ও বিতাড়িত ফ্যাসিবাদী চক্রই লাভবান হবে। সরকার ও বিরোধী দল উভয়কেই জনগণের কাছে বাস্তব পরিস্থিতি সঠিকভাবে তুলে ধরার আহ্বান জানাই।, দেশবাসীকে আশ্বস্ত করে প্রধানমন্ত্রী বিএনপির অতীত ঐতিহ্যের কথা স্মরণ করিয়ে দিয়ে বলেন, `বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) অতীতে যতবারই রাষ্ট্র পরিচালনার দায়িত্ব পেয়েছে, ততবারই দেশকে যেকোনো বিপর্যয়কর পরিস্থিতি থেকে সফলভাবে বের করে এনেছে। জিয়াউর রহমানের নীতি ও দলের অভিজ্ঞতার ওপর ভিত্তি করে বিরোধীদলীয় সহকর্মীদের সঙ্গে নিয়ে অতি দ্রুত দেশকে এই বিদ্যুৎ ও গ্যাস সংকট থেকে উত্তরণ ঘটাতে আমরা সক্ষম হবো। (রেডিও টুডে ওয়েব পেজ :১০.০৯.২০২৬ আসাদ)

## বাক্স্বাধীনতা যেন বাক শালীনতার সীমা লঙ্ঘন না করেঃ সংসদে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান গালাগালির সংস্কৃতির বিরুদ্ধে সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানিয়ে বলেছেন, `বর্তমানে দেশে গণতান্ত্রিক একটি পরিবেশ বিরাজ করছে, বাক স্বাধীনতা অবারিত। কিন্তু আমাদের মনে রাখা দরকার, বাক স্বাধীনতা যেন বাক শালীনতার সীমা লঙ্ঘন না করে।, ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনের সমাপনী বক্তব্যে প্রধানমন্ত্রী আজ বৃহস্পতিবার এ আহ্বান জানান। এ সময় সংসদ সদস্যরা মুহুর্মুহু টেবিল চাপড়িয়ে প্রধানমন্ত্রীর বক্তব্যকে সমর্থন জানান। প্রধানমন্ত্রী বলেন, `আমরা চাই না দেশের জনগণের কাঁধে ফ্যাসিবাদী স্বৈরাচারী শাসন চেপে বসুক। ঠিক তেমনি কোনো বিবেকবান মানুষ, দেশপ্রেমিক রাজনীতিবিদ অবশ্যই চান না আমাদের রাজনৈতিক সংস্কৃতি গালাগালিতে পরিণত হোক। এ জন্য দল-মত নির্বিশেষে আমাদের সবাইকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে।' প্রধানমন্ত্রী প্রশ্ন রেখে বলেন, 'পারিবারিক পরিবেশে আমরা যে সকল কথা বলতে স্বাচ্ছন্দ্য বোধ করি না, কেন আমরা জনপরিসরেও সেই শব্দগুলো ব্যবহার করব? কেন আমরা জনপরিসরেও সেই শব্দগুলোকে পরিহার করব না? সংসদের সকল সদস্যের কাছে, দেশের সকল বিবেকবান নাগরিকের কাছে এ প্রশ্ন রেখে যেতে চাই।' তিনি বলেন, 'আমরা যদি সত্যিই সবাই এ ব্যাপারে একমত হই, তবে আসুন আমরা গালাগালি সংস্কৃতির বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে ভূমিকা গ্রহণ করি।' আমাদের মধ্যে বিরোধ-বিভেদ ফ্যাসিস্ট শক্তিকে পুনরুজ্জীবিত করবে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, `সরকারি দলই বলি, বিরোধী দলই বলি আমরা সবাই মিলে আসুন একটি কল্যাণকর রাষ্ট্র গড়ে তুলি। সে কারণে সবসময় আমি বলার চেষ্টা করি, আমি বলে থাকি `সবার আগে বাংলাদেশ, সবার জন্য বাংলাদেশ,।

(রেডিও টুডে ওয়েব পেজ :১০.০৯.২০২৬ আসাদ)

## ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনে ৬ বিল পাস

ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশন শেষ হয়েছে। আজ বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম অধিবেশন সমাপনী সংক্রান্ত রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের ঘোষণা পাঠের মাধ্যমে তৃতীয় অধিবেশনের সমাপ্তি ঘোষণা করেন। এই অধিবেশনে মোট ৬টি বিল উপস্থাপিত হয় এবং ৬টি বিল পাস

হয়েছে।গত ২৭ আগস্ট তৃতীয় অধিবেশন শুরু হয়। ২৭ আগস্ট থেকে ৯ কার্যদিবস অধিবেশন চলার পর আজ ১০ সেপ্টেম্বর পর্যন্ত জাতীয় সংসদের তৃতীয় অধিবেশন শেষ হলোআইন প্রণয়ন-সংক্রান্ত কার্যক্রমের পাশাপাশি এ অধিবেশনে ৩টি বিশেষ কমিটিসহ ৪৮টির অধিক সংসদীয় কমিটি গঠন ও পুনর্গঠন করা হয়েছে। সংসদীয় কার্যপ্রণালির বিভিন্ন বিধির আওতায় সদস্যগণ গুরুত্বপূর্ণ বিভিন্ন বিষয়ে নোটিশ প্রদান করেছেন। ৬৮ বিধিতে ৭টি নোটিশ পাওয়া যায়, যার মধ্যে ২টি নোটিশ গৃহীত ও আলোচিত হয়েছে। ৭১ বিধিতে ১৫টি নোটিশ গৃহীত হয় এবং এর মধ্যে ১৪টি নোটিশের ওপর আলোচনা অনুষ্ঠিত হয়েছে। ৭১ক বিধিতে দুই মিনিটের বক্তব্য প্রদানের জন্য ১২৪টি নোটিশ পাওয়া যায়। এছাড়া, ১৪৭ বিধিতে ২টি নোটিশ পাওয়া যায়, যার মধ্যে ১টি নোটিশের ওপর আলোচনা হয়েছে এবং ৩০২ বিধিতে ১টিনোটিশ উত্থাপিত হয়েছে। অধিবেশনে প্রধানমন্ত্রীর উত্তরদানের জন্য সংসদ সদস্যগণ সর্বমোট ১৪৪টি প্রশ্নের নোটিশ দেন। এর মধ্যে প্রধানমন্ত্রী ১৫টি প্রশ্নের উত্তর দিয়েছেন। বিভিন্ন মন্ত্রণালয়ের মন্ত্রীদের উত্তরদানের জন্য মোট ২ হাজার ৬৭৬টি প্রশ্নের নোটিশ পাওয়া যায়। এর মধ্যে সংশ্লিষ্ট মন্ত্রিগণ এ অধিবেশনে মোট ১ হাজার ৬৭৮টি প্রশ্নের উত্তর দেন। (রেডিও টুডে ওয়েব পেজ :১০.০৯.২০২৬ আসাদ)

## দুর্নীতিবাজদের বিরুদ্ধে দুদককে কঠোর ব্যবস্থা গ্রহণের আহ্বান রাষ্ট্রপতির

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীর দুর্নীতি দমন কমিশন দুদক-কে প্রভাব-প্রতিপত্তি বিবেচনা না করে দুর্নীতিবাজদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়েছেন। তিনি বলেন, `দুর্নীতিবাজ যত প্রভাবশালীই হোক না কেন, নিরপেক্ষ ও সুষ্ঠু তদন্তের মাধ্যমে তাদের আইনের আওতায় নিয়ে আসতে হবে।, আজ বঙ্গভবনে দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান বিচারপতি এ. কে. এম. আসাদুজ্জামানের নেতৃত্বে একটি প্রতিনিধিদল রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এ আহ্বান জানান। রাষ্ট্রপতির প্রেস সচিব মো. সরওয়ার আলম ব্রিফিংকালে বাসসকে এই তথ্য জানান। সাক্ষাৎকালে দুদক চেয়ারম্যান কমিশনের সার্বিক কার্যক্রম, চলমান বিভিন্ন উদ্যোগ এবং দায়িত্ব পালনের ক্ষেত্রে বিদ্যমান সমস্যা ও চ্যালেঞ্জ সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করার পাশাপাশি দুর্নীতি দমনে কমিশনের কার্যক্রম আরও কার্যকর করতে রাষ্ট্রপতির সহযোগিতা কামনা করেন। রাষ্ট্রপতি বলেন, দীর্ঘদিনের অপশাসন, অনিয়ম ও জবাবদিহিতার অভাবে দুর্নীতি বর্তমানে বাংলাদেশের অন্যতম প্রধান সমস্যা হয়ে দাঁড়িয়েছে। তিনি বলেন, দুর্নীতি দমন ও নিয়ন্ত্রণের ওপর নির্ভর করছে জাতির অগ্রগতি ও উজ্জ্বল ভবিষ্যৎ। দুদককে সততা ও সাহসের সঙ্গে দুর্নীতি দমনে কাজ করে যেতে হবে। রাষ্ট্রপতি দীর্ঘদিনের বিপুল সংখ্যক বিচারাধীন মামলাগুলো আইনগতভাবে দ্রুত নিষ্পত্তি ও দীর্ঘসূত্রিতা কমানোর জন্য দুদকের প্রতি আহ্বান জানান। এসময় তিনি গুরুতর দুর্নীতির ব্যাপারে দ্রুত অনুসন্ধান ও কঠোর ব্যবস্থা গ্রহণের কথা বিশেষভাবে উল্লেখ করেন। তিনি দুর্নীতিবিরোধী মূল্যবোধ গড়ে তুলতে জনসচেতনতা ও প্রচারণামূলক কার্যক্রম আরও জোরদারের ওপর গুরুত্ব আরোপ করেন এবং কমিশনকে তার সাংবিধানিক ও আইনগত দায়িত্ব কার্যকরভাবে পালনে সার্বিক সহযোগিতার আশ্বাস দেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৯.২০২৬ আসাদ)

## বিরোধীদলকে সঙ্গে নিয়ে জ্বালানি সংকট মোকাবিলা করা হবেঃ প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, `বিরোধীদলকে সঙ্গে নিয়ে জ্বালানি সংকট মোকাবিলা করা হবে।, তিনি বলেন, `গ্যাস-বিদ্যুতের কারণে যে সংকট, তাতে জনগণের ভোগান্তিতে সরকার সচেতন। তবে এটা বর্তমান সরকারের তৈরি নয়, এটা ফ্যাসিস্ট সরকারের তৈরি।, বৃহস্পতিবার  জাতীয় সংসদে তার বক্তব্যে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, `পাশের বিশেষ দেশকে সুবিধা দেয়ার জন্য বঙ্গোপসাগর থেকে গ্যাস উত্তলন বা কূপ খনন করা হয়নি।, তিনি বলেন, `দেশকে বিপর্যয় পরিস্থিতি থেকে বারবার বিএনপি টেনে তুলেছে।, তারেক রহমান বলেন, `বিরোধীদলকে সঙ্গে নিয়ে দেশ ও জনগণের কল্যাণে কাজ করতে চায় সরকার।, তিনি বলেন, `সংসদের কাছে গণতন্ত্রকামী মানুষের প্রত্যাশা অনেক।, (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৯.২০২৬ আসাদ)

## র‌্যাবের সঙ্গে এসআরবির কোনও সংস্পর্শ নেইঃ স্বরাষ্ট্রমন্ত্রী

নতুন করে গঠন হতে যাওয়া স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন এসআরবির সঙ্গে র‌্যাবের কোনো সংস্পর্শ নেই বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ।বৃহস্পতিবার বিকেলে ত্রয়োদশ জাতীয় সংসদের তৃতীয় অধিবেশনে `স্পেশাল রেসপন্স ব্যাটালিয়ন এসআরবি বিল, ২০২৬, নিয়ে আলোচনায় অংশ নিয়ে তিনি এসব কথা বলেন।  র‌্যাব বিলুপ্ত করার পর নতুন করে এসআরবি গঠন করা হচ্ছে জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, `র‌্যাবের সঙ্গে এসআরবির কোনও সংস্পর্শ নেই। র‌্যাব বিলুপ্ত হওয়ার পর রাষ্ট্রীয় সম্পদ অপচয় না করে নতুন সংস্থায় সেগুলো হস্তান্তর করা হবে।, র‌্যাব বিলুপ্ত করার বিষয়টি সরকারের নির্বাচনী ইশতেহার ও ২০২৪ সালের গণঅভ্যুত্থানের অঙ্গীকারের অংশ জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন,`র‌্যাব বিলুপ্ত করা ছিল সরকারের প্রতিশ্রুতি। তবে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি ও সময়ের চাহিদা বিবেচনায় নতুন একটি বাহিনী গঠনের প্রয়োজন দেখা দিয়েছে। সেই প্রয়োজন থেকেই এসআরবি গঠন করা হচ্ছে।, বিরোধী দলের নোট অব ডিসেন্টের জবাব দিতে গিয়ে তিনি বলেন, `কোনো পরামর্শ ছাড়াই এত দ্রুত বিলটি পাস করা যোগ্য, এটা তারা বলেছেন। আমাদের নির্বাচনের প্রতিশ্রুতি ছিল, ২৪-এর গণঅভ্যুত্থানের অঙ্গীকার ছিল, প্রতিশ্রুতি ছিল বিলুপ্ত করা হবে। আমাদের নির্বাচন ইশতেহারে ছিল, সব পক্ষের দাবি ছিল র‌্যাব আমরা বিলুপ্ত করছি।, বিলটি নিয়ে

পর্যাপ্ত আলোচনা ও পরামর্শ হয়নি, বিরোধী দলের এমন বক্তব্যের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বিলটি নিয়ে বিভিন্ন পর্যায়ে আলোচনা হয়েছে। মন্ত্রণালয়ের ওয়েবসাইটে খসড়া প্রকাশের পরও সংশ্লিষ্টদের মতামত নেয়া হয়েছে।তিনি বলেন, 'বিলটা এখানে উত্থাপনের পরে আমরা চার-পাঁচ ঝকার্যদিবসে সেটা আলোচনা করেছি। স্থায়ী কমিটিতে আলোচনা করেছি। বাইরের স্টেকহোল্ডারদের আমরা বিভিন্ন মতামত ওয়েবসাইটে পেয়েছি। সবগুলো কনসিডার করেছে। সুতরাং আলোচনা হয়েছে, পরামর্শ হয়েছে।, স্থায়ী কমিটির প্রতিবেদনে বিরোধী সদস্যদের প্রস্তাব অনুযায়ী সংশোধনী গ্রহণ করা হয়েছে বলেও জানান স্বরাষ্ট্রমন্ত্রী। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৯.২০২৬ আসাদ)

## দেশে মোট শ্রমশক্তি ৭ কোটি ১৭ লাখ: পরিকল্পনামন্ত্রী

দেশে বর্তমানে মোট শ্রমশক্তি ৭ কোটি ১৭ লাখ ১০ হাজার জন। এর মধ্যে কর্মে নিয়োজিত রয়েছেন ৬ কোটি ৯০ লাখ ৯০ হাজার জন এবং বেকার ২৬ লাখ ২০ হাজার জন। দেশে বেকারত্বের হার ৩ দশমিক ৬৬ শতাংশ। জাতীয় সংসদে কিশোরগঞ্জ-২ আসনের সরকারি দলের সদস্য অ্যাডভোকেট মো. জালাল উদ্দীনের এক প্রশ্নের জবাবে পরিকল্পনামন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী এ তথ্য জানান। মন্ত্রী বলেন, বিবিএস পরিচালিত শ্রমশক্তি জরিপ ২০২৪-এর তথ্য অনুযায়ী দেশে মোট শ্রমশক্তি ৭১ দশমিক ৭১ মিলিয়ন বা ৭ কোটি ১৭ লাখ ১০ হাজার জন। এর মধ্যে ৬৯ দশমিক ০৯ মিলিয়ন বা ৬ কোটি ৯০ লাখ ৯০ হাজার মানুষ কর্মে নিয়োজিত রয়েছেন।তিনি জানান, কর্মসংস্থানের প্রধান খাতগুলোর মধ্যে কৃষিতে নিয়োজিত রয়েছেন ৩০ দশমিক ৮৭ মিলিয়ন বা ৩ কোটি ৮ লাখ ৭০ হাজার জন, যা মোট কর্মসংস্থানের ৪৪ দশমিক ৬৭ শতাংশ। শিল্প খাতে নিয়োজিত রয়েছেন ১২ দশমিক ০০ মিলিয়ন বা ১ কোটি ২০ লাখ জন, যা ১৭ দশমিক ৩৭ শতাংশ। আর সেবা খাতে নিয়োজিত রয়েছেন ২৬ দশমিক ২২ মিলিয়ন বা ২ কোটি ৬২ লাখ ২০ হাজার জন, যা মোট কর্মসংস্থানের ৩৭ দশমিক ৯৬ শতাংশ। পরিকল্পনামন্ত্রী বলেন, অঞ্চলভিত্তিক হিসাব অনুযায়ী, ২০২৪ সালে শহর এলাকায় মোট শ্রমশক্তির সংখ্যা ছিল ১৮ দশমিক ৭৪ মিলিয়ন বা ১ কোটি ৮৭ লাখ ৪০ হাজার জন। এরমধ্যে কর্মে নিয়োজিত ছিলেন ১৭ দশমিক ৯২ মিলিয়ন বা ১ কোটি ৭৯ লাখ ২০ হাজার জন।অন্যদিকে, পল্লী এলাকায় মোট শ্রমশক্তির সংখ্যা ছিল ৫২ দশমিক ৯৭ মিলিয়ন বা ৫ কোটি ২৯ লাখ ৭০ হাজার জন। এরমধ্যে কর্মে নিয়োজিত ছিলেন ৫১ দশমিক ১৭ মিলিয়ন বা ৫ কোটি ১১ লাখ ৭০ হাজার জন। তিনি আরো জানান, ২০২৪ সালে শ্রমশক্তির বাইরে থাকা জনগোষ্ঠীর সংখ্যা ছিল ৫০ দশমিক ৪ মিলিয়ন বা ৫ কোটি ৪ হাজার জন। এর মধ্যে পুরুষের সংখ্যা ১২ দশমিক ০৩ মিলিয়ন বা ১ কোটি ২০ লাখ ৩০ হাজার এবং নারীর সংখ্যা ৩৮ দশমিক ০১ মিলিয়ন বা ৩ কোটি ৮০ লাখ ১০ হাজার। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৯.২০২৬ আসাদ)

## অবসরের পর বিচারপতিদের পাসপোর্ট ভেরিফিকেশনের সম্মুখীন করা অযৌক্তিক

অবসরের পর বিচারপতিদের পাসপোর্টের জন্য ভেরিফিকেশনের সম্মুখীন করা সম্পূর্ণ অযৌক্তিক ও ভিত্তিহীন বলে রায় দিয়েছেন হাইকোর্ট। আপিল বিভাগের সাবেক বিচারপতি মোহাম্মদ ইমান আলীর পাসপোর্ট সংক্রান্ত জটিলতা নিয়ে দায়ের করা এক রিট মামলার রায়ে এ পর্যবেক্ষণ দিয়েছেন আদালত। বৃহস্পতিবার (১০ সেপ্টেম্বর) সুপ্রিম কোর্টের ওয়েবসাইটে এ রায় প্রকাশ করা হয়েছে। বিচারপতি ফাহমিদা কাদের ও বিচারপতি মো. আসিফ হাসানের হাইকোর্ট বেঞ্চ এ রায় দিয়েছেন। রায়ে আপিল বিভাগের সাবেক বিচারপতি মোহাম্মদ ইমান আলীসহ সুপ্রিম কোর্টের সাবেক বিচারক ও তাদের স্ত্রীদের কোনো ধরনের অতিরিক্ত গোয়েন্দা ভেরিফিকেশন ছাড়াই সাধারণ পাসপোর্ট ইস্যু করে হস্তান্তরের নির্দেশ দেওয়া হয়েছে। রায়ে আদালত বলেছেন, বিচারক পদে দায়িত্ব পালনকালে রাষ্ট্র তাদের মর্যাদা ও পরিচয় যাচাই করেই কূটনৈতিক পাসপোর্ট দিয়ে থাকে। অবসরের পর সাধারণ পাসপোর্ট পেতে তাদের পুনরায় গোয়েন্দা ভেরিফিকেশনের সম্মুখীন করা সম্পূর্ণ অযৌক্তিক ও ভিত্তিহীন। এর আগে দায়ের করা রিট আবেদনে বলা হয়, 'ওয়ারেন্ট অব প্রিসিডেন্স' অনুযায়ী সুপ্রিম কোর্টের বিচারক ও তাদের স্ত্রীগণ কূটনৈতিক পাসপোর্টের অধিকারী। বিচারকের পদ থেকে অবসর বা পদত্যাগের পর এই কূটনৈতিক পাসপোর্ট সমর্পণ করে তাদের সাধারণ পাসপোর্টের জন্য আবেদন করতে হয়। পূর্বে এসব সাধারণ পাসপোর্ট ইস্যুর ক্ষেত্রে কোনো গোয়েন্দা প্রতিবেদনের প্রয়োজন হতো না। তবে স্বরাষ্ট্র মন্ত্রণালয় ২০২৪ সালের ২২ আগস্ট এক স্মারকে কূটনৈতিক পাসপোর্ট সমর্পণকারী ব্যক্তিদের সাধারণ পাসপোর্ট পাওয়ার পূর্বে দুটি গোয়েন্দা সংস্থার সন্তোষজনক প্রতিবেদনের শর্ত দেওয়া হয়। এই সিদ্ধান্তের কারণে আপিল বিভাগের অবসরপ্রাপ্ত সাবেক বিচারপতি মোহাম্মদ ইমান আলী তার কূটনৈতিক পাসপোর্ট সমর্পণ করে ২০২৪ সালের ৩ নভেম্বর সাধারণ পাসপোর্টের আবেদন করলেও গোয়েন্দা ক্লিয়ারেন্স না পাওয়ার অজুহাতে তাকে পাসপোর্ট না দেওয়ায় তিনি বিদেশ ভ্রমণে বাধাগ্রস্ত হন। এ ঘটনায় সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেলের অনুমতিক্রমে হাইকোর্ট বিভাগের প্রোটোকল অফিসার মো. রোমান ভূঁইয়া প্রশাসনিক এই বাধা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট করেন। পরে রুল জারি করেন হাইকোর্ট। সেই রুল নিষ্পত্তি করে এই রায় দেওয়া হলো।

(রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৯.২০২৬ আসাদ)

## রোহিঙ্গা সংকট এমন কোনো সংকট নয়, যা বাংলাদেশ একাই সমাধান করবে: হুমায়ুন কবির

রোহিঙ্গা সংকট এমন কোনো সংকট নয়, যা বাংলাদেশ একাই সমাধান করবে বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। তিনি বলেছেন, রোহিঙ্গাদের বিষয়ে বাংলাদেশের অবস্থান একেবারেই স্পষ্ট; মিয়ানমারে তাদের নিরাপদ, স্বেচ্ছায়, মর্যাদাপূর্ণ ও টেকসই প্রত্যাবাসন নিশ্চিত করা। বৃহস্পতিবার রাজধানীর ফরেন সার্ভিস একাডেমিতে রোহিঙ্গা বিষয়ক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। হুমায়ুন কবির বলেন, `প্রত্যাবাসন মানে শুধু সীমান্ত পার হয়ে ফিরে যাওয়া নয়। এমন একটি পরিবেশে ফিরে যাওয়া, যেখানে মানুষ নিরাপত্তা, অধিকার, মর্যাদা এবং ভবিষ্যৎ নিয়ে আস্থা রেখে বসবাস করতে পারে। এজন্য মিয়ানমারে এমন পরিস্থিতি তৈরি করা প্রয়োজন, যা প্রত্যাবাসনকে প্রকৃত অর্থেই টেকসই করবে।, তিনি বলেন, `বাংলাদেশ জোরপূর্বক বাস্তুচ্যুত ১০ লাখেরও বেশি মিয়ানমারের নাগরিককে আশ্রয় দিয়েছে। অর্থনীতি, পরিবেশ, জনসেবা, স্থানীয় জনগোষ্ঠী ও জাতীয় নিরাপত্তার ওপর ব্যাপক চাপ তৈরি হলেও বাংলাদেশ মানবিক দায়িত্ব পালন করেছে। এর মাধ্যমে দেশটি মানবিক দায়িত্ব ও নেতৃত্বের দৃষ্টান্ত স্থাপন করেছে।,তবে মানবিক দায়িত্বকে যেন সীমাহীন দায়িত্ব হিসেবে বিবেচনা করা না হয়'এমন মন্তব্য করে পররাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, `রোহিঙ্গা সংকট বাংলাদেশ সৃষ্টি করেনি। তাই এ সংকটের সমাধানের দায়িত্বও বাংলাদেশের একার হতে পারে না।, তিনি বলেন, `আন্তর্জাতিক সম্প্রদায়কে শুধু সংহতি প্রকাশের মধ্যে সীমাবদ্ধ না থেকে অংশীদারত্বমূলক দায়িত্ব ও টেকসই রাজনৈতিক সম্পৃক্ততার দিকে এগিয়ে আসতে হবে।,

(রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৯.২০২৬ আসাদ)

## স্থানীয় সরকার নির্বাচনে দলীয় প্রতীক থাকছে না: প্রতিমন্ত্রী

চলতি ২০২৬–২৭ অর্থবছরেই পাঁচ ধাপে স্থানীয় সরকার নির্বাচন সম্পন্ন করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। তবে এবার কোনো দলীয় মনোনয়ন বা প্রতীকে এই নির্বাচন অনুষ্ঠিত হবে না। নির্বাচনে সব বৈধ প্রার্থী অংশ নিতে পারবেন এবং প্রার্থীরা যাতে নির্বিঘ্নে ও নিরাপদে নির্বাচনী প্রচার চালাতে পারেন, তা নিশ্চিত করবে সরকার। বৃহস্পতিবার সকালে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী ড. আবদুল মঈন খান এবং প্রতিমন্ত্রী মীর শাহে আলম সঙ্গে ব্রিটিশ হাইকমিশনার সারা কুক বৈঠক করে। পরে প্রতিমন্ত্রী মীর শাহে আলম এক ব্রিফিংয়ে সাংবাদিকদের এসব কথা বলেন। প্রতিমন্ত্রী জানান, সরকার স্থানীয় সরকার নির্বাচনকে সর্বজনগ্রাহ্য ও সম্পূর্ণ স্বচ্ছ করতে বদ্ধপরিকর। সেই লক্ষে এবার দলীয় প্রতীকে নির্বাচন না করার বিষয়ে সরকারকে ইতিমধ্যে অবহিত করা হয়েছে। নির্বাচনে সব বৈধ প্রার্থী অংশ নেওয়ার সমান সুযোগ পাবেন এবং তাদের নিরাপত্তা বিধানে সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।যুক্তরাজ্যের সঙ্গে দ্বিপক্ষীয় সহযোগিতার বিষয়ে মীর শাহে আলম বলেন, যুক্তরাজ্য বাংলাদেশের একটি প্রধান উন্নয়ন সহযোগী দেশ। তারা বিশেষ করে রাজধানীসহ বিভিন্ন নগরীর মেডিক্যাল বর্জ্য ব্যবস্থাপনায় বিনিয়োগ করতে অত্যন্ত আগ্রহী। এই প্রস্তাব বাস্তবায়নে দ্রুত একটি যৌথ কমিটি গঠন করা হবে, যা বিনিয়োগ ও প্রকল্পের রূপরেখা নির্ধারণে কাজ করবে। এছাড়া বাংলাদেশ সরকারের অর্থবছর পরিবর্তনের সিদ্ধান্তে যুক্তরাজ্য সন্তোষ প্রকাশ করেছে বলেও তিনি মন্তব্য করেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৯.২০২৬ আসাদ)

## ঠাকুরগাঁও-১ আসনের উপনির্বাচনের তফসিল ঘোষণা

রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের ছেড়ে দেয়া ঠাকুরগাঁও-১ আসনে উপনির্বাচনের তফসিল ঘোষণা করেছে নির্বাচন কমিশন । বৃহস্পতিবার ইসি সচিব আখতার আহমেদ এ তফসিল ঘোষণা করেন। তফসিল অনুযায়ী, আগামী ২৯ অক্টোবর ঠাকুরগাঁও-১ আসনের উপনির্বাচনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। মনোনয়নপত্র দাখিলের শেষ সময় ২৭ সেপ্টেম্বর। মনোনয়নপত্র যাচাই-বাছাই হবে ২৯ সেপ্টেম্বর।মনোনয়নপত্র যাচাই-বাছাইয়ের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করা যাবে ৩০ সেপ্টেম্বর থেকে ৪ অক্টোবর পর্যন্ত। আপিল নিষ্পত্তি হবে ৬ অক্টোবর। আর প্রার্থিতা প্রত্যাহারের শেষ দিন ৭ অক্টোবর। উল্লেখ্য, গত ২২ আগস্ট মির্জা ফখরুল ইসলাম আলমগীরের আসনটি শূন্য ঘোষণা করে সংসদ সচিবালয়। এতে বলা হয়- সংবিধানের ৫০(৪) অনুচ্ছেদ অনুযায়ী, গত ২১ আগস্ট তিনি রাষ্ট্রপতির দায়িত্ব গ্রহণের দিন থেকে আসনটি শূন্য হয়েছে। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে মির্জা ফখরুল ইসলাম আলমগীর ঠাকুরগাঁও-১ আসনে নির্বাচিত হয়েছিলেন। আর গত ২০ আগস্ট সংসদ সদস্যদের ভোটে তিনি দেশের ২৩তম রাষ্ট্রপতি নির্বাচিত হন। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৯.২০২৬ আসাদ)

## সার ব্যবস্থাপনা সুশৃঙ্খল করতে সারাদেশে মনিটরিং সেল গঠন

মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী সুলতান সালাউদ্দিন টুকু বলেছেন, সার ব্যবস্থাপনা কার্যক্রমকে আরও সুশৃঙ্খল ও নির্বিঘ্ন করতে সরকার প্রয়োজনীয় পদক্ষেপ নিয়েছে। এ লক্ষ্যে দেশের ৬৪ জেলায় সার মনিটরিং সেল গঠন করা হয়েছে। তিনি বলেন, `সার সরবরাহ ও বিতরণ ব্যবস্থা আরও উন্নত ও কার্যকর করতে সরকারের পক্ষ থেকে বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে।, আজ জাতীয় সংসদে পাবনা-১ আসনের বাংলাদেশ জামায়াতে ইসলামীর সংসদ সদস্য মোহাম্মদ নাজিবুর রহমান কার্যপ্রণালী বিধির ৬৮ বিধিতে সার সংকট নিয়ে জরুরি জনগুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার সূত্রপাত

করলে প্রতিমন্ত্রী এ কথা বলেন। তিনি জানান, দেশে সারের চাহিদা ৩৫ লাখ ৮৭ হাজার টন। বিপরীতে বর্তমানে মজুত রয়েছে ৫১ লাখ ৭১ হাজার টন। ফলে দেশে প্রায় ১৫ লাখ ৮৪ হাজার টন সার উদ্বৃত্ত থাকবে। সার বিতরণ ব্যবস্থা নির্বিঘ্ন রাখতে দেশের প্রতিটি মনিটরিং সেল দু.জন করে যুগ্মসচিব ও উপ-সচিবের তত্ত্বাবধানে কার্যক্রম পরিচালনা করছে বলে জানান প্রতিমন্ত্রী। তিনি বলেন, দেশের যেকোনো স্থান থেকে কোনো অভিযোগ পাওয়া গেলে মনিটরিং সেলগুলো প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৯.২০২৬ আসাদ)

## জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে প্রধানমন্ত্রীর প্রতি খলিলুর রহমানের কৃতজ্ঞতা প্রকাশ

প্রধানমন্ত্রী তারেক রহমানের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতি হিসেবে দায়িত্ব পালনের অঙ্গীকার করেছেন ড. খলিলুর রহমান। পরিষদের ৮১তম অধিবেশনে সূচনা বক্তব্যে এই কৃতজ্ঞতা প্রকাশ করেন তিনি।এছাড়াও, এই মর্যাদাপূর্ণ পদে মনোনয়ন দেয়ায় প্রধানমন্ত্রী ও বাংলাদেশ সরকারের প্রতি আন্তরিকতা প্রকাশ করেন তিনি। সভাপতির বক্তব্যে জাতিসংঘের বর্তমান ভূমিকা তুলে ধরে ড. খলিলুর রহমান বলেন, `আট দশকের বেশি সময়ে এই সংস্থা তৃতীয় বিশ্বযুদ্ধ প্রতিরোধে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।, একইসঙ্গে বিশ্বের কোটি কোটি মানুষের কণ্ঠস্বর তুলে ধরার পাশাপাশি জলবায়ু পরিবর্তন ও কৃত্রিম বুদ্ধিমত্তার মতো নতুন চ্যালেঞ্জ মোকাবিলায় জাতিসংঘ কাজ করছে বলেও উল্লেখ করেন তিনি। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৯.২০২৬ আসাদ)

## হামের বিশেষ টিকা ক্যাম্পেইন শুরু হচ্ছে ২৫ সেপ্টেম্বর

চলতি মাসের ২৫ তারিখ থেকে দেশব্যাপী হামের বিশেষ টিকা ক্যাম্পেইন শুরু হবে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। বৃহস্পতিবার সকালে আত্মহত্যা প্রতিরোধ দিবস উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৯.২০২৬ আসাদ)

## বাংলা কিউআরে সপ্তাহে লেনদেন ছাড়াল ৭০০ কোটি টাকা

এক দেশ, এক কিউআর, ব্যবস্থা চালুর পর দেশে বাংলা কিউআরের মাধ্যমে ডিজিটাল লেনদেন দ্রুত বাড়ছে। বাংলাদেশ ব্যাংকের তথ্যানুযায়ী, বর্তমানে বাংলা কিউআরে প্রতিদিন গড়ে প্রায় ১২০ কোটি টাকা লেনদেন হচ্ছে। সপ্তাহে এ লেনদেনের পরিমাণ ৭০০ কোটি টাকা ছাড়িয়ে গেছে। লেনদেনের সংখ্যা ও আর্থিক মূল্য দুই ক্ষেত্রেই বাংলা কিউআরের ব্যবহার উল্লেখযোগ্যভাবে বেড়েছে। জুলাইয়ের শুরুতে প্রতিদিন যেখানে গড়ে প্রায় ১ লাখ ৭৮ হাজার লেনদেন হতো, আগস্টের মাঝামাঝি সময়ে তা বেড়ে প্রায় ৩ লাখ ৩ হাজারে দাঁড়ায়। একই সময়ে দৈনিক লেনদেনের আর্থিক পরিমাণ প্রায় তিন গুণ বেড়েছে। চলতি বছরের ১ জুলাই দেশে বাধ্যতামূলক `এক দেশ, এক কিউআর, ব্যবস্থা চালুর সিদ্ধান্ত নেয় বাংলাদেশ ব্যাংক। এর ধারাবাহিকতায় সারাদেশে বাংলা কিউআরের কার্যক্রম শুরু হয়। কেন্দ্রীয় ব্যাংকের সিদ্ধান্তের পর বিভিন্ন ব্যাংক ও মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রতিষ্ঠান নিজস্ব কিউআর কোডের পরিবর্তে বাংলা কিউআরের সঙ্গে যুক্ত হয়। ফলে শপিংমল থেকে শুরু করে ছোট দোকান ও ফুটপাতের ব্যবসায়ী পর্যন্ত একটি অভিন্ন কিউআর কোড ব্যবহারের সুযোগ তৈরি হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৯.২০২৬ আসাদ)

## বঙ্গোপসাগরে লঘুচাপ, পায়রাসহ চার সমুদ্রবন্দরে ৩ নম্বর সতর্ক সংকেত

উত্তর-পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উপকূলীয় এলাকায় সৃষ্ট লঘুচাপের প্রভাবে পটুয়াখালীর কুয়াকাটা সংলগ্ন বঙ্গোপসাগর উত্তাল হয়ে উঠেছে। উপকূলে আছড়ে পড়ছে বড় বড় ঢেউ। আকাশ রয়েছে ঘন মেঘাচ্ছন্ন।বৃহস্পতিবার সকাল থেকে জেলার বিভিন্ন এলাকায় গুঁড়ি গুঁড়ি থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাত হচ্ছে।আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী, লঘুচাপের প্রভাবে উপকূলীয় এলাকায় দমকা অথবা ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এ কারণে পায়রা, চট্টগ্রাম, কক্সবাজার ও মোংলা সমুদ্রবন্দরকে ৩ নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে। একই সঙ্গে উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারগুলোকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচলের পরামর্শ দেওয়া হয়েছে। লঘুচাপের প্রভাবে সমুদ্র আরও উত্তাল হওয়ার আশঙ্কা রয়েছে। মৎস্য সংশ্লিষ্টরা জানান, গভীর সমুদ্রে থাকা অনেক মাছ ধরার ট্রলার এখনো উপকূলে ফিরে আসেনি। আবহাওয়া পরিস্থিতির অবনতি হলে এসব ট্রলারকে দ্রুত নিরাপদ আশ্রয়ে ফেরার প্রয়োজন হতে পারে। পটুয়াখালী জেলা আবহাওয়া অফিসের ভারপ্রাপ্ত কর্মকর্তা মাহবুবা সুখী বাসসকে বলেন, `লঘুচাপের প্রভাবে উপকূলীয় এলাকায় বৃষ্টিপাতের পরিমাণ বাড়তে পারে। একই সঙ্গে দমকা অথবা ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে।, এদিকে আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাসে আগামী কয়েক দিন দেশের বিভিন্ন এলাকায় বৃষ্টি ও কোথাও কোথাও ভারী বর্ষণের সম্ভাবনার কথা বলা হয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৯.২০২৬ আসাদ)

## প্রধান বিচারপতিকে বার সভাপতির এক মাসের আল্টিমেটাম

আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগকে দুর্নীতিমুক্ত করতে প্রধান বিচারপতি জুবায়ের রহমান চৌধুরীরৎপ্রতি কার্যকর উদ্যোগ নেয়ার জোর আহ্বান জানিয়েছেন, সুপ্রিম কোর্ট আইনজীবী সমিতির সভাপতি ব্যারিস্টার এ এম মাহবুব উদ্দিন খোকন। এ বিষয়ে দৃশ্যমান পদক্ষেপ নিতে প্রধান বিচারপতিকে এক মাসের সময় বেঁধে দিয়ে তিনি হুঁশিয়ারি দিয়েছেন,

অন্যথায় সাধারণ আইনজীবীদের সঙ্গে নিয়ে কঠোর আন্দোলন গড়ে তোলা হবে। বৃহস্পতিবার সুপ্রিম কোর্ট এনেক্স ভবনের সামনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ আল্টিমেটাম দেন। সংবাদ সম্মেলনে ব্যারিস্টার মাহবুব উদ্দিন খোকন বলেন, ‵বিগত সরকারের আমলে হাইকোর্ট বিভাগে অনেক বিচারপতি একটি নির্দিষ্ট রাজনৈতিক দলের হয়ে কাজ করেছেন। বিচারাঙ্গনের স্বচ্ছতা ও মর্যাদা ফিরিয়ে আনতে ওইসব দলীয় বিচারপতির বিরুদ্ধে অবিলম্বে সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিল গঠন করতে হবে।, বিচার বিভাগের বিভিন্ন প্রশাসনিক সংস্কারের দাবি জানিয়ে তিনি আরও বলেন, ‵আগামী এক মাসের মধ্যে সুপ্রিম কোর্ট প্রাঙ্গণের বস্তি উচ্ছেদসহ সার্বিক পরিবেশের শৃঙ্খলা নিশ্চিত করতে হবে।, সম্প্রতি প্রধান বিচারপতির সাথে এক শুনানিতে উদ্ভূত পরিস্থিতি প্রসঙ্গে বার সভাপতি বলেন, ‵অ্যাটর্নি জেনারেল সাধারণ আইনজীবীদের স্বার্থের বিপক্ষে অবস্থান নিয়েছেন।, সংকটময় মুহূর্তে অ্যাটর্নি জেনারেলের কাছ থেকে এমন বক্তব্য কোনোভাবেই গ্রহণযোগ্য নয় বলেও তিনি মন্তব্য করেন।

(রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৯.২০২৬ আসাদ)

## ডেঙ্গু কেড়ে নিল আরো ৬ প্রাণ, হাসপাতালে ১৪৯২

গত ২৪ ঘণ্টায় ডেঙ্গু আক্রান্ত হয়ে ছয়জনের মৃত্যু হয়েছে। একই সময়ে ডেঙ্গু আক্রান্ত হয়ে দেশের বিভিন্ন হাসপাতালে এক হাজার ৪৯২ জন ভর্তি হয়েছে। বৃহস্পতিবার স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোলরুম থেকে পাঠানো ডেঙ্গুবিষয়ক এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

(রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৯.২০২৬ আসাদ)

## আগামী শনিবার স্থায়ী কমিটির বৈঠক ডেকেছে বিএনপি

দলের সর্বোচ্চ নীতিনির্ধারণী ফোরাম জাতীয় স্থায়ী কমিটির বৈঠক ডেকেছে বিএনপি। আগামী শনিবার রাতে রাজধানীর গুলশানে বিএনপির চেয়ারম্যানের রাজনৈতিক কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হওয়ার কথা রয়েছে। দলীয় সূত্রে জানা গেছে, সরকার গঠনের পর শনিবার তৃতীয়বারের মতো স্থায়ী কমিটির বৈঠকে বসতে যাচ্ছে বিএনপি। একই সঙ্গে সম্প্রতি স্থায়ী কমিটিতে যুক্ত হওয়া চার নতুন সদস্যকে নিয়ে এটিই হবে প্রথম বৈঠক। নতুন সদস্যরা হলেন‘রুহুল কবির রিজভী, আমান উল্লাহ আমান, অধ্যাপক ডা. ফরহাদ হালিম ডোনার ও ইসমাইল জবিহউল্লাহ। বৈঠকে আসন্ন স্থানীয় সরকার নির্বাচন, দেশের সার্বিক রাজনৈতিক পরিস্থিতি এবং দলীয় বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হতে পারে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে। (রেডিও টুডে ওয়েব পেজ:১০.০৯.২০২৬ আসাদ)

# BBC

## TRUMP SAYS ADULT AMERICAN WILL GET $5,000 IF REPUBLICANS WIN MIDTERMS

US President Donald Trump says he would offer every adult American a $5,000 payout if Republicans win both chambers of Congress in November's midterm elections - a plan that would cost more than a trillion dollars. The offer was made in a speech at the party's first-ever convention in the middle of a US presidential term. He gave no details on how it would work or be funded - saying only that the money would have to be spent in the US. Vice-President JD Vance has linked the plan to the revenue that Trump has raised from US tariffs on imported goods. Democrats labelled it an "empty promise" and others questioned whether such a pledge was legal or feasible. It may be the first time a US president offered such a payout to Americans, in the context of an election year plea to get out and vote.

(BBC News Web Page: 10/09/26, FARUK)

## IRAN WAR WON'T END UNTIL AFTER CRUCIAL NOVEMBER ELECTIONS: TRUMP

US President Donald Trump has said he does not think the Iran war will end until after November's midterm elections, adding that oil prices will not come down until then. "I think the war's going to end immediately after the election because they can't hold out any longer," Trump said of Iran's leaders on Wednesday. He made the comments as he headed to Texas for the Republican Party's first midterm election convention - and repeated them there, arguing that short-term economic pain was worth it to prevent Iran from developing nuclear weapons. Trump is facing falling polling numbers and pressure from within his party to end the war, which began when the US and Israel attacked Iran in February.

(BBC News Web Page: 10/09/26, FARUK)

## FIVE DEAD AND 86 MISSING FIRE BREAKS OUT ON PHILIPPINES FERRY

At least five people have died and 86 are missing after a fire broke out on a ferry in the Philippines, the country's coastguard said. The MV June Aster, which set off from Manila ferrying 117 passengers and 17 crew members, was nearing its destination at the tourist hotspot of Coron when it caught fire. The blaze, which erupted at 18:45 local time Wednesday, was still burning as of 11:00 on Thursday. The strong currents and thick smoke

were a challenge to those working to extinguish it, the coastguard said. A survivor said he floated in the sea for two hours before he got rescued. "It was cold. If the rescue had been delayed, I would definitely have died," Roland Lerma told the BBC.
(BBC News Web Page: 10/09/26, FARUK)

**TWENTY-FIVE DEAD AFTER FIRE ON CARGO SHIP IN EASTERN CHINA**

Twenty-five people have been killed in a fire on a foreign-flagged cargo ship docked at a port in eastern China, according to Chinese state broadcaster CCTV. Of the 42 people on board, 17 were evacuated of which five are in hospital in stable condition, CCTV reports. The vessel was undergoing maintenance at a shipyard in the city of Qingdao when the blaze erupted at around 11:15 local time. It was put out just over three hours later, according to CCTV. Photos released by state media showed the vessel to be the Ocean Melody, a 190m long Liberia-flagged carrier which arrived in Qingdao on 31 August, access to tracking site MarineTraffic. (BBC News Web Page: 10/09/26, FARUK)

**SPANISH INTELLIGENCE WARNED OF CEUTA MASS CROSSING PLANS**

Spanish intelligence services warned of social media calls for a mass migrant crossing into Ceuta the day before tens of thousands of people entered the territory, newly released government documents show. The revelations emerged in documents declassified by the Spanish government amid accusations it failed to give the full story of the migrant influx. On 29 July, Spain's National Intelligence Service (CNI) told Moroccan and Ceuta authorities that social media groups were encouraging migrants to cross the following day. Prime Minister Pedro Sanchez has insisted that the events of 30 July were impossible to predict, but opposition parties say the documents show the government misled Spaniards. Sanchez had previously told parliament that there was "no information that conveyed the magnitude" of the "crisis we were going to suffer" on the last two days of July.
(BBC News Web Page: 10/09/26, FARUK)

**DRUG USE MAY HAVE BEGUN 25,000 YEARS AGO IN INDONESIA: RESEARCH FINDS**

Humans may have been using mind-altering substances far earlier than scientists had once thought, new research indicates. The evidence shows that betel nuts were used as drugs by some Indonesian communities up to 25,000 years ago. Scientists from Griffith University in Australia found unusual patterns in the skeletal remains of early human foragers, which they linked to the sucking of betel nuts. Professor Adam Brumm, who led the research, said this may be the"earliest evidence for drug use anywhere in the world ". In the new study, published in Science Advances, the researchers reported the discovery of rare skeletal remains of two early human foragers from the Indonesian island of Slaw. One dated to 25,000-16,000 years ago and the other to 7,600-6,300 years ago.
(BBC News Web Page: 10/09/26, FARUK)

**IRAN REFERRED TO UN SECURITY COUNCIL FOR NUCLEAR NON-COMPLIANCE**

The UN nuclear watchdog has referred Iran to the Security Council for "non-compliance" with its obligations under the non-proliferation treaty - the first such move in 20 years. The board of governors of the International Atomic Energy Agency (IAEA) passed a resolution at a meeting in Vienna. It cites a lack of information on Iran's nuclear material such as its stockpile of highly enriched uranium, and the lack of access to nuclear facilities for IAEA inspectors. Tehran condemned the IAEA decision, blaming US and israeli strikes on its nuclear facilities for disrupting inspections. New sanctions are nonetheless unlikely because Iran's allies China and Russia have veto powers in the council. The IAEA resolution - tabled by the UK, France, Germany and the US - was backed by 23 countries, with eight abstentions. China, Russia and Niger voted against. The document asks IAEA chief Rafael Grossi to report Iran to the Security Council. (BBC News Web Page: 10/09/26, FARUK)

::THE END::